জন্মশতবার্ষিক-সংস্করণম্

মহর্ষি-শ্রীকৃষ্ণদ্বৈপায়নবেদব্যাস-প্রণীতম্

দর্শনাচার্য্য

শ্রীমন্নীলকণ্ঠকৃতয়া ভারতভাবদীপ-

সমাখ্যয়া টীকয়া

মহামহোপাধ্যায়-পদ্মভূষণ-মহাকবি-ভারতাচার্য্যেণ

শ্রীমদ্ হরিদাস সিদ্ধান্তবাগীশ ভট্টাচার্য্যেণ প্রণীতয়া

ভারতকৌমুদীসমাখ্যয়া টীকয়া তৎকৃত-

বঙ্গানুবাদেন চ সহিতম্

কলিকাতা-৯

প্রথম প্রকাশ : ১৩৬৮ বঙ্গাব্দ

প্রকাশক :
ব্রজকিশোর মণ্ডল
বিশ্ববাণী প্রকাশনী
৭৯/১বি, মহাত্মা গান্ধী রোড
কলিকাতা ৯

মুদ্রক :
নিউ শশী প্রেস
অশোককুমার ঘোষ
১৬, হেমেন্দ্র সেন স্ট্রীট
কলিকাতা ৬

দাম : ৩০.০০

জন্ম : ৭ই কার্তিক, ১২৮৩

প্রকাশকের নিবেদন

'মহাভারতম্' মহামহোপাধ্যায়-পদ্মভূষণ-ভারতাচার্য্য-মহাকবি শ্রীমদ্ হরিদাসসিদ্ধান্তবাগীশ মহাশয়ের তপস্যালব্ধ অমৃতময় ফল। সে আশ্চর্য্য তপশ্চর্য্যার কাহিনী আজ সকলেই জানেন। প্রায় একুশ বছর তিনি ছিলেন 'মহাভারতম্'-এর তপস্যায় মগ্ন—এবং সে একক ও দুশ্চর তপস্যায় তাঁর পাণ্ডিত্য ও প্রজ্ঞার সঙ্গে মিলিত হয়েছিল অসীম ধৈর্য্য, অশেষ নিষ্ঠা ও অলৌকিক আয়াস। ফলে তিনি আমাদের জন্য রেখে গেছেন তাঁর 'মহাভারতম্'—এক আশ্চর্য্য ঐশ্বর্য্য। 'মহাভারতম্'-এর দ্বিতীয় সংস্করণ প্রকাশনার মূলে আছে আমাদের সেই জাতীয় ঐশ্বর্য্য সংরক্ষণের এবং জন্মশতবর্ষপূর্তি উপলক্ষে কবি হরিদাসের প্রতি শ্রদ্ধাঞ্জলি নিবেদন করার পুণ্য প্রেরণা ও প্রয়াস। সুধীজনের সানন্দ সমর্থনে আমাদের প্রয়াস সার্থক হোক—এইমাত্র কামনা।

নিবেদন

করুণাময় পরমেশ্বরের অনুগ্রহে মহাভারতের আদিপর্ব্ব প্রকাশিত হইল। ইহা আমার মৌখিক উক্তিমাত্র নহে, আন্তরিক দৃঢ় বিশ্বাস। কেন না, আমি দরিদ্র এবং এ পর্য্যন্ত কোন ধনী লোকও আমার সহায় হন নাই। সুতরাং বেতন দিয়া কোন উপযুক্ত পণ্ডিত বা কর্ম্মচারী রাখিয়া যে প্রয়োজনীয় কার্য্যের সাহায্য লইব, তাহার কোন সম্ভাবনাই নাই। অতএব আমার অন্যান্য গ্রন্থের ন্যায় এ মহাভারতেরও মূল পর্য্যালোচনা, সুবিবেচিত সম্পূর্ণ মূল লেখা, নূতন টীকা ও বঙ্গানুবাদ রচনা এবং শেষ প্রুফটী সংশোধন করা, এ সমস্তই একমাত্র আমাকেই করিতে হইয়াছে। সুতরাং এইরূপ প্রাণান্ত পরিশ্রম করিয়াও আমি সুস্থ শরীরে এবং বিনা বিঘ্নে আদিপর্ব্ব প্রকাশ করিতে পারিয়াছি। তা'র পর, নিজের অর্থ না থাকায় গ্রাহকমহোদয়গণের প্রদত্ত অর্থের উপরেই সম্পূর্ণ নির্ভর করিয়া এই বিরাট ব্যাপারে হস্তক্ষেপ করিয়াছি। তাহাতে এমন অনেক সময় গিয়াছে, যখন গ্রাহকমহোদয়গণের নিকট হইতেও প্রয়োজনীয় অর্থ সংগৃহীত হয় নাই, বা অন্য কোন প্রকারেও প্রয়োজনীয় অর্থ সংগ্রহ করিবার উপায় দেখি নাই, উদ্বেগে অধীর হইয়া পড়িয়াছি, তখন অতর্কিতভাবে কোথা হইতে যেন প্রয়োজনীয় অর্থ আসিয়া উপস্থিত হইয়াছে। অতএব এইরূপ ঘটনা একমাত্র পরমেশ্বরের অনুগ্রহ ব্যতীত কখনই সম্ভবপর নহে, ইহা বাধ্য হইয়াই স্বীকার করিতে হইবে। এখন—সেই সর্ব্বশক্তিমান্ পরমেশ্বরের এইরূপ অনুগ্রহই গ্রন্থসমাপ্তিপর্য্যন্ত অক্ষুণ্ণ থাকে, ইহাই প্রার্থনা।

পরমেশ্বরের অনুগ্রহমাত্র ভরসা।

একটীমাত্র লোকের বহুসংখ্যক পুস্তক পর্য্যালোচনা করা অত্যন্ত অসম্ভব মনে করিয়া বিভিন্ন-দেশীয় **চারিখানি মাত্র** পুস্তক আদর্শ লইয়াছি; তাহার মধ্যে আমার পিতামহ অদ্বিতীয় পৌরাণিক ৺কালীচন্দ্রবাচস্পতি-মহাশয় স্বহস্তে যে পুস্তকখানি লিখিয়া রাখিয়া গিয়াছেন এবং যে পুস্তকখানি অন্যূন কুড়িবার প্রধান প্রধান পণ্ডিতগণের পাঠকতায় ও ধারকতায় ব্যবহৃত ও পর্য্যালোচিত হইয়া গিয়াছে, সেই পুস্তকখানিই আমার প্রধান আদর্শ; তদ্ভিন্ন দাক্ষিণাত্য কুম্ভঘোণ হইতে প্রকাশিত পুস্তক, পণ্ডিতপ্রবর ৺কালীবরবেদান্তবাগীশমহাশয়সম্পাদিত পুস্তক এবং বঙ্গবাসী কার্য্যালয় হইতে প্রকাশিত পুস্তক, এই তিনখানি পুস্তকও আদর্শরূপে সর্ব্বদা ব্যবহৃত হইয়া থাকে। এই চারিখানি পুস্তক পর্য্যালোচনা করার পরেও যখন যখন সন্দেহ থাকিয়া যায়, তখন তখনই বর্দ্ধমান-মহারাজের প্রকাশিত পুস্তক এবং সোসাইটী হইতে প্রকাশিত পুস্তকপ্রভৃতিও পর্য্যালোচনা করা হইয়া থাকে। উক্ত চারিখানি পুস্তকের মধ্যে দাক্ষিণাত্য-পুস্তকে ঋষিপরিগণিত অপেক্ষা অধ্যায় ও শ্লোক উভয়ই অধিক; অপর কয়খানি পুস্তকে অধ্যায় অধিক, শ্লোক কম; অধ্যায়ের মিল প্রায়ই নাই, শ্লোক ও শব্দের মিল প্রায়ই আছে এবং শ্লোকাঙ্কের মিল প্রায়ই নাই, উপাখ্যানের মিল প্রায়ই আছে; আর হস্তলিখিত পুস্তকে শ্লোকাঙ্ক নাই।

আদর্শ পুস্তক।

পুস্তকসমূহের এইরূপ অসামঞ্জস্যের কারণ অনুসন্ধান করিতে প্রবৃত্ত হইলে ইহাই বুঝা যায় যে, এই গ্রন্থ প্রায় পাঁচ হাজার বৎসর পূর্ব্বে রচিত হইয়াছিল; সেই সময় হইতে মুদ্রাযন্ত্র প্রচলনের পূর্ব্ব সময়পর্য্যন্ত হস্তলিখিত পুস্তকই সর্ব্বত্র ব্যবহৃত হইত। তাহাতে বিভিন্ন দেশের বিভিন্ন ভাষার অক্ষরগত বৈষম্য ত চিরদিনই আছে, একই দেশের একই ভাষার হস্তাক্ষরের মধ্যেও কালভেদে যথেষ্ট বৈষম্য হইয়া আসিতেছে এবং ব্যক্তিভেদেও বিশেষ বৈষম্য হইয়া থাকে। সুতরাং প্রাচীন হস্তলিখিত আদর্শ পুস্তকের সমস্ত অক্ষর বুঝিতে না পারায় অভিজ্ঞ লেখকের হস্তলিখিত নূতন পুস্তকে প্রথম শব্দের বৈষম্য হইতে আরম্ভ হইয়াছিল। তা'র পর, হস্তলিখিত পুস্তকের বহুল প্রচার হইতে পারে না বলিয়া হয় ত পঞ্চাশ ক্রোশের মধ্যে একখানি মাত্র পুস্তক থাকিত; সে খানিও কালক্রমে ছিন্নপত্র ও কীটদষ্ট হইয়া যাইত; সেই পুস্তক আদর্শ করিয়া নূতন পুস্তক লিখিতে আরম্ভ করায় ছিন্নপত্রস্থানে অনন্যোপায় হইয়া সাহসী লেখক অধ্যায়সমাপ্তি লিখিয়া বসিতেন; কিন্তু সে অধ্যায়সমাপ্তির পূর্ব্বের ও পরের কতকগুলি শ্লোক লিখিতে পারিতেন না; আর কীটদষ্টস্থানে প্রকৃত শব্দ বুঝিতে না পারিয়া নিজের বিবেচনা অনুসারে সঙ্গত শব্দ লিখিয়া যাইতেন; তাহাতেই সেই নূতন পুস্তকে অধ্যায় বেশী, শ্লোক কম এবং শব্দগত পাঠান্তর ঘটিয়া থাকিত; তা'র পর অনেক কাল অতীত হইলে, অন্য পুস্তকের সহিত মিলাইতে আরম্ভ করিলেই সেই অসামঞ্জস্য ধরা পড়িত। আর, কথকমহাশয়েরা সভাগণের মনোরঞ্জন করিবার জন্য মূলের সহিত সামঞ্জস্য রাখিয়া, নূতন নূতন শ্লোক রচনা করিয়া, মূল পুস্তকের মধ্যে ভিন্ন ভিন্ন স্থানে ক্রোড়পত্র করিয়া রাখিয়া দিতেন; সেই কথকমহাশয়দের অভাব হইলে, লেখকেরা সেই নূতন শ্লোকগুলিকেও মূলের ভিতরে লিখিয়া ফেলিতেন। এই কারণেই শ্লোকসংখ্যা অধিক হইতে আরম্ভ হইয়াছিল। তদ্ভিন্ন, স্বার্থান্ধ লোকেরা যে ইচ্ছাপূর্ব্বক সর্ব্বত্রই প্রক্ষিপ্ত করিয়া এই অসামঞ্জস্য ঘটাইয়া গিয়াছে, বা একেবারেই প্রক্ষিপ্ত হয় নাই, ইহা আমরা বলিতে চাহি না। সুতরাং গ্রন্থকারও আসিয়া প্রতিবাদ করিতে পারিবেন না, কিংবা গ্রন্থও কথা বলিতে পারিবে না, এইরূপ সুবিধা বুঝিয়া অনেক সমালোচকই যে প্রায় সর্ব্বত্রই প্রক্ষিপ্তবাদের অবতারণা করেন এবং প্রক্ষিপ্ত অংশ বুঝিবার উপায়ও নির্দ্দেশ করিয়া থাকেন, তাহা আমরা গুরুতর-ভ্রম-বিজৃম্ভিত বলিয়াই মনে করি এবং যাঁহারা এতকাল পরে সেই বেদব্যাসপ্রণীত খাঁটি মূল অংশ বাছিয়া বাহির করিবার চেষ্টা করেন, তাঁহারাও আকাশকুসুম নির্ম্মাণেরই চেষ্টা করেন, ইহাও আমরা সাহস করিয়া বলিতে পারি। তবে, পুস্তকে সহস্র বৈষম্য থাকিলেও ভগবানের গুণানুবাদ এবং সজ্জনের চরিত্রবর্ণন আছে বলিয়া এই গ্রন্থপাঠ করিলে ধর্ম্মও হইবে এবং ঐতিহাসিক তথ্যও পাওয়া যাইবে, ইহা আমাদের দৃঢ় বিশ্বাস। কেন না, ভেজাল ঘী ব্যবহার করিলেও শরীরের উপকার হয় এবং তাম্রমিশ্রিত স্বর্ণালঙ্কার ধারণ করিলেও সুন্দর দেখা যায়।

পুস্তকসমূহের অসামঞ্জস্যের কারণ।

আমার মত অজ্ঞ বা অল্পজ্ঞ লোকের এইরূপ অসাধারণ দুষ্কর কার্য্যে হস্তক্ষেপ করা যে অত্যন্ত দুঃসাহসের কার্য্য, তাহা আমি বেশ বুঝিয়াছিলাম; তথাপি, অদ্বিতীয় পৌরাণিক পিতামহদেব ৺কালীচন্দ্র বাচস্পতিমহাশয়ের নিকট পাঠ্য অবস্থায় যে অমূল্য উপদেশ পাইয়াছিলাম এবং যে উপদেশ—পিতৃদেব ৺সর্ব্বাবয়বিদ্যালঙ্কারমহাশয়ের ও পিতৃব্যগণের উপদেশ দ্বারা পরিপুষ্ট হইয়াছিল, সেই উপদেশের উপর নির্ভর করিয়াই এই ভারত-

এই সংস্করণের বিশেষত্ব

কৌমুদীটীকা ও বঙ্গানুবাদ রচনা করিতে প্রবৃত্ত হইয়াছি এবং কতিপয় ধার্ম্মিক প্রধান পণ্ডিতের পরামর্শ অনুসারে মূলগ্রন্থ প্রকাশ করিতেছি। তা'র পর, অন্যান্য প্রকাশকের ন্যায় আমিও অনেক আদর্শ পুস্তকের অনুসরণ করিয়াই এই সংস্করণ প্রকাশ করিতে প্রবৃত্ত হইয়াছি; তবে, এই সংস্করণের বিশেষত্ব এই যে, স্বয়ং মহর্ষি আদিপর্ব্বের দ্বিতীয় অধ্যায়ে যে পর্ব্বে যতগুলি অধ্যায় ও শ্লোক আছে বলিয়া লিখিয়া গিয়াছেন, তাহার সহিত সম্পূর্ণ মিল রাখিবার চেষ্টা করা হইতেছে; তাহাতে ভিন্ন ভিন্ন স্থানে ভিন্ন ভিন্ন পুস্তকের অনুসরণ করিতে হইতেছে। এই জন্যই এই আদিপর্ব্বে সেই ঋষিপরিগণিত অধ্যায় ও শ্লোকসংখ্যার সম্পূর্ণ মিল দেখা যাইবে; সে বিষয়ে পাঠকমহাশয়গণের সুবিধার জন্য স্থানান্তরে অধ্যায় ও শ্লোকসংখ্যার একটা তালিকা প্রদত্ত হইল।

ভারতকৌমুদীটীকায় প্রত্যেক শ্লোকেরই অন্বয়মুখে সম্পূর্ণ ব্যাখ্যা করিয়া যাইবার একান্ত ইচ্ছা ছিল এবং সেইভাবে যযাতির উপাখ্যানপর্য্যন্ত ব্যাখ্যা করাও হইয়াছে; কিন্তু তাহাতে গ্রন্থকলেবর অত্যন্ত বৃদ্ধি পাইতেছে বলিয়া গ্রাহকমহোদয়গণের মধ্যে অনেকেই বিশেষ আপত্তি করায় এবং সরল শ্লোকের ওরূপ ব্যাখ্যার প্রয়োজন না থাকায় পরবর্ত্তী ভারতকৌমুদীটীকায় প্রত্যেক শ্লোকের বিশেষ বিশেষ স্থানেরই ব্যাখ্যা করা হইয়াছে; কিন্তু একটু কঠিন শ্লোক হইলেই তাহার অন্বয়মুখে সম্পূর্ণ ব্যাখ্যা লেখা হইয়াছে। তদ্ভিন্ন সর্ব্বত্রই ভাব, যুক্তি, উপপত্তি ও সমালোচনা প্রদর্শিত হইয়াছে। কিন্তু এ টীকায় একটি শ্লোকও বাদ দেওয়া হয় নাই।

বঙ্গানুবাদটীকে সরল, সুখপাঠ্য, অথচ মূলানুগত করিবার জন্য যথাশক্তি চেষ্টা করা হইয়াছে। তবে, যে স্থানে মূলানুগত করিবার কোনই উপায় ছিল না, সেই স্থানেই তাৎপর্য্যানুবাদ করা হইয়াছে।

উক্ত **চারিখানি** আদর্শ পুস্তকের মধ্যে যে স্থানে যে খানির পাঠ সঙ্গত বলিয়া মনে হইয়াছে, সে স্থানে সেই খানির পাঠই মূলে সন্নিবেশিত করিয়া অপর পাঠ নিম্নে লিখিত হইয়াছে।

বলা বাহুল্য যে, এই নিয়মগুলি পরবর্ত্তী পর্ব্বগুলিতেও অনুসৃত হইবে।

পরিশেষে বক্তব্য এই যে, যাঁহারা এই বিরাট ব্যাপারে অর্থসাহায্য করিয়া বা নিঃস্বার্থভাবে গ্রাহক সংগ্রহ করিয়া দিয়া বিশেষ আনুকূল্য করিয়াছেন, সেই মহাত্মাদের নিকট আমি চিরকৃতজ্ঞ রহিলাম। আর আমার সাহিত্যদর্পণের টীকার প্রথমে যে শ্লোকটা লিখিয়াছি, এই স্থানে দৃঢ়তার সহিত সেই শ্লোকটার পুনরায় উল্লেখ করিতেছি—

"দোষাকরঃ পরবিকাসপরং বিলোক্য তুষ্যন্তি যেঽল্পগুণমাত্রদৃশঃ সুধীরাঃ।
দোষান্বিতামপি রভামপরপ্রকাশে টীকাং বিধাতুমিহ মে পরমাশ্রয়াস্তে॥" ইতি।

চিরবিধেয়—

শ্রীহরিদাসদেবশর্ম্মা

৪১নং পুরিলেন, কলিকাতা।

২২শে আষাঢ়, ১৩৩৮ সাল

পাণ্ডবগণের কুলপঞ্জিকা। *

	পুরুষের নাম		স্ত্রীর নাম
১।	নারায়ণ		
২।	ব্রহ্মা		
৩।	মরীচি		
৪।	কশ্যপ	...	অদিতি
৫।	বিবস্বান্		
৬।	মনু		
৭।	ইলা		
৮।	পুরূরবাঃ	...	উর্ব্বশী
৯।	আয়ু		
১০।	নহুষ		
১১।	যযাতি	...	শর্ম্মিষ্ঠা
১২।	পুরু	...	কৌশল্যা
১৩।	জনমেজয়	...	অনন্তা
১৪।	প্রাচীন্বান্	...	অশ্মকী
১৫।	সংযাতি	...	বরাঙ্গী
১৬।	অহংযাতি	...	ভানুমতী
১৭।	সার্ব্বভৌম	...	সুনন্দা
১৮।	জয়ৎসেন	...	সুশ্রবা
১৯।	অবাচীন	...	মর্য্যাদা
২০।	অরিহ	...	আঙ্গী
২১।	মহাভৌম	...	সুযজ্ঞা
২২।	অযুতানায়ী	...	কামা
২৩।	অক্রোধন	...	করম্ভা
২৪।	দেবাতিথি	...	মর্য্যাদা
২৫।	অরিহ	...	সুদেবা
২৬।	ঋক্ষ	...	জ্বলা
২৭।	মতিনার	...	সরস্বতী
২৮।	তংসু	...	কালিঙ্গী
২৯।	ঈলিন	...	রথন্তরী
৩০।	দুষ্মন্ত	...	শকুন্তলা
৩১।	ভরত	...	সুনন্দা
৩২।	ভূমন্যু	...	বিজয়া
৩৩।	সুহোত্র	...	সুবর্ণা
৩৪।	হস্তী	...	যশোধরা
৩৫।	বিকুণ্ঠন	...	সুদেবা
৩৬।	অজমীঢ়	...	কৈকেয়ী
৩৭।	সম্বরণ	...	তপতী
৩৮।	কুরু	...	শুভাঙ্গী
৩৯।	বিদূরথ	...	সম্প্রিয়া
৪০।	অনশ্বা	...	অমৃতা
৪১।	পরিক্ষিৎ	...	সুযশা
৪২।	ভীমসেন	...	কুমারী
৪৩।	প্রতিশ্রবা	...	—
৪৪।	প্রতীপ	...	সুনন্দা
৪৫।	শান্তনু	...	সত্যবতী
৪৬।	বিচিত্রবীর্য্য	...	অম্বালিকা
৪৭।	পাণ্ডু	...	কুন্তী
৪৮।	অর্জ্জুন	...	সুভদ্রা
৪৯।	অভিমন্যু	...	উত্তরা
৫০।	পরীক্ষিৎ	...	মাদ্রবতী
৫১।	জনমেজয়	...	বপুষ্টমা
৫২।	শতানীক	...	বৈদেহী
৫৩।	অশ্বমেধদত্ত	...	(বালক)

* মহাভারত, আদিপর্ব্ব, ৯৫ অধ্যায়ে পর্য্যায়ক্রমে এই বিবরণ লিখিত আছে।

পাঠক্রমে মহাভারতের বৃহৎ সূচীপত্র।

—:*:—

আদিপর্ব্ব।

—:*:—

* আস্তীকপর্ব্বসমাপ্তিপর্য্যন্ত প্রথম অংশ যে মহাভারতের প্রস্তাবনা, ইহা এই ৫২ শ্লোকের ভারতকৌমুদী-টীকায় সূচিত আছে।

* ১০৩ পৃষ্ঠায় অক্ষৌহিণীর সংখ্যা বিশদভাবে দেখান হইয়াছে।

পাঠক্রমে আদিপর্ব্বের বৃহৎ সূচীপত্র

* এই বিবাহ যে প্রতিলোমবিবাহের দৃষ্টান্ত নহে, তাহা [illegible] ৪৫ শ্লোকের ভারতকৌমুদীটীকায় প্রদর্শিত করা হইয়াছে।

বিষয়	পৃষ্ঠাঙ্ক	শ্লোকাঙ্ক
বিষয়	পৃষ্ঠাঙ্ক	শ্লোকাঙ্ক

* পুরুষের অনেক ভার্য্যা হইতে পারে ; কিন্তু স্ত্রীর অনেক পতি হইতে পারে না—ইহার সুন্দর যুক্তি ৩৩তম শ্লোকের ভারতকৌমুদীটীকায় প্রকাশিত হইয়াছে ।

* উলূপী যে বিধবা ছিল না, এই বিষয়টা অগ্রিম ২০ শ্লোকের ভারতকৌমুদীটীকায় প্রমাণ করা হইয়াছে।

* অর্জ্জুনের সুভদ্রাপরিণয় শাস্ত্রসম্মতই হইয়াছিল, এই বিষয় ভজত্য ২৫ শ্লোকের ভারতকৌমুদীটীকায় প্রকাশ লিখিত হইয়াছে।

* এই ৪ শ্লোকের ভারতকৌমুদী—টীকায় আখ্যায়িকার আধ্যাত্মিক ব্যাখ্যা আছে।

মহাভারতের অষ্টাদশ পর্ব্বের নাম।

১। আদিপর্ব্ব।
২। সভাপর্ব্ব।
৩। বনপর্ব্ব।
৪। বিরাটপর্ব্ব।
৫। উদ্‌যোগপর্ব্ব।
৬। ভীষ্মপর্ব্ব।
৭। দ্রোণপর্ব্ব।
৮। কর্ণপর্ব্ব।
৯। শল্যপর্ব্ব।
১০। সৌপ্তিকপর্ব্ব।
১১। স্ত্রীপর্ব্ব।
১২। শান্তিপর্ব্ব।
১৩। অনুশাসনপর্ব্ব।
১৪। আশ্বমেধিকপর্ব্ব।
১৫। আশ্রমবাসিকপর্ব্ব।
১৬। মৌসলপর্ব্ব।
১৭। মহাপ্রস্থানিকপর্ব্ব।
১৮। স্বর্গারোহণপর্ব্ব।

হরিবংশ-খিল (অর্থাৎ সমাপ্তিগ্রন্থ)

আদিপর্ব্বের উপপর্ব্ব।

আদিপর্ব্বের অধ্যায় ও শ্লোকসংখ্যা।

—:*:—

মহর্ষি নিজেই পর্ব্বসংগ্রহাধ্যায়ে (আদিপর্ব্বের দ্বিতীয় অধ্যায়ে) আদিপর্ব্বের অধ্যায় ও শ্লোকসংখ্যা গণনা করিয়া লিখিয়া গিয়াছেন—

"অধ্যায়ানাং শতে দ্বে তু সংখ্যাতে পরমর্ষিণা।
সপ্তবিংশতিরধ্যায়া ব্যাসেনোত্তমতেজসা ॥১৩২॥
অষ্টৌ শ্লোকসহস্রাণি অষ্টৌ শ্লোকশতানি চ।
শ্লোকাশ্চ চতুরাশীতির্মুনিনোক্তা মহাত্মনা ॥১৩৩॥"

অর্থাৎ—মহর্ষি বেদব্যাস আদিপর্ব্বে ২২৭ অধ্যায় এবং ৮৮৮৪ শ্লোক বলিয়াছেন।

পাঠকমহোদয়গণ নিম্নলিখিত তালিকাটী দেখিলে জানিতে পারিবেন যে, আদিপর্ব্বে উক্ত অধ্যায়সংখ্যার ও শ্লোকসংখ্যার সম্পূর্ণ মিল রহিয়াছে।

অধ্যায়সংখ্যা		শ্লোকসংখ্যা	অধ্যায়সংখ্যা		শ্লোকসংখ্যা	অধ্যায়সংখ্যা		শ্লোকসংখ্যা
১	...	২৩৬	৩১	...	২৬	৬১	...	৭৭
২	...	৪০৬	৩২	...	৩৩	৬২	...	১৬৬
৩	...	২০৪	৩৩	...	২২	৬৩	...	৬০
৪	...	১৩	৩৪	...	১৪	৬৪	...	৭৭
৫	...	৩৪	৩৫	...	৩২	৬৫	...	২৩
৬	...	৪২	৩৬	...	৩৩	৬৬	...	৪৪
৭	...	২৬	৩৭	...	৪২	৬৭	...	২৬
৮	...	২৮	৩৮	...	৩৬	৬৮	...	৩৩
৯	...	৩৪	৩৯	...	১১	৬৯	...	৪৭
১০	...	৩১	৪০	...	৩৪	৭০	...	২৭
১১	...	১৮	৪১	...	২৩	৭১	...	৪৩
১২	...	২৭	৪২	...	৪৩	৭২	...	৩৫
১৩	...	১৩	৪৩	...	২২	৭৩	...	৩৫
১৪	...	৪৯	৪৪	...	৩১	৭৪	...	১৭
১৫	...	৩১	৪৫	...	৫৪	৭৫	...	২১
১৬	...	১৬	৪৬	...	১৭	৭৬	...	১৩
১৭	...	১৮	৪৭	...	১০	৭৭	...	২৩
১৮	...	১২	৪৮	...	২৬	৭৮	...	২৭
১৯	...	২৭	৪৯	...	৩০	৭৯	...	১৮
২০	...	২০	৫০	...	১৭	৮০	...	৪৭
২১	...	২৫	৫১	...	২৭	৮১	...	১৯
২২	...	১৬	৫২	...	২৫	৮২	...	১৩
২৩	...	২২	৫৩	...	৩৪	৮৩	...	৩১
২৪	...	৪৮	৫৪	...	১০	৮৪	...	৫২
২৫	...	৫২	৫৫	...	২৪	৮৫	...	৪৪
২৬	...	৩৫	৫৬	...	৫৫	৮৬	...	১৯
২৭	...	২৫	৫৭	...	৫০	৮৭	...	৪০
২৮	...	২৫	৫৮	...	১৬৬	৮৮	...	১২৭
২৯	...	৩০	৫৯	...	৫৪	৮৯	...	৫৫
৩০	...	১৯	৬০	...	৫৭	৯০	...	১২১
		১৫৮২			১০৫৮			১৩৮০

অধ্যায়সংখ্যা	শ্লোকসংখ্যা	অধ্যায়সংখ্যা	শ্লোকসংখ্যা	অধ্যায়সংখ্যা	শ্লোকসংখ্যা
৯১	২২	১৩৭	১৯	১৮৩	৫০
৯২	৫৫	১৩৮	১৯	১৮৪	২৫
৯৩	৪৯	১৩৯	৩৪	১৮৫	১৮
৯৪	১০৩	১৪০	৩১	১৮৬	২৯
৯৫	১৮	১৪১	২১	১৮৭	১৫
৯৬	৭৩	১৪২	২২	১৮৮	৩৩
৯৭	২৭	১৪৩	১৬	১৮৯	২৩
৯৮	৫৪	১৪৪	২৮	১৯০	৫৩
৯৯	৫২	১৪৫	৪৭	১৯১	২৭
১০০	৩৬	১৪৬	৩৭	১৯২	১৯
১০১	১৭	১৪৭	৪৫	১৯৩	৩১
১০২	১৯	১৪৮	৩৬	১৯৪	২০
১০৩	২৬	১৪৯	৪৬	১৯৫	২৫
১০৪	১৯	১৫০	২১	১৯৬	১৯
১০৫	৪৪	১৫১	৫০	১৯৭	২৮
১০৬	১৩	১৫২	৩৮	১৯৮	৩০
১০৭	৪৪	১৫৩	২৬	১৯৯	২৬
১০৮	১৪	১৫৪	৩৮	২০০	৬৫
১০৯	৪২	১৫৫	২৭	২০১	২৪
১১০	১৯	১৫৬	২৮	২০২	৩৩
১১১	১৭	১৫৭	২১	২০৩	২৭
১১২	৩৪	১৫৮	১২	২০৪	৩৩
১১৩	৫০	১৫৯	২৮	২০৫	৩১
১১৪	৪২	১৬০	৫৬	২০৬	৩৫
১১৫	৩৭	১৬১	১১	২০৭	৩৬
১১৬	৪৯	১৬২	১৬	২০৮	২৭
১১৭	৮২	১৬৩	৮০	২০৯	২৩
১১৮	৩৩	১৬৪	৪৪	২১০	৩৫
১১৯	৩৩	১৬৫	২৫	২১১	২১
১২০	৪৩	১৬৬	৫০	২১২	২৫
১২১	৩২	১৬৭	১৬	২১৩	৩২
১২২	১৩	১৬৮	৫৭	২১৪	৮৯
১২৩	৫৮	১৬৯	৪৯	২১৫	৩৬
১২৪	৪২	১৭০	৪৮	২১৬	৮৩
১২৫	২৫	১৭১	২৮	২১৭	২১
১২৬	৪৩	১৭২	২২	২১৮	৩৮
১২৭	৭৯	১৭৩	২৩	২১৯	২২
১২৮	১১১	১৭৪	২৩	২২০	৫২
১২৯	৩৬	১৭৫	২৬	২২১	৪৬
১৩০	৩২	১৭৬	১২	২২২	৩৪
১৩১	৪১	১৭৭	২০	২২৩	২২
১৩২	২৫	১৭৮	৩৭	২২৪	১৮
১৩৩	৭৭	১৭৯	২৪	২২৫	২৫
১৩৪	২৭	১৮০	২৯	২২৬	৩৩
১৩৫	৯৮	১৮১	৩০	২২৭	১৯
১৩৬	৬২	১৮২	২৫		
	১৯৬৭		১৪৪১		১৪৫৬

একুন—১৫৮২ + ১০৫৮ + ১৩৮০ + ১৯৬৭ + ১৪৪১ + ১৪৫৬ = ৮৮৮৪

যুধিষ্ঠিরের সময় *

কুরু-পাণ্ডবের যুদ্ধবৎসর।

মহাভারত জগতে অতুলনীয় গ্রন্থ। ইহার তুল্য উৎকৃষ্ট বা বিশাল গ্রন্থ পৃথিবীতেই দেখা যায় না। ইহাতে রাজনীতি, সমাজনীতি, ধর্ম্মনীতি, অর্থনীতি, যুদ্ধনীতি, জ্ঞান, বিজ্ঞান, শিল্প ও কলাপ্রভৃতি সমস্ত বিষয়ই বর্ণিত হইয়াছে। তাহা আবার যুক্তি ও উদাহরণ দ্বারা সমর্থিত হইয়াছে। সংক্ষেপে বলিতে হইলে, এইটুকু মাত্র বলিলেই চলিতে পারে যে, 'মানুষের প্রয়োজনীয় সমস্ত বিষয়ই মহাভারতে আছে।' তাই কবি স্বয়ং বলিয়াছেন—"যদিহাস্তি তদন্যত্র যন্নেহাস্তি ন কুত্রচিৎ" ইহার অনুবাদে বাঙ্গালীও বলিয়া থাকে—"যা' নাই ভারতে, তা' নাই ভারতে।" তা'র পর, ইহার ভাষা প্রাঞ্জল ও মধুর, ভাবও মনোহর এবং বৈচিত্র্যময়। সর্ব্বাপেক্ষা ইহার বৈশিষ্ট্য এই যে, এই গ্রন্থ ইতিহাস হইলেও ঋষিপ্রণীত বলিয়া হিন্দু ইহাকে আপ্তবাক্য ধর্ম্মগ্রন্থ মনে করে, ধর্ম্ম উদ্দেশ্যে পাঠ করে এবং পঞ্চম বেদ বলিয়া স্বীকার করে, আর, জগতের সকল সম্প্রদায়ের লোক ইহার আদর করে এই জন্য যে, ইহা সকল প্রকার জ্ঞানের আকর এবং ভারতের প্রাচীন চিত্র দেখিবার পক্ষে বিশাল আলেখ্যপট।

এহেন মহাভারতগ্রন্থের নায়ক ধর্ম্মরাজ যুধিষ্ঠির এবং প্রতিনায়ক কুরুরাজ দুর্য্যোধন; সুতরাং ইঁহাদের চরিত্র জানিবার জন্য যেমন আকাঙ্ক্ষা ও কৌতুক জন্মে, তেমন সময় জানিবার জন্যও আকাঙ্ক্ষা ও কৌতুক জন্মিয়া থাকে। কিন্তু সেই সময়নিরূপণসম্বন্ধে বহুতর মতভেদ আছে; তবে, তাহাতে কোন দুঃখ বা আক্ষেপ করিবার কারণ নাই। কেন না, দুই-এক শতাব্দীপূর্ব্বের ঘটনা নিয়াই যখন মতভেদ হইতে দেখা যায়, তখন বহুশতাব্দীপূর্ব্বের ঘটনা নিয়া যে মতভেদ হইবে, তাহা ত সম্পূর্ণ সম্ভবপর। তা'র পর, এ বিষয়ে যতগুলি প্রমাণ পাওয়া যায়, তাহাও পরস্পরবিরোধী। অতএব যুধিষ্ঠিরপ্রভৃতির সময়নিরূপণসম্বন্ধে কোন সিদ্ধান্ত করিতে হইলে প্রথমে ইহাই আলোচনা করিয়া দেখিতে হইবে যে, পরস্পরবিরোধী প্রমাণগুলির মধ্যে কোন্ প্রমাণ প্রবল এবং কোন্ প্রমাণ দুর্ব্বল। প্রমাণের প্রবলতা বা দুর্ব্বলতা জানিবারও ইহাই সমীচীন উপায় যে, যে উদ্দেশ্যে যে শাস্ত্র বা যে গ্রন্থ রচিত, সেই বিষয়ে সেই শাস্ত্র বা সেই গ্রন্থই প্রবল প্রমাণ, অপরগুলি দুর্ব্বল প্রমাণ। ইহার উদাহরণও আমরা এইরূপ দেখিতে পাই; আত্মা বা অধ্যাত্মবিষয় নিরূপণের জন্য বেদান্তশাস্ত্র; সুতরাং সে বিষয়ে বেদান্তশাস্ত্রই প্রবল প্রমাণ, ধর্ম্মনিরূপণের জন্য স্মৃতিশাস্ত্র রচিত, অতএব ধর্ম্মনিরূপণসম্বন্ধে স্মৃতিশাস্ত্রই প্রবল প্রমাণ এবং শব্দব্যুৎপাদনের জন্য ব্যাকরণশাস্ত্র প্রণীত; সুতরাং সে বিষয়ে ব্যাকরণশাস্ত্রই প্রবল প্রমাণ। এইরূপ আরও বহুতর উদাহরণ দেখা যায়। অতএব কুরু-পাণ্ডবের ইতিহাস বিবৃত করিবার জন্য মহাভারত রচিত হইয়াছিল বলিয়া কুরু-পাণ্ডবসম্বন্ধে কোন বিষয় নির্ণয় করিতে হইলে মহাভারতকেই প্রবল প্রমাণ বলিয়া স্বীকার করিতে হইবে; ইহাতে কাহারও কোন আপত্তি

---

* ১৩০৭ বঙ্গাব্দের ২৭শে অগ্রহায়ণ কলিকাতা বঙ্গীয় সাহিত্য-পরিষদে এবং ঐ বঙ্গাব্দেরই ৩রা পৌষ কলিকাতা উপাসনসভায় এই প্রবন্ধ পঠিত ও আলোচিত হইয়াছিল।

থাকিতে পারে না। অতএব আমরাও এই নিয়মের অনুসরণ করিয়াই যুধিষ্ঠিরের সময়নিরূপণ-সম্বন্ধে প্রথমে মহাভারতের বচনই উদ্ধৃত করিলাম।

১। "অন্তরে চৈব সম্প্রাপ্তে কলিদ্বাপরয়োরভূৎ।
সমন্তপঞ্চকে যুদ্ধং কুরু-পাণ্ডবসেনয়োঃ॥"

(মহাভারত-আদিপর্ব্ব, দ্বিতীয় অধ্যায়, ১৩ শ্লোক)

কলি ও দ্বাপরযুগের সন্ধিকাল অত্যন্ত সূক্ষ্ম; তাহাতে অষ্টাদশদিনব্যাপী যুদ্ধ হইতে পারে না; অতএব দুর্গাপূজায় অষ্টমীর শেষ দণ্ড এবং নবমীর প্রথম দণ্ড, এই দণ্ডদ্বয়াত্মক কাল যেমন সন্ধিপূজার একটি কাল বলিয়া পরিভাষিত হইয়াছে (১) এবং দিনের শেষ অর্দ্ধ মুহূর্ত্ত ও রাত্রির প্রথম অর্দ্ধ মুহূর্ত্ত, এই মুহূর্ত্তাত্মক কাল যেমন সায়ংসন্ধ্যার একটী কাল বলিয়া পরিভাষিত আছে (২), তেমন এখানেও দ্বাপরযুগের শেষ কতটুকু এবং কলিযুগের প্রথম কতটুকু, এমন একটী কালকেই দ্বাপর ও কলির 'অন্তর' নামে পরিভাষিত বলিয়া স্বীকার করিতে হইবে। তবে, সেকাল কতটুকু, তাহা আমরা অন্য একটী পরিভাষা দ্বারা ধরিয়া লইতে পারি। সে পরিভাষা এই—"সংখ্যাহনাদেশে শতম্।" অর্থাৎ কোন সংখ্যা নির্দিষ্ট না থাকিলে শত সংখ্যা ধরিতে হইবে। এই হিসাবে দ্বাপরের শেষ ৫০ বৎসর এবং কলির প্রথম ৫০ বৎসর এই এক শত বৎসর কালকেই দ্বাপর ও কলির অন্তর কাল বলিয়া ধরা যাইতে পারে (৩)। কিন্তু শাস্ত্রে যুগসন্ধ্যা বা যুগসন্ধ্যাংশ বলিয়া যে সুদীর্ঘকালের পরিভাষা করা আছে, (৪) তাহা ধরা যাইতে পারে না। কারণ, তত দীর্ঘকল ধরিলে যুদ্ধের প্রকৃত কাল বুঝিবার জন্য অন্য প্রমাণের সাহায্য লইতে হয় বলিয়া বক্তার উদ্দেশ্য সিদ্ধ হয় না; বিশেষতঃ তাহা হইলে, অবশ্যই মহর্ষি "অন্তরে চৈব সম্প্রাপ্তে" এইরূপ না বলিয়া নিঃসন্দেহার্থ "সন্ধ্যাকালে চ সম্প্রাপ্তে" এইরূপই বলিতেন। অতএব এইক্ষণ উক্ত মহাভারতের বচনটীর এইরূপ অর্থ দাঁড়াইল যে,

দ্বাপর ও কলিযুগের মধ্যবর্ত্তী একশত বৎসরের অনধিক সময়ের মধ্যে কুরুক্ষেত্রে কুরুসৈন্য ও পাণ্ডবসৈন্যের যুদ্ধ হইয়াছিল।

---

(১) "অষ্টমীনবমীসন্ধৌ ত্রুটীয়া খলু কথ্যতে। তত্র পূজ্যা বরং পুত্র। যোগিনীগণসংযুক্তা॥ অষ্টম্যাঃ শেষদণ্ড নবম্যাঃ পূর্ব্ব এব চ। অত্র যা ক্রিয়তে পূজা বিজ্ঞেয়া সা মহাফলা॥" তিথিতত্ত্বধৃত কালিকাপুরাণ।

(২) "উপাস্তে সন্ধিবেলায়াং নিশায়া দিবসস্য চ। তমেব সন্ধ্যাং তস্মাত্তু প্রবদন্তি মনীষিণঃ॥" ব্যাসসংহিতা। "হ্রাসবৃদ্ধী চ সততং দিবরাত্র্যোর্যথাক্রমম্। সন্ধ্যামুহূর্ত্তমাখ্যাতা হ্রাসে বৃদ্ধৌ সমা স্মৃতা॥" যোগিযাজ্ঞবল্ক্যসংহিতা।

(৩) "সংখ্যাহনাদেশে শতম্" এই শতশব্দদ্বারা কেহ একশত মাস বা দিন ধরিতে চাহিলেও তাহাতে আমাদের কোন আপত্তি নাই। কেন না, তাহাতে কোন ক্ষতিবৃদ্ধি হয় না।

(৪) "...দ্বে সহস্রে দ্বাপরে তু সন্ধ্যাংশৌ তু চতুঃশতে। সহস্রমেকং বর্ষাণাং দিব্যং কলৌ প্রকীর্ত্তিতম্। দ্বে শতে চ তথান্যে বৈ সংখ্যাতে মনীষিভিঃ।..." মৎস্যপুরাণ, ১১৮ অধ্যায়। বরাহমিহিরের বৃহৎসংহিতা-গ্রন্থেও এই ভাবেরই লিখিত আছে। ইহার অর্থ—দেবপরিমাণের দুই হাজার বৎসর দ্বাপরযুগ, তাহার সন্ধ্যা ঐ পরিমাণে দুইশত বৎসর এবং সন্ধ্যাংশও ঐরূপই দুইশত বৎসর, আবার দেবপরিমাণের এক হাজার বৎসরে কলিযুগ, তাহার সন্ধ্যা ঐ পরিমাণে একশত বৎসর এবং সন্ধ্যাংশও ঐরূপই একশত বৎসর। মনুষ্যের ৩৬০ বৎসরে দেবতাদের ১ বৎসর হয়। এই হিসাবে মনুষ্যপরিমাণে দ্বাপরযুগের সন্ধ্যা ৭২০০০ বৎসর এবং মনুষ্যপরিমাণে কলিযুগের সন্ধ্যা ৩৬০০০ বৎসর। এই হিসাবে দ্বাপর ও কলি এই উভয়ের সন্ধ্যাকাল মনুষ্যপরিমাণে ১০৮০০০ একলক্ষ আট হাজার বৎসর।

২। সেই কুরু-পাণ্ডবের যুদ্ধ হইতে অদ্যপর্য্যন্ত ভারতবর্ষের সর্ব্বত্র আবাল-বৃদ্ধ-বনিতার মধ্যে একটী কিংবদন্তী চলিয়া আসিতেছে যে, **'দ্বাপরযুগের শেষে কুরু-পাণ্ডবের যুদ্ধ হইয়াছিল।'** এই কিংবদন্তীও উক্ত মহাভারতের বচনটীর সম্পূর্ণ সমর্থন করিতেছে। পুরুষপরম্পরায় এই কিংবদন্তী চলিয়া আসিবার কারণ এই যে, এ যাবৎ ভারতবর্ষে যত ঘটনা ঘটিয়া গিয়াছে, তাহার মধ্যে কুরু-পাণ্ডবের যুদ্ধ একটী প্রধান ঘটনা এবং সেই যুদ্ধই ভারতবর্ষের অবনতির প্রথম ও প্রধান কারণ। কেন না, সেই যুদ্ধে ভারতবর্ষের প্রায় সমস্ত বীরই নিহত হইয়াছিলেন; যে দুই চারিজন অবশিষ্ট ছিলেন, তাঁহারাও বিষাদে মৃতপ্রায় থাকিয়াই অবশিষ্ট জীবন অতিবাহিত করিয়াছিলেন। তাহাতে উপযুক্ত শিক্ষক না থাকায় উপযুক্ত যুদ্ধশিক্ষা না পাইয়া ক্ষত্রিয়জাতি অবনত হইয়া পড়িয়াছিল। সেই জন্যই কুরু-পাণ্ডবের যুদ্ধের পরে আর 'নারায়ণ' ও 'ব্রহ্মশির' প্রভৃতি ভীষণ অস্ত্রের নামও শুনা যায় নাই। তা'র পর, কর্ত্তব্যপরায়ণ রাজারা সেই যুদ্ধে নিঃশেষ হইয়া গিয়াছিলেন বলিয়া পূর্ব্বের ন্যায় আর ব্রাহ্মণপ্রতিপালক লোক ছিল না। সুতরাং ব্রাহ্মণেরা সংসারযাত্রা নির্ব্বাহের উপযোগী অর্থ উপার্জ্জনের জন্যই ব্যতিব্যস্ত হইয়া পড়িয়াছিলেন; তাহাতে আর তাঁহাদের পূর্ব্বের ন্যায় অধ্যাত্মবিষয়-প্রভৃতি আলোচনা করিবার অবসর ছিল না। এই জন্যই সেই কুরু-পাণ্ডবযুদ্ধের পূর্ব্বে রচিত 'পূর্ব্বমীমাংসা' এবং 'উত্তরমীমাংসা' দর্শনের পরে আর গভীর গবেষণা-পূর্ণ কোন মূল শাস্ত্র রচিত হইয়াছিল বলিয়া শুনাও যায় না; কেবল পূর্ব্বরচিত শাস্ত্রগুলির উপরে ভাষ্য, টীকা ও টিপ্পনী এবং তাহার সংগ্রহগ্রন্থ রচিত হইয়া আসিতেছে দেখা যায়। অতএব সেই কুরু-পাণ্ডবের যুদ্ধই যে ব্রাহ্মণজাতিরও অবনতির কারণ, ইহা বাধ্য হইয়াই স্বীকার করিতে হইবে। আবার সেই যুদ্ধে ভারতের প্রায় সকল প্রতাপশালী রাজাই নিহত হইয়াছিলেন বলিয়া জলে ও স্থলে সর্ব্বত্রই দস্যু ও তস্করের প্রাদুর্ভাব হইয়াছিল; তাহাতেই সমুদ্রযাত্রা ও দূরতীর্থপর্য্যটনপ্রভৃতি নিষিদ্ধ হইয়াছিল (১)। সেই কারণেই বহির্বাণিজ্য ও অন্তর্বাণিজ্য নষ্ট হওয়ায় বৈশ্যজাতিরও সেই সময় হইতেই অবনতি আরম্ভ হইয়াছিল। কিন্তু একমাত্র শূদ্রজাতি যথাস্থানে থাকিলেও উপরের তিনটী জাতিই অবনতির দিকে ধাবিত হওয়ায় সম্পূর্ণ হিন্দুজাতিই ক্রমশঃ অবনত হইয়াছিল। অতএব বাধ্য হইয়াই স্বীকার করিতে হইত যে, **সেই কুরু-পাণ্ডবের যুদ্ধই ভারতবাসী হিন্দুর প্রথম ও প্রধান অবনতির কারণ।** সুতরাং যে বিপদ উপস্থিত হওয়ায় চিরকালের উন্নতির পথ রুদ্ধ হইয়া যায় এবং যে রোগ উৎপন্ন হওয়ায় শরীরটী চিরকালের জন্য স্বাস্থ্যহীন হইয়া পড়ে, সেই বিপদ এবং সেই রোগের উৎপত্তির দিন যেমন চিরস্মরণীয় হইয়া থাকে, সেইরূপ কুরু-পাণ্ডবের যুদ্ধের সময়ও ভারতবাসীর চিরস্মরণীয় হইয়া রহিয়াছে। তাহাতেই ভারতবর্ষে পুরুষপরম্পরায় এই কিংবদন্তী চলিয়া আসিতেছে যে, **'দ্বাপরযুগের শেষে কুরু-পাণ্ডবের যুদ্ধ হইয়াছিল'।**

কাশ্মীরদেশবাসী রাজতরঙ্গিণীপ্রণেতা কহ্লণমিশ্রও প্রতিবাদের উপক্রমে ১১৪৮ খৃষ্টাব্দে (২)

---

(১) "সমুদ্রযাত্রাস্বীকারঃ কমণ্ডলুবিধারণম্।......তীর্থসেবাভিদূরতঃ......এতানি লোকগুপ্ত্যর্থং কলেরাদৌ মহাত্মভিঃ। নিবর্ত্তিতানি কর্ম্মাণি ব্যবস্থাপূর্ব্বকং বুধৈঃ"। উদ্বাহতত্ত্বধৃত আদিত্যপুরাণ।

(২) রাজতরঙ্গিণী-প্রথমতরঙ্গ-৫২ শ্লোক—"লৌকিকেহব্দে চতুর্বিংশে শককালস্য সাম্প্রতম্। সপ্তত্যাভ্যধিকং যাতং সহস্রং পরিবৎসরাঃ॥" রাজতরঙ্গিণী রচনা করিবার সময়ে কাশ্মীরাব্দ ২৪ এবং শকাব্দ ১০৭০ অতীত হইয়াছিল। শকাব্দের সহিত ৭৮ যোগ করিলে খৃষ্টাব্দ হয়। সুতরাং ১০৭০+৭৮—১১৪৮।

এই কিংবদন্তীর অস্তিত্ব স্বীকার করিয়া গিয়াছেন। তিনি বলিয়াছেন—"......ভারতং দ্বাপরান্তে-ইভূদ্বার্ত্তয়েতি বিমোহিতাঃ।" (রাজতরঙ্গিণী-প্রথমতরঙ্গ-৪৯ শ্লোকাংশ) অর্থাৎ দ্বাপরযুগের শেষে কুরু-পাণ্ডবের যুদ্ধ হইয়াছিল এইরূপ কিংবদন্তী দ্বারা অনেক লোকই মোহিত। বঙ্কিমবাবুও এই কিংবদন্তী শুনিয়া তাঁহার 'কৃষ্ণচরিত্রে' লিখিয়া গিয়াছেন যে, "ভরসা করি, এই সকল প্রমাণের পর আর কেহই বলিবেন না যে, মহাভারতের যুদ্ধ দ্বাপরের শেষে পাঁচ হাজার বৎসর পূর্ব্বে হইয়াছিল।" সুতরাং প্রায় আটশত বৎসর পূর্ব্বে কাশ্মীরের কহ্লণ এবং অনধিক পূর্ব্বে বঙ্গের বঙ্কিম এই কিংবদন্তী স্বীকার করায় ইহা যে দীর্ঘকাল হইতে ভারতের সর্ব্বত্র চলিতেছে, তাহাতে কোন সন্দেহ নাই।

৩। এই কিংবদন্তী এবং উক্ত মহাভারতের বচন অনুসারে এই পর্য্যন্ত জানা গেল যে, দ্বাপর ও কলিযুগের সন্ধিসময়ে কুরু-পাণ্ডবের যুদ্ধ হইয়াছিল। এখন কল্যব্দ কত, তাহা জানিতে পারিলেই সাধারণভাবে যুধিষ্ঠিরের সময় জানা যাইবে। ভাস্করাচার্য্য তাঁহার 'সিদ্ধান্তশিরোমণি'-গ্রন্থে কালমানাধ্যায়ে কল্যব্দের বিষয় বলিয়া গিয়াছেন –

"যাতাঃ ষণ্মনবো যুগানি ভমিতান্যন্যদ্‌যুগাঙ্ঘ্রিত্রয়ং
নন্দাদ্রীন্দুগুণাস্তথা শকনৃপস্যান্তে কলের্বৎসরাঃ।...(১)

দ্বিতীয় পাদের স্থূলার্থ—শকাব্দ আরম্ভ হইবার পূর্ব্বে কলিযুগের ৩১৭৯ বৎসর অতীত হইয়াছিল।

প্রসিদ্ধ জ্যোতিষী মকরন্দকারও বলিয়াছেন—

"শাকো নবাগেন্দুকৃশানুযুক্তঃ কলের্ভবত্যব্দগণো যুগস্য" ॥ (২)

যখন কলিযুগের ৩১৭৯ বৎসর অতীত হইয়াছিল, তখন শকাব্দ আরম্ভ হইয়াছিল।

এখন হিসাব করিয়া দেখা যাউক, বর্ত্তমান সময়ে কল্যব্দ কত হয়। বর্ত্তমান সময়ে ১৮৫২ শকাব্দ (১৯৩০ খৃষ্টাব্দ) চলিতেছে। সুতরাং উক্ত কল্যব্দের ৩১৭৯ সংখ্যার সহিত, শকাব্দের ১৮৫২ যোগ করিলেই বর্ত্তমান কল্যব্দ পাওয়া যাইবে ; ৩১৭৯+১৮৫২=৫০৩১। অতএব জানা গেল যে, আজ হইতে পাঁচ হাজার একত্রিশ বৎসর পূর্ব্বে (অর্থাৎ খৃষ্টপূর্ব্ব ৩১০১ অব্দে) কলিযুগ আরম্ভ হইয়াছিল ; সুতরাং বর্ত্তমান কল্যব্দ ৫০৩১ (৩)। এখন পূর্ব্বোক্ত মহাভারতের বচন ও কিংবদন্তী অনুসারে এইটুকু জানা গেল যে, **উক্ত কল্যব্দ আরম্ভের অনধিক পূর্ব্বে বা সেই বৎসরে, কিংবা তাহার অনধিক পরে কুরু-পাণ্ডবের যুদ্ধ হইয়াছিল।**

৪। এখন যুধিষ্ঠিরের প্রকৃত সময় জানা অত্যন্ত সহজ হইয়া আসিয়াছে। কেন না, মহারাজ যশোধর্ম্মদেব-বিক্রমাদিত্যের নবরত্ন সভার (৪) অন্যতম-রত্ন জগদ্বিখ্যাত মহাকবি

(১) শকনৃপস্ত শকাব্দস্য, অন্তে আরম্ভাদৌ, নন্দাদ্রীন্দুগুণাঃ কলের্বৎসরাঃ, তথা যাতাঃ। নন্দাঃ ৯, ৭ ইন্দুঃ ১, গুণাঃ ৩, অঙ্কস্য বামা গতিরিতি ৩১৭৯।

(২) যদা কলের্গত নবাগেন্দুকৃশানুযুক্তঃ অব্দগণো ভবতি, তদা শাকঃ শকাব্দারম্ভঃ। নব ৯, অগাঃ পর্ব্বতাঃ ৭, ইন্দুঃ ১, কৃশানবঃ ৩, অঙ্কস্য বামা গতিরিতি ৩১৭৯।

(৩) আধুনিক পঞ্জিকাসমূহে এই কল্যব্দই ব্যবহৃত হইয়া থাকে।

(৪) "ধন্বন্তরি-ক্ষপণকামর সিংহ-শঙ্কু-বেতালভট্ট-ঘটকর্পর-কালিদাসাঃ।
খ্যাতো বরাহমিহিরো নৃপতেঃ সভায়াং রত্নানি বৈ বররুচির্নব বিক্রমস্য ॥"
জ্যোতির্বিদাভরণ, ২২ অধ্যায়, ১০ শ্লোক।

কালিদাস ৩০৬৮ কল্যব্দে (১) (খৃষ্টজন্মের ৩৩ বৎসর পূর্ব্বে) তাঁহার "জ্যোতির্বিদাভরণ"(২) গ্রন্থের দশমাধ্যায়ে লিখিয়া গিয়াছেন—

"যুধিষ্ঠিরো বিক্রমশালিবাহনৌ নরাধিনাথো বিজয়াভিনন্দনঃ।
ইমেঽনু নাগার্জ্জুনমেদিনীবিভুর্বলিঃ ক্রমাৎ ষট্ শককারকা নৃপাঃ ॥১১০॥"

যুধিষ্ঠির, বিক্রমাদিত্য, শালিবাহন, বিজয়াভিনন্দন, নাগার্জ্জুন এবং বলি—এই ছয়জন রাজা ক্রমশঃ শকাব্দ-(লৌকিক গণনাব্দ) প্রবর্ত্তক।

তৎপরে লিখিয়াছেন—

"যুধিষ্ঠিরাদ্বেদযুগাম্বরাগ্নয়ঃ কলম্ববিশ্বেঽভ্র-খ-খাষ্টভূময়ঃ।
ততোঽযুতং লক্ষচতুষ্টয়ং ক্রমাদ্ধরা-দৃগষ্টা বিতি শাকবৎসরাঃ ॥১১১॥"

এই জ্যোতির্বিদাভরণের "সুখবোধিকা" নাম্নী টীকা অনুসারে এইরূপ অর্থ জানা যায়—যুধিষ্ঠির হইতে ৩০৪৪ বৎসর, বিক্রমাদিত্য হইতে ১৩৫ বৎসর, শালিবাহন হইতে ১৮০০০, বিজয়াভিনন্দন হইতে ১০০০০ বৎসর, নাগার্জ্জুন হইতে ৪০০০০০ বৎসর এবং বলি হইতে ৮২১ বৎসর, এইভাবে গণনাব্দ চলিয়াছিল, চলিতেছে এবং চলিবে। ইহার তাৎপর্য্য এই যে, যুধিষ্ঠিরাব্দের ৩০৪৪ বৎসর অতীত হইলে, বিক্রমাব্দ বা বিক্রমসংবৎ আরম্ভ হইয়াছে; তাহাতে এখন আর সর্ব্বত্র যুধিষ্ঠিরাব্দ চলে না; আবার এই বিক্রমাব্দের ১৩৫ বৎসর অতীত হইলে, শকাব্দ বা শালিবাহনাব্দ আরম্ভ হইবে, তখনও আর এ বিক্রমাব্দ সর্ব্বত্র চলিবে না ইত্যাদি। এখন যুধিষ্ঠির, বিক্রমাদিত্য ও শালিবাহনের ঐ অব্দসংখ্যাগুলি যোগ করিলে কি হয়, তাহা দেখা যাউক—

যুধিষ্ঠিরাব্দ	৩০৪৪
বিক্রমাব্দ	১৩৫
শকাব্দ বা শালিবাহনাব্দ (বর্ত্তমান)	১৮৫২
	৫০৩১

এখন দেখা যাইতেছে যে, পূর্ব্বে যে কল্যব্দ ৫০৩১ জানা গিয়াছে, যুধিষ্ঠিরাব্দও অবিকল তাহাই ৫০৩১।

সম্ভবতঃ এবিষয়ে জগতের সকল মনস্বীই একবাক্যে স্বীকার করিবেন যে, মহারাজ বিক্রমাদিত্যের সভায় 'নবরত্ন' বলিয়া বিখ্যাত যে নয়জন পণ্ডিত ছিলেন, তাঁহারা পণ্ডিতমণ্ডলীর

---

(১) "বর্ষৈঃ সিন্ধুর-দর্শনাম্বর-গুণৈর্যাতে কলৌ সম্মিতে মাসে মাধবসংজ্ঞিতে চ বিহিতো গ্রন্থক্রিয়োপক্রমঃ।
নানাকালবিধানশাস্ত্রগদিতজ্ঞানং বিলোক্যাদরাৎ ঊর্জ্জে গ্রন্থসমাপ্তিরত্র বিহিতা জ্যোতির্বিদাং প্রীতয়ে।"

জ্যোতির্বিদাভরণ, ২২ অধ্যায়, ২১ শ্লোক।

"সিন্ধুরঃ (পুং) হস্তী" শব্দকল্পদ্রুমঃ। সিন্ধুর ৮, দর্শন ৬, অম্বর ০, গুণ ৩, "অঙ্কস্য বামা গতিঃ" এই নিয়মে ৩০৬৮। কালিদাসের এই সময়সম্বন্ধে আমার টীকা ও বঙ্গানুবাদের সহিত প্রকাশিত মালবিকাগ্নিমিত্র ও অভিজ্ঞান-শকুন্তলাপ্রভৃতি গ্রন্থের মুখবন্ধে বিস্তৃতভাবে সমালোচনা করা হইয়াছে।

(২) "জ্যোতির্বিদাভরণকালবিধানশাস্ত্রং শ্রীকালিদাসকবিতো হি ততো বভূব।"...

জ্যোতির্বিদাভরণ, ২২ অধ্যায়। এই অধ্যায়ে বিক্রমাদিত্যসম্বন্ধে অনেক কথা লিখিত আছে।

শীর্ষস্থানীয়ই ছিলেন। তাঁহাদের মধ্যে আবার কালিদাস কবিত্বে যেমন সর্ব্বোচ্চ স্থান অধিকার করিয়াছিলেন, তেমন জ্যোতিষশাস্ত্রেও অসাধারণ নৈপুণ্য লাভ করিয়াছিলেন, তাহা তাঁহার 'জ্যোতির্বিদাভরণ' গ্রন্থ দেখিলে এবং কাব্যগ্রন্থগুলি পর্য্যালোচনা করিলে প্রমাণিত হইবে (১)। তা'র পর, জ্যোতির্বিদাভরণগ্রন্থ যে সেই নবরত্নসভায় আলোচিত, সম্মত ও আদৃত হইয়াছিল, তাহাতেও কোন সন্দেহ করিবার কারণ নাই। অতএব যুধিষ্ঠিরের সময়নিরূপণসম্বন্ধে প্রাচীন বা অর্ব্বাচীন যত রকম প্রমাণ পাওয়া যায়, তাহার মধ্যে এই জ্যোতির্বিদাভরণোক্ত প্রমাণের গুরুত্ব যে সর্ব্বাপেক্ষা অধিক, সে সম্বন্ধে কাহারও আপত্তি থাকিতে পারে না। তবে, উক্ত বিষয়ে জিজ্ঞাস্য হইতে পারে যে, কালিদাস মহাকবি এবং অসাধারণ জ্যোতিষী ছিলেন বটে, কিন্তু বেদব্যাসপ্রভৃতির ন্যায় ত্রিকালজ্ঞ মহর্ষি ছিলেন না; সুতরাং তিনি যুধিষ্ঠিরাব্দ বা বিক্রমসংবৎ চলিতেছিল বলিয়া তাহার কথা লিখিতে পারিয়াছিলেন, কিন্তু তাঁহার সময়ে দূর ও সুদূর ভবিষ্যতের গর্ভে নিহিত শকাব্দপ্রভৃতির কথা তিনি লিখিয়া গেলেন কি করিয়া? যদিও এবিষয় পর্য্যালোচনা করা এ প্রবন্ধের উদ্দেশ্য নহে, তথাপি আমরা সংক্ষেপে একথা বলিতে পারি যে, অসাধারণ জ্যোতির্বিৎ কালিদাস জ্যোতিষগণনার সাহায্যেই জ্যোতির্বিদাভরণে ঐ শকাব্দপ্রভৃতির কথা লিখিয়া গিয়াছেন। বর্ত্তমান সময়েও জ্যোতিষিকদিগকে দূর ভবিষ্যৎ গণনা করিতে দেখা যায় এবং সে গণনাও ফলের সঙ্গে মিলিয়া থাকে।

৫। সে যাহা হউক, এখনও এই সন্দেহ রহিয়াছে যে, "যুধিষ্ঠিরাব্দেযুগাম্বরায়য়ঃ" এই জ্যোতির্বিদাভরণের লেখা দ্বারা যুধিষ্ঠির হইতে যে ৩০৪৪ বৎসর পাওয়া যাইতেছে, তাহা যুধিষ্ঠিরের জন্ম হইতে, বা তাঁহার রাজ্যলাভ হইতে, অথবা তাঁহার স্বর্গারোহণ হইতে ধরা হইয়াছিল? এই সন্দেহ ভঞ্জনেরও পর্য্যাপ্ত প্রমাণই রহিয়াছে। ৬৩৪ খৃষ্টাব্দে (২) গুজরাটের চালুক্যবংশীয় রাজা দ্বিতীয় পুলিকেশী রবিকীর্ত্তিনামক কোন কবিদ্বারা (৩) রচনা করাইয়া কতকগুলি শ্লোক একখানি শিলাফলকে উৎকীর্ণ করিয়া রাখিয়া গিয়াছেন; তাহার মধ্যে এই দুইটী শ্লোক দেখা যায়—

"...ত্রিংশৎসু ত্রিসহস্রেষু ভারতাদাহবাদিতঃ।
সপ্তাব্দ-শত-যুক্তেষু গতেষব্দেষু পঞ্চসু॥
পঞ্চাশৎসু কলৌ কালে ষট্সু পঞ্চশতাসু চ।
সমাসু সমতীতাসু শকানামপি ভূভুজাম্॥" (৪)

---

(১) "...ছায়া হি ভূমেঃ শশিনো মলত্বেনারোপিতা শুদ্ধিমতঃ প্রজাভিঃ।" রঘুবংশ, ১৪ সর্গ, ৪০ শ্লোক। এই বিষয়টা যুক্তিদ্বারাও নিরূপিত হইতে পারে।

"গ্রহৈস্ততঃ পঞ্চভিরুচ্চসংশ্রয়ৈরসূর্য্যগৈঃ সূচিতভাগ্যসম্পদম্।" রঘুবংশ, ৩য় সর্গ, ১৩ শ্লোক।

"...অঙ্গারও রাসিং বিঅ অণুবক্কং পড়িবণ্ণং ণ করেদি।" মালবিকাগ্নিমিত্র, ৩য় অঙ্ক।

(২) ৫৫৬ শকাব্দে এই শিলালিপি খোদিত হইয়াছিল, ইহা এই শিলালিপি হইতেই জানা যাইতেছে এবং শকাব্দের সহিত ৭৮ যোগ করিলে খৃষ্টাব্দ হয়, ইহাও দেখা গিয়াছে। অতএব ৫৫৬+৭৮=৬৩৪ খৃষ্টাব্দ জানা গেল।

(৩) রবিকীর্ত্তিনামক কোন কবি যে এই শ্লোকগুলি রচনা করিয়াছিলেন, তাহা এই শিলালিপিতেই আছে।

(৪) এই শ্লোক দুইটীর ব্যাখ্যা—"ভারতাৎ আহবাৎ কুরুপাণ্ডবীয়াৎ যুদ্ধাৎ পরম্, ইতঃ পূর্ব্বং ত্রিসহস্রেষু সপ্তাব্দশতযুক্তেষু ত্রিংশৎসু পঞ্চসু চ অব্দেষু গতেষু সৎসু; শকানাং ভূভুজামপি পঞ্চশতাসু পঞ্চাশৎসু ষট্সু চ সমাসু বৎসরেষু, সমতীতাসু সতীষু, কলৌ কালে ইদমুৎকীর্ণমিত্যর্থঃ।"

ইহার মর্ম্মার্থ এই যে, কুরু-পাণ্ডবের যুদ্ধ হইতে ৩৭৩৫ বৎসর অতীত হইলে এবং শকাব্দের ৫৫৬ বৎসর অতীত হইলে, (এই শিলাফলক উৎকীর্ণ হইল।)

ইহাতে বুঝা গেল যে, কুরু-পাণ্ডবের যুদ্ধ হইতে যখন ৩৭৩৫ বৎসর, তখন শকাব্দের ৫৫৬ বৎসর ছিল। অতএব ৩৭৩৫ হইতে ৫৫৬ বাদ দিলে ৩১৭৯ থাকে; ঐ ৩১৭৯ যুধিষ্ঠিরাব্দেই শকাব্দ আরম্ভ হইয়াছিল, ইহা আমরা পূর্ব্বেই দেখাইয়া আসিয়াছি। সুতরাং এখন এই যুধিষ্ঠিরাব্দ এবং শকাব্দ যোগ করিয়া দেখা যাউক কি হয়—

যুধিষ্ঠিরাব্দ	...	৩১৭৯
বর্ত্তমান শকাব্দ	...	১৮৫২
		৫০৩১

বর্ত্তমান ১৯৩০ খৃষ্টাব্দে কল্যব্দও ৫০৩১, ইহা আমরা পূর্ব্বেই বলিয়া আসিয়াছি। অতএব এই শিলালিপি অনুসারে নিঃসন্দেহে জানা যাইতেছে যে, **কুরুপাণ্ডবের যুদ্ধ শেষ হইবার পরদিন অর্থাৎ যুধিষ্ঠিরের রাজ্যলাভের দিন হইতেই যুধিষ্ঠিরাব্দ আরম্ভ হইয়াছিল।**

কুরুপাণ্ডবের যুদ্ধ শেষ হইবার পরদিনই যে যুধিষ্ঠির রাজা হইয়াছিলেন, তাহা বুঝিবার কারণ এই যে, "সপ্ত বিত্তাগমা ধর্ম্ম্যা দায়ো লাভঃ ক্রয়ো জয়ঃ ·····" এই মনুবচন অনুসারে জয়কেও একটা স্বত্বের কারণ বলিয়া জানা যায়, অর্থাৎ জয় হইলেই বিজিত দ্রব্যে বিজেতার স্বত্ব জন্মে। সুতরাং যুদ্ধে জয় হওয়ার পরেই রাজ্যে যুধিষ্ঠিরের স্বত্ব জন্মিয়াছিল।

এই ক্ষণ মহাভারত হইতে উদ্ধৃত "অন্তরে চৈব সম্প্রাপ্তে" ইত্যাদি বচন, ভারতবর্ষের সর্ব্বত্র প্রচলিত উল্লিখিত চিরকিংবদন্তী, ভাস্করাচার্য্য ও মকরন্দকারের কল্যব্দনিরূপণ, কালিদাসের জ্যোতির্বিদাভরণ এবং গুর্জ্জররাজ দ্বিতীয় পুলিকেশীর শিলালিপি, এই কয়টী বিষয়ের অভূতপূর্ব্ব সামঞ্জস্য দেখিয়া, যুধিষ্ঠিরের এই সময়নিরূপণসম্বন্ধে সন্দেহ না থাকায় বস্তুতই হৃদয় অত্যন্ত প্রসন্ন হইয়াছে এবং আনন্দে উদ্বেলিত হইতেছে। সে যাহা হউক, এখন সাহস করিয়া বলা যাইতে পারে যে, **আজ হইতে ৫০৩১ বৎসর পূর্ব্বে কুরুপাণ্ডবের যুদ্ধ হইয়াছিল এবং সেই বৎসরেই যুধিষ্ঠিরাব্দ এবং কল্যব্দ গণনা আরম্ভ হইয়াছিল।**

তবে একমাসে বা একদিনে যুধিষ্ঠিরাব্দ এবং কল্যব্দ গণনা আরম্ভ হইয়াছিল না। ইহার প্রমাণ, ভারতসাবিত্রীতে পাওয়া যায়। (১)

"হেমন্তে প্রথমে মাসি শুক্লপক্ষে ত্রয়োদশীম্।
প্রবৃত্তং ভারতং যুদ্ধং নক্ষত্রে যমদৈবতে॥
... ...
অমাবস্যান্তু মধ্যাহ্নে নিহতঃ শল্য এব চ।
অমাবস্যান্তু সন্ধ্যায়াং রাজা দুর্য্যোধনো হতঃ॥"

বেদে অগ্রহায়ণ ও পৌষমাসকে হেমন্ত ঋতু বলা হইয়াছে, আর যমদৈবতনক্ষত্র ভরণী (২)।

(১) ভারতসাবিত্রী যে কোন্ গ্রন্থের অন্তর্গত, তাহা খুঁজিয়া পাওয়া গেল না। তবে, ইহা যে আর্ষ এবং প্রমাণিক, সে বিষয়ে কোন সন্দেহ নাই। কেন না, অনেক বঙ্গে গ্রন্থে এই ভারতসাবিত্রী পঠিত হইয়া থাকে এবং ভীষ্মপর্ব্বের ১৭ অধ্যায়ের ২য় শ্লোকের টীকায় নীলকণ্ঠ ইহার অনেক শ্লোক উদ্ধৃত করিয়াছেন। এই সংস্করণে স্বর্গারোহণপর্ব্বের শেষে "ভারতসাবিত্রী"র শ্লোকসমূহ উদ্ধৃত হইয়াছে।

(২) "······যমান্তক যমভক্ষ চৈবতিকাযুক্তঃ..." তিথিতত্ত্বধৃত শ্রুতিঃ। "অশ্বি-যম-দহন-কমলজ-শশি-শূলভৃদদিতি-জীব-ফণি-পিতরঃ..." ইত্যাদি জ্যোতিষবচন অনুসারে ভরণী যমদৈবতনক্ষত্র।

সুতরাং অগ্রহায়ণমাসের শুক্লপক্ষের ত্রয়োদশীর দিন ভরণীনক্ষত্রে কুরুপাণ্ডবের যুদ্ধ আরম্ভ হইয়াছিল এবং পরবর্ত্তী অমাবস্যার দিন মধ্যাহ্নকালে শল্য রাজা এবং সন্ধ্যাকালে কুরুরাজ দুর্য্যোধন ধরাশায়ী হইয়াছিলেন; অতএব মুখ্যচান্দ্র অগ্রহায়ণমাসের অমাবস্যাতে যুদ্ধ শেষ হইয়াছিল, তাহার পরদিনই পৌষমাসের শুক্লপক্ষের প্রতিপদে যুধিষ্ঠির রাজা হইয়াছিলেন এবং সেই দিন হইতেই যুধিষ্ঠিরাব্দ গণনা আরম্ভ হইয়াছিল; আর সেই পৌষমাসের শুক্লপ্রতিপদ হইতে দেড় মাস অর্থাৎ ৪৫ দিন পরে মাঘী পূর্ণিমায় কলিযুগ আরম্ভ হইয়াছিল বলিয়া সেই মাঘী পূর্ণিমা হইতেই কল্যব্দ গণনা চলিয়া আসিতেছে। মাঘী পূর্ণিমাতেই যে কলিযুগ আরম্ভ হইয়াছিল, তাহার প্রমাণ তিথিতত্ত্বধৃত বিষ্ণুপুরাণের বচন—

"বৈশাখমাসস্য তু যা তৃতীয়া, নবম্যসৌ কার্ত্তিকশুক্লপক্ষে।
নভস্যমাসস্য তমিস্রপক্ষে ত্রয়োদশী, পঞ্চদশী চ মাঘে॥
এতা যুগাদ্যাঃ কথিতাঃ পুরাণৈরনন্তপুণ্যাস্তিথয়শ্চতস্রঃ।"

অতএব একই বৎসরে পৌষী শুক্লপ্রতিপদে যুধিষ্ঠিরাব্দ এবং তৎপরবর্ত্তী মাঘী পূর্ণিমাতে কল্যব্দ আরম্ভ হইয়াছিল।

সুতরাং যুধিষ্ঠির দ্বাপরযুগের শেষ দেড়মাস এবং কলিযুগের প্রথম অবস্থায় রাজত্ব করিয়াছিলেন—ইহা স্পষ্ট বুঝা যাইতেছে। অতএব আধুনিক পঞ্জিকাকারগণ যে যুধিষ্ঠিরকে দ্বাপরের শেষরাজা এবং কলিযুগের প্রথম রাজা বলিয়া লিখিয়া থাকেন, তাহাও ইহা দ্বারা সমর্থিত হইল।

—:০:—

পঞ্চ পাণ্ডব এবং দুর্য্যোধনের জন্ম ও মৃত্যুর সময়।

প্রাচ্য ও পাশ্চাত্য অনেক মনস্বী যুধিষ্ঠিরের সময়নিরূপণে প্রবৃত্ত হইয়া আপন আপন মতানুসারে সুদীর্ঘ এক এক শতাব্দী বা তদন্তর্গত একটী মাত্র বৎসরই নিরূপণ করিয়া চরিতার্থ এবং সাধারণের ধন্যবাদভাজন হইয়া গিয়াছেন; কিন্তু আমাদের সে শতাব্দী বা তাহার অন্তর্গত একটী বৎসরমাত্র নিরূপণ করিলে চলিবে না। কারণ, আমরা মহাভারতের যথাস্থানে যুধিষ্ঠির, ভীম, অর্জ্জুন এবং দুর্য্যোধনের কোষ্ঠী সন্নিবেশিত করিবার সঙ্কল্প করিয়াছি; তাহাতে যুধিষ্ঠির-প্রভৃতির জন্মসম্বন্ধীয় বৎসর, মাস, দিন, এমন কি দণ্ডপর্য্যন্ত আমাদের নিরূপণ করা আবশ্যক; তবে তাহা অসম্ভব হইবে বলিয়া মনে হয় না। কেন না, মহাভারত যুধিষ্ঠিরপ্রভৃতির ইতিহাস; সুতরাং তাহাতে উঁহাদের প্রায় সমস্ত বৃত্তান্তই পাওয়া যায়।

যুধিষ্ঠির যে বৎসর রাজা হইয়াছিলেন, সে বৎসরের কথা আমরা পূর্ব্ব পরিচ্ছেদেই বলিয়া আসিয়াছি, এখন সেই সময়ে তাঁহার ও ভীমপ্রভৃতির কত বৎসর করিয়া বয়স হইয়াছিল, ইহা জানিতে পারিলেই অনায়াসে তাঁহাদের জন্মবৎসর জানা যাইবে; তা'র পর, মহাভারতের আদিপর্ব্ব ১১৭ অধ্যায়ে উঁহাদের জন্ম-মাস-তিথি এবং লগ্নপ্রভৃতি কোষ্ঠী করিবার উপকরণ প্রায় সমস্তই সুস্পষ্ট পাওয়া যায়। সুতরাং উঁহাদের কোষ্ঠী করা দুষ্কর হইবে বলিয়া মনে হয় না। সে যাহা হউক, যুধিষ্ঠির যখন রাজা হইয়াছিলেন, তখন তাঁহার ও ভীমপ্রভৃতির কত বৎসর করিয়া বয়স হইয়াছিল, ইহাই এখন পর্য্যালোচনা করিয়া দেখা যাউক। মহাভারত-

আদিপর্ব্ব ১২০ অধ্যায়ে (মুম্বয়ী নির্ণয়সাগরযন্ত্রে মুদ্রিত পুস্তকে আদিপর্ব্ব ১৩৪ অধ্যায়ে) এই কয়টী বচন দেখা যায়—

"পাণ্ডবানামিহায়ুষ্যং শৃণু কৌরবনন্দন ।।
জগাম হাস্তিনপুরং ষোড়শাব্দো যুধিষ্ঠিরঃ ॥১০॥
ভীমসেনঃ পঞ্চদশো বীভৎসুর্বৈ চতুর্দ্দশঃ ।
ত্রয়োদশাব্দৌ চ যমৌ জগ্মতুর্নাগসাহ্বয়ম্ ॥১১॥
তত্র ত্রয়োদশাব্দানি ধার্ত্তরাষ্ট্রৈঃ সহোষিতাঃ ।
ষণ্মাসান্ জাতুষগৃহান্মুক্তা জাতো ঘটোৎকচঃ ॥১২॥
ষণ্মাসানেকচক্রায়াং বর্ষং পাঞ্চালকে গৃহে ।
ধার্ত্তরাষ্ট্রৈঃ সহোষিত্বা পঞ্চ বর্ষাণি ভারত ।॥১৩॥
ইন্দ্রপ্রস্থে বসন্তস্তে ত্রীণি বর্ষাণি বিংশতিম্ ।
দ্বাদশাব্দানথৈকঞ্চ বভূবুর্দ্যূতনির্জ্জিতাঃ ॥১৪॥
ভুক্ত্বা ষট্ত্রিংশতং রাজন্ ! সাগরান্তাং বসুন্ধরাম্ ।
মাসৈঃ ষড়্ভির্মহাত্মানঃ সর্ব্বে কৃষ্ণপরায়ণাঃ ॥১৫॥
রাজ্যে পরীক্ষিতং স্থাপ্য দিষ্টাং গতিমবাপ্নুবন্ ।
এবং যুধিষ্ঠিরস্যাসীদায়ুরষ্টোত্তরং শতম্ ॥১৬॥"

এই বচনগুলির মর্ম্মার্থ—যুধিষ্ঠিরের ১৬ বৎসর, ভীমের ১৫ বৎসর, অর্জ্জুনের ১৪ বৎসর এবং নকুল ও সহদেবের ১৩ বৎসর বয়সের সময় তাঁহারা জন্মস্থান শতশৃঙ্গপর্ব্বত (হিমালয়ের অংশবিশেষ) হইতে হস্তিনারাজধানীতে গমন করেন। সেখানে তাঁহারা দুর্য্যোধনপ্রভৃতির সঙ্গে ১৩ বৎসর বাস করেন, পরে জতুগৃহে যাইয়া ৬ মাস থাকিয়া তথা হইতে চলিয়া যান ; পথে ঘটোৎকচের জন্ম হয় ; তৎপরে তাঁহারা একচক্রাপুরীতে ৬ মাস থাকিয়া দ্রুপদ রাজার ভবনে ১ বৎসর থাকেন, তথা হইতে আসিয়া আবার হস্তিনায় দুর্য্যোধনপ্রভৃতির সঙ্গে ৫ বৎসর থাকিয়া ইন্দ্রপ্রস্থে যাইয়া ২৩ বৎসর অতিবাহিত করেন, তৎপরে দ্যূতক্রীড়ায় পরাজিত হইয়া ১২ বৎসর বনবাস এবং ১ বৎসর অজ্ঞাতবাস করেন, (তাহার পর কুরুক্ষেত্রযুদ্ধে জয়লাভ করিয়া যুধিষ্ঠির রাজা হন) তৎপরে তিনি ৩৬ বৎসর রাজত্ব করেন। তদনন্তর তাঁহারা পরীক্ষিৎকে রাজ্যে স্থাপন করিয়া মহাপ্রস্থান করেন। তৎপরে যুধিষ্ঠির ৬ মাসে স্বর্গলোকে যাইয়া উপস্থিত হন। (আর, ভীমপ্রভৃতি সকলেই স্বর্গে যাইবার পথে পর্ব্বত হইতে পতিত হন) এই হিসাবে স্বর্গারোহণ করিবার সময়ে যুধিষ্ঠিরের ১০৮ বৎসর ৬ মাস বয়স হইয়াছিল।

হস্তিনায় উপস্থিত হইবার সময়ে যুধিষ্ঠিরপ্রভৃতির যে উক্তরূপই বয়স হইয়াছিল, তাঁহা আদিপর্ব্ব-প্রথম অধ্যায়ের ৭৭ শ্লোকটী পর্য্যালোচনা করিলেও বুঝিতে পারা যায়। যথা—

"ঋষিভিশ্চ তদা নীতা ধার্ত্তরাষ্ট্রান্ প্রতি স্বয়ম্ ।
শিশবশ্চাভিরূপাশ্চ জটিলা ব্রহ্মচারিণঃ ॥৭৭॥"

অন্বার্থ—মুনিরা নিজেরাই দুর্য্যোধনপ্রভৃতির নিকটে তখন ব্রহ্মচারী, জটাধারী ও সুন্দরাকৃতি সেই বালক কয়টীকে নিয়া গেলেন ॥৭৭॥

উপনয়ন না হইলে ব্রহ্মচারী হয় না ; অথচ ক্ষত্রিয়ের উপনয়ন একাদশ বৎসরে বিহিত (১)। সুতরাং নকুল ও সহদেবের একাদশ বৎসরে উপনয়ন হইলে এবং তাহার পর এক বৎসরের কিছু অধিক কাল সেই পর্ব্বতে থাকিয়া পাণ্ডু পরলোক গমন করিলে, নকুল ও সহদেবের ১৩ বৎসর বয়স হয় ; তাহাতে যুধিষ্ঠিরের ১৬, ভীমের ১৫ এবং অর্জ্জুনের ১৪ বৎসর বয়সই দাঁড়ায়।

সে যাহা হউক, উক্ত বচনগুলি পর্য্যালোচনা করিয়া ইহাই বুঝা যায় যে, কুরুক্ষেত্রযুদ্ধের সময়ে যুধিষ্ঠিরের ৭২, ভীমের ৭১, অর্জ্জুনের ৭০ এবং নকুল ও সহদেবের ৬৯ বৎসর বয়স হইয়াছিল (২)। তাহার পর, জ্যোতিষপ্রভৃতি শাস্ত্রের নিয়ম আছে যে, বয়স হিসাবে যে বৎসর, মাস বা দিন লিখিত হয়, তাহা অতীতই ধরিতে হয়। সুতরাং বুঝিতে হইবে যে, কুরুক্ষেত্রযুদ্ধের সময়ে যুধিষ্ঠিরপ্রভৃতির যথাক্রমে ৭২, ৭১, ৭০ ও ৬৯ বৎসর এবং কয়েক মাস ও দিন অতীত হইয়াছিল। ওদিকে পূর্ব্ব পরিচ্ছেদে আমরা বলিয়া আসিয়াছি যে, অগ্রহায়ণমাসে কুরুক্ষেত্রযুদ্ধ এবং পরবর্ত্তী মাঘী পূর্ণিমায় কলিযুগ ও কলাব্দ আরম্ভ হইয়াছিল, আবার আদিপর্ব্বেরই ১১৭ অধ্যায়ের সুস্পষ্ট বচন ও যুক্তি অনুসারে জানা যায় যে, জ্যৈষ্ঠমাসের পূর্ণিমায় যুধিষ্ঠিরের, চৈত্রমাসের শুক্লত্রয়োদশীতে ভীম ও দুর্য্যোধনের এবং ফাল্গুনমাসের পূর্ণিমায় অর্জ্জুনের জন্ম হইয়াছিল (৩)। এখন ইহা জানা গেল যে, সেই জ্যৈষ্ঠমাসের পূর্ণিমায় যুধিষ্ঠিরের ৭২ বৎসর, চৈত্রমাসের শুক্লা ত্রয়োদশীতে ভীমের ৭১ বৎসর, এবং ফাল্গুনমাসের পূর্ণিমায় অর্জ্জুনের ৭০ বৎসর বয়স হইয়াছিল ; তখন তাঁহারা অজ্ঞাতবাস হইতে মুক্ত হইয়া দুর্য্যোধনের সহিত সন্ধির চেষ্টা করেন এবং তাহাতে অকৃতকার্য্য হইয়া যুদ্ধের আয়োজন করিতে থাকেন ; তাহাতে আষাঢ়মাস হইতে অগ্রহায়ণমাসের শুক্লাদ্বাদশীপর্য্যন্ত সময় অতীত হয়। তাহার পর, অগ্রহায়ণমাসের শুক্লাত্রয়োদশীতে যুদ্ধ আরম্ভ করিয়া আঠার দিনের দিন অমাবস্যাতে যুধিষ্ঠির জয়লাভ করেন, তাহার পরদিন পৌষী শুক্লপ্রতিপদে তিনি রাজা হন এবং তৎপরবর্ত্তী মাঘী-পূর্ণিমাতে কলিযুগ ও কলাব্দ আরম্ভ হয়। সুতরাং এই হিসাবে নিম্নে যুধিষ্ঠিরপ্রভৃতির জন্ম ও মৃত্যুর সময় লিখিত হইল।

১। কলাব্দ আরম্ভের ৭২ বৎসর, ৭ মাস, ২৯ দিন পূর্ব্বে, (৩১৭৪ খৃষ্টপূর্ব্বাব্দে) জ্যৈষ্ঠমাসে, পূর্ণিমা তিথিতে, দিনের বেলা ১৬ দণ্ডসময়ে শতশৃঙ্গপর্ব্বতে যুধিষ্ঠিরের জন্ম এবং ৩৭ কলাব্দ (৩০৬৫ খৃষ্টপূর্ব্বাব্দে) স্বর্গারোহণ হইয়াছিল।

২। কলাব্দ আরম্ভের ৭১ বৎসর, ১০ মাস ২ দিন পূর্ব্বে (৩১৭৩ খৃষ্টপূর্ব্বাব্দে) চৈত্রমাসে, শুক্লপক্ষের ত্রয়োদশী তিথিতে, দিনের বেলা ১৬ দণ্ডসময়ে শতশৃঙ্গপর্ব্বতে ভীমসেনের জন্ম এবং ৩৭ কলাব্দে (৩০৬৫ খৃষ্টপূর্ব্বাব্দে) মৃত্যু।

৩। কলাব্দ আরম্ভের ৭১ বৎসর, ১০ মাস, ২ দিন পূর্ব্বে (৩১৭৩ খৃষ্টপূর্ব্বাব্দে) চৈত্র-

---

(১) "গর্ভাষ্টমেহষ্টমে বাব্দে ব্রাহ্মণস্যোপনায়নম্। রাজ্ঞামেকাদশে সৈকে বিশামেকে যথা কুলম্ ॥" —যাজ্ঞবল্ক্যসংহিতা।

(২) এই বয়সে যুধিষ্ঠিরপ্রভৃতি বৃদ্ধ এবং অক্ষম হইবারই সম্ভাবনা; এরূপ ধারণা করা সঙ্গত নহে। কারণ, উঁহাদেরই পিতামহ ভীষ্ম এবং দ্রোণপ্রভৃতি যথানিয়মে যুদ্ধ করিয়াছিলেন, ইহা মহাভারতেই দেখা যায়। তা'র পর, ইয়োরোপীয় মহাযুদ্ধের সময় জার্মানসেনাপতি হিণ্ডেনবার্গেরও ৮২ বৎসর বয়স ছিল বলিয়া শুনা যায় এবং বর্ত্তমান সময়েও ঐরূপ বয়সের অনেক লোককেই সমস্ত কার্য্যক্ষম দেখা যায়।

(৩) এই আদিপর্ব্বের ১১৭ অধ্যায়ে নকুল ও সহদেবের জন্মমাসপ্রভৃতির কোন উল্লেখ নাই ; সুতরাং উঁহাদের কোষ্ঠী দেওয়া যাইবে না।

মাসে, শুক্লপক্ষের ত্রয়োদশী তিথিতে, রাত্রি ৬ দণ্ডসময়ে হস্তিনারাজধানীতে দুর্যোধনের জন্ম এবং কল্যব্দ আরম্ভের দেড় মাস পূর্ব্বে (৩০২৮ খৃষ্টপূর্ব্বাব্দে) রণক্ষেত্রে মৃত্যু। (১)

৪। কল্যব্দ আরম্ভের ৭০ বৎসর, ১০ মাস ২৯ দিন পূর্ব্বে (৩১৭২ খৃষ্টপূর্ব্বাব্দে) ফাল্গুনমাসে, পূর্ণিমা তিথিতে, দিনের বেলা ২১ দণ্ডসময়ে, শতশৃঙ্গপর্ব্বতে অর্জ্জুনের জন্ম এবং ৩৭ কল্যব্দে (৩০৬৫ খৃষ্টপূর্ব্বাব্দে) মৃত্যু।

৫। কল্যব্দ আরম্ভের ৬৯ বৎসর পূর্ব্বে (৩১৭১ খৃষ্টপূর্ব্বাব্দে) শতশৃঙ্গপর্ব্বতে নকুল ও সহদেবের জন্ম এবং ৩৭ কল্যব্দে (৩০৬৫ খৃষ্টপূর্ব্বাব্দে) মৃত্যু। (২)

অদ্য ৫০৩১ কল্যব্দের, ১৮৫২ শকাব্দের এবং ১৩৩৭ বঙ্গাব্দের ১৯শে অগ্রহায়ণ (১৯৩০ খৃষ্টাব্দের ৫ই ডিসেম্বর)। সুতরাং অদ্য হইতে ৫১০৩ বৎসর পূর্ব্বে যুধিষ্ঠিরের জন্ম হইয়াছিল। এই নিয়মে ভীমপ্রভৃতিরও গণনা করিতে হইবে।

—:❀:—

বিরোধ সমাধান।

এই সন্দর্ভে জানা গেল যে, যুধিষ্ঠির যে দিন রাজা হইয়াছিলেন, সেই দিন হইতে যুধিষ্ঠিরাব্দ এবং তাহার দেড় মাস পর হইতে কল্যব্দ আরম্ভ হইয়াছিল। ওদিকে কিন্তু শ্রীমদ্ভাগবত, বিষ্ণুপুরাণ, ব্রহ্মপুরাণ ও কল্কিপুরাণে দেখা যায় যে, শ্রীকৃষ্ণ যে দিন মহাপ্রয়াণ করিয়াছিলেন, সেই দিন কলি প্রবেশ করিয়াছিল। যথা—

"যস্মিন্ কৃষ্ণো দিবং যাতস্তস্মিন্নেব তদাঽহনি।
প্রতিপন্নং কলিযুগমিতি প্রাহুঃ পুরাবিদঃ॥" শ্রীমদ্ভাগবত ১২-২-৩৩ শ্লোক।

"যস্মিন্ কৃষ্ণো দিবং যাতস্তস্মিন্নেব তদাঽহনি।
প্রতিপন্নং কলিযুগং তস্য সংখ্যাং নিবোধ মে॥" বিষ্ণুপুরাণ ৪-৩৪-৪০ শ্লোক।

"যস্মিন্ দিনে হরির্যাতো দিবং সন্ত্যজ্য মেদিনীম্।
তস্মিন্ দিনেঽবতীর্ণোঽয়ং কালকায়ঃ কলিঃ কিল॥" ব্রহ্মপুরাণ ২১২-অ-৮৫ শ্লোক।

"গতে কৃষ্ণে স্বনিলয়ং প্রাদুর্ভূতো যথা কলিঃ।" কল্কিপুরাণ ১অ-১৩ শ্লোক।

এই বচনগুলি যুক্তিসঙ্গতও বটে। কেন না, সাক্ষাৎ ধর্ম্মপ্রবর্ত্তক শ্রীকৃষ্ণ বিদ্যমান থাকিতে, পাপপ্রবর্ত্তক কলি প্রবেশ করিতে সমর্থ ছিল না। এদিকে যুধিষ্ঠির রাজ্যলাভ করিয়া ৩৬ বৎসর রাজত্ব করেন এবং সেই ষট্ত্রিংশত্তম বৎসরেই শ্রীকৃষ্ণ মহাপ্রয়াণ করেন। যথা—

"ষট্ত্রিংশেঽথ সম্প্রাপ্তে বর্ষে কৌরবনন্দনঃ।
দদর্শ বিপরীতানি নিমিত্তানি যুধিষ্ঠিরঃ॥
ষট্ত্রিংশেঽথ ততো বর্ষে বৃষ্ণীনামনয়ো মহান্।
অন্যোন্যং মুসলৈস্তে তু নিজঘ্নুঃ কালচোদিতাঃ॥"
(মহাভারত, মৌসলপর্ব, প্রথম অধ্যায়, প্রথম ও ত্রয়োদশ শ্লোক)

---

(১) "যস্মিন্নহনি ভীমস্তু জজ্ঞে ভরতসত্তম। দুর্যোধনোঽপি তত্রৈব প্রজজ্ঞে বসুধাধিপ॥" আদিপর্ব্ব, ১১৭ অধ্যায়, ২১ শ্লোক। ইহাতে জানা যায়—ভীম ও দুর্যোধনের এক তারিখেই জন্ম; মধ্যাহ্নসময়ে ভীমের জন্ম সেখানে লিখিতই আছে, আর যুক্তি দ্বারা জানা যায় যে, সেই রাত্রিতে তুলালগ্নে দুর্যোধনের জন্ম হইয়াছিল। তত্রত্য ভারতকৌমুদীটীকায় যুক্তি দ্রষ্টব্য।

(২) নকুল ও সহদেবের জন্মমাসপ্রভৃতি মূলে লিখিত নাই বলিয়া তাহা লেখা গেল না। সুতরাং ইঁহাদের কোষ্ঠী দেওয়া যাইবে না।

অতএব যুধিষ্ঠিরাব্দের ৩৬ বৎসর পরে কল্যব্দের আরম্ভ ধরা উচিত ছিল। ইহার উত্তরে আমরা বলিব—যেমন সূর্য্যোদয়ের চারি দণ্ড পূর্ব্ব হইতেই শাস্ত্রে দিন বলিয়া ধরা হয় (১), অথচ সূর্য্যোদয় হয় তাহার পরে; তেমন এক্ষেত্রেও বিধাতার নিয়মানুসারে যুধিষ্ঠিরের রাজ্যলাভের দেড়মাস পর হইতেই কলির অধিকার হইয়াছিল; কিন্তু শ্রীকৃষ্ণ বিদ্যমান ছিলেন বলিয়া তৎকালে প্রবেশ করিতে না পারায় ৩৬ বৎসর পরে শ্রীকৃষ্ণের মহাপ্রয়াণ হইলেই কলি প্রবেশ করিয়াছিল বা নিজের প্রভাব ব্যক্ত করিতে আরম্ভ করিয়াছিল; সুতরাং ভাস্করাচার্য্যপ্রভৃতি কলির অধিকার ধরিয়া কল্যব্দ গণনা আরম্ভ করিয়াছেন, আর শ্রীমদ্ভাগবতপ্রভৃতি কলির প্রভাব ব্যক্ত করাকেই কলির প্রবেশ বলিয়াছেন। অতএব উভয় মতের কোন বিরোধ নাই।

২। বরাহমিহির তাঁহার বৃহৎসংহিতার ১৩ অধ্যায়ে লিখিয়াছেন—

"আসন্ মঘাসু মুনয়ঃ শাসতি পৃথ্বীং যুধিষ্ঠিরে নৃপতৌ।
ষড়্দ্বিপঞ্চদ্বিযুতঃ শককালস্তস্য রাজ্ঞশ্চ॥
একৈকস্মিন্নৃক্ষে শতং শতং তে চরন্তি বর্ষাণাম্।"...

ইহার তাৎপর্য্য এই—যুধিষ্ঠিরের রাজ্যলাভ হইতে ২৫২৬ বৎসর গত হইলে শকাব্দ আরম্ভ হইয়াছিল। সুতরাং বর্ত্তমান শকাব্দ ১৮৫২, তাহার সহিত ঐ ২৫২৬ যোগ করিলে ৪৩৭৮ হয়। এদিকে বর্ত্তমান কল্যব্দ ৫০৩১, তাহা হইতে ঐ ৪৩৭৮ বাদ দিলে ৬৫৩ থাকে। অতএব জানা যাইতেছে যে, বরাহমিহিরের মতে ৬৫৩ কল্যব্দে যুধিষ্ঠির রাজা হইয়াছিলেন।

বরাহমিহিরের এই মত অনুসরণ করিয়াই কহ্লণমিশ্র ১১৪৮ খৃষ্টাব্দে তাঁহার রাজতরঙ্গিণী-গ্রন্থের প্রথমাধ্যায়ে লিখিয়া গিয়াছেন—

"শতেষু ষট্সু সার্দ্ধেষু ত্র্যধিকেষু চ ভূতলে।
কলের্গতেষু বর্ষাণামভবন্ কুরুপাণ্ডবাঃ॥৫১॥"

(কুরুপাণ্ডবাস্তেষাং যুদ্ধানি) ৬৫৩ কল্যব্দে কুরুপাণ্ডবের যুদ্ধ হইয়াছিল। এই দুই মতেও কল্যব্দ ঠিকই আছে; কিন্তু যুধিষ্ঠিরাব্দ তাহা হইতে ৬৫৩ বৎসর পরবর্ত্তী হইতেছে ইহাই বিরোধ।

আমরা পূর্ব্বেই বলিয়াছি যে, মহারাজ বিক্রমাদিত্যের সভায় যে নয়জন পণ্ডিত 'নবরত্ন' নামে বিখ্যাত ছিলেন, তাঁহাদের মতের গুরুত্ব অন্যান্য পণ্ডিতের মত অপেক্ষা অনেক অধিক। তা'র পর, এই বরাহমিহিরও সেই নবরত্নসভার বরাহমিহির নহেন। কেন না, আমরা পূর্ব্বেই দেখাইয়াছি যে, সেই নবরত্নসভা খৃষ্টজন্মের ৩৩ বৎসর পূর্ব্বে বিদ্যমান ছিল, আর এই বরাহমিহির খৃষ্টীয় ষষ্ঠ শতাব্দীর প্রথমভাগে প্রাদুর্ভূত হইয়া তাহার শেষ ভাগে তিরোভূত হন (২)। সুতরাং জ্যোতির্বিদাভরণকার কালিদাসের মত অপেক্ষা এই বরাহমিহিরের মত বিশেষ দুর্ব্বল। দ্বিতীয় কথা এই যে, কুরুপাণ্ডবের সমস্ত বৃত্তান্ত বলাই যে গ্রন্থের প্রধান উদ্দেশ্য, সেই মহাভারতের সুস্পষ্ট বচনের সঙ্গে যে মতের মিল হইবে, সেই মত গ্রহণ করাই সর্ব্বতোভাবে উচিত। অতএব পূর্ব্বোক্ত "অন্তরে চৈব সম্প্রাপ্তে" ইত্যাদি মহাভারতবচনের সহিত কালিদাসের মত ও উক্ত শিলালিপিকারের মত মিলিত হয় বলিয়া তাহাই গ্রাহ্য।

(১) "ত্রিযামাং রজনীং প্রাহুস্ত্যক্ত্বাদ্যন্তচতুষ্টয়ম্। নাড়ীনাং তদুভে সন্ধ্যে দিবসাদ্যন্তসংজ্ঞিতে॥" তিথিতত্ত্বধৃত।

(২) ব্রহ্মগুপ্তরচিত খণ্ডখাদ্যের টীকায় আমরাজ লিখিয়াছেন—"নবাধিকপঞ্চশতসংখ্যশাকে বরাহমিহিরাচার্য্যো দিবং গতঃ"।

ইহাতে বরাহমিহির ও কহ্লণমিশ্রের মত পরিত্যাগ করিতে বলা হইল না ; কিন্তু পণ্ডিতসম্প্রদায়সিদ্ধ এই রীতির অনুসরণ করিতে বলা হইল যে, স্মৃতির মধ্যে মনুস্মৃতি প্রধান (১) ; সুতরাং তাহার সঙ্গে অন্য স্মৃতির বিরোধ হইলে, সেই মনুস্মৃতির যথাশ্রুত অর্থ রাখিয়া, (২) অন্য স্মৃতির ভিন্নার্থ করিয়া, সেই অন্য স্মৃতিকে যেমন মনুস্মৃতির সহিত মিলিত করিবার রীতি আছে ; এ ক্ষেত্রেও তেমন কালিদাস ও শিলালিপিকারের মতের সহিত বিরোধ হইয়াছে বলিয়া এইভাবে বরাহমিহির ও কহ্লণমিশ্রের মতের মিল করিতে হইবে যে, কলি ও দ্বাপরের সুদীর্ঘ সন্ধিকালের মধ্যে দ্বাপরের অন্তঃপাতী শেষ ৬৫৩ বৎসর ধরিয়া বরাহমিহির ও কহ্লণমিশ্র ঐ কথাগুলি বলিয়া গিয়াছেন। এতদ্ভিন্ন এই বিরোধভঞ্জনের অন্য কোন উপায় আছে বলিয়া মনে হয় না।

৩। তা'র পর, অপেক্ষাকৃত অত্যন্ত আধুনিক প্রাচ্য ও পাশ্চাত্য কতিপয় পণ্ডিত শ্রীমদ্ভাগবত ও বিষ্ণুপুরাণের কয়েকটি বচন দেখিয়া ভিন্ন ভিন্ন সিদ্ধান্ত করিয়া গিয়াছেন। সে বচন কয়টী এই—

"আরভ্য ভবতো জন্ম যাবন্নন্দাভিষেচনম্।
এতদ্বর্ষসহস্রন্তু শতং পঞ্চদশোত্তরম্ ॥২৬॥
সপ্তর্ষীণান্তু যৌ পূর্ব্বৌ দৃশ্যেতে উদিতৌ দিবি।
তয়োস্তু মধ্যে নক্ষত্রং দৃশ্যতে যৎ সমং নিশি ॥২৭॥
তেনৈব ঋষয়ো যুক্তাস্তিষ্ঠন্ত্যব্দশতং নৃণাম্।
তে ত্বদীয়ে দ্বিজাঃ কালে অধুনা চাশ্রিতা মঘাঃ ॥২৮॥
... ...
যদা দেবর্ষয়ঃ সপ্ত মঘাসু বিচরন্তি হি।
তদা প্রবৃত্তস্তু কলির্দ্বাদশাব্দশতাত্মকঃ ॥৩১॥
যদা মঘাভ্যো যাস্যন্তি পূর্ব্বাষাঢ়াং মহর্ষয়ঃ।
তদা নন্দাৎ প্রভৃত্যেষ কলির্বৃদ্ধিং গমিষ্যতি ॥৩২॥"

(শ্রীমদ্ভাগবত, দ্বাদশ স্কন্ধ, দ্বিতীয় অধ্যায়)

রাজা পরীক্ষিতের নিকট শুকদেব বলিতেছেন—'আপনার জন্ম হইতে আরম্ভ করিয়া নন্দের অভিষেক পর্য্যন্ত এক হাজার একশত পঞ্চদশ বৎসর। নক্ষত্ররূপী সপ্তর্ষিগণের মধ্যে যে দুইজন ঋষিকে আকাশে প্রথম উদিত হইতে দেখা যায়, তাঁহাদের মধ্যে আবার যাঁহাকে রাত্রিতে সমান দেখা যায়, সেই নক্ষত্রের সহিত মিলিত হইয়া সপ্তর্ষিগণ মনুষ্যপরিমাণের এক শত বৎসর অবস্থান করেন। সেই সপ্তর্ষিগণ এখন আপনার সময়ে মঘানক্ষত্রে আছেন। সপ্তর্ষিগণ যখন (এখন) মঘা নক্ষত্রে বিচরণ করিতেছেন, তখন (এখন) কলি দ্বাদশ শত বৎসর প্রবৃত্ত হইয়াছে। যখন ঐ সপ্তর্ষিরা মঘা হইতে পূর্ব্বাষাঢ়া নক্ষত্রে যাইবেন, তখন নন্দ হইতেই এই কলি বৃদ্ধি পাইবে (যথাশ্রুত অনুবাদ)।

(১) "মন্বর্থবিপরীতা যা স্মৃতির্ন প্রশস্যতে। বেদার্থোপনিবদ্ধত্বাৎ প্রাধান্যং হি মনোঃ স্মৃতম্॥" বৃহস্পতিসংহিতা।

(২) "স্মৃত্যন্তরবিরোধে মনুস্মৃতিরেব গ্রাহ্যা"। প্রায়শ্চিত্তবিবেকের টীকায় শ্রীকৃষ্ণ তর্কালঙ্কার।

"যাবৎ পরীক্ষিতো জন্ম যাবন্নন্দাভিষেচনম্।
এতদ্বর্ষসহস্রন্তু জ্ঞেয়ং পঞ্চদশোত্তরম্ ॥৩২॥"
(বিষ্ণুপুরাণ, চতুর্থ অংশ, চতুর্বিংশ অধ্যায়)

এই অধ্যায়ে আরও কতিপয় বচন, উক্ত শ্রীমদ্ভাগবতের বচনগুলিরই প্রায় অনুরূপ দেখা যায়। আবার এই অধ্যায়ে আরও দেখা যায়—

"মহানন্দিসুতঃ শূদ্রাগর্ভোদ্ভবো মহাপদ্মো নন্দঃ পরশুরাম ইবাখিলক্ষত্রিয়ান্তকারী ভবিতা। ...মহাপদ্মস্তৎসুতাশ্চৈকং বর্ষশতমবনীপতয়ো ভবিষ্যন্তি। নবৈব তান্ নন্দান্ কৌটিল্যো ব্রাহ্মণঃ সমুদ্ধরিষ্যতি। তেষামভাবে মৌর্য্যাশ্চ পৃথিবীং ভোক্ষ্যন্তি। কৌটিল্য এব চন্দ্রগুপ্তং রাজ্যেঽভিষেক্ষ্যতি।"

শ্রীমদ্ভাগবতের দ্বাদশ স্কন্ধে প্রথমাধ্যায়েও প্রায় অবিকল এইরূপ বচন দেখা যায়—

"মহানন্দিসুতো রাজন্! শূদ্রাগর্ভোদ্ভবো বলী।
মহাপদ্মপতিঃ কশ্চিন্নন্দঃ ক্ষত্রবিনাশকৃৎ ॥
তস্য চাষ্টৌ ভবিষ্যন্তি সুমাল্যপ্রমুখাঃ সুতাঃ।
য ইমাং ভোক্ষ্যন্তি মহীং রাজানশ্চ শতং সমাঃ ॥
নব নন্দান্ দ্বিজঃ কশ্চিৎ প্রপন্নানুদ্ধরিষ্যতি।
তেষামভাবে জগতীং মৌর্য্যা ভোক্ষ্যন্তি বৈ কলৌ ॥
স এব চন্দ্রগুপ্তং বৈ দ্বিজো রাজ্যেঽভিষেক্ষ্যতে।"

পুরাণের এই বচনগুলিতে চন্দ্রগুপ্তের কথা পর্য্যন্ত পাওয়া গেল। ...তাহার পর ইতিহাসে দেখা যায়, এই চন্দ্রগুপ্তের সময়ে ৩২৭ খৃষ্টপূর্ব্বাব্দে (১) সুপ্রসিদ্ধ গ্রীকবীর আলেকজাণ্ডার ভারতবর্ষ আক্রমণ করিয়াছিলেন; তাহার কয়েক বৎসর পরে আলেকজাণ্ডারের সেনাপতি সেলুকাসের সঙ্গে যুদ্ধ করিয়া চন্দ্রগুপ্ত জয় লাভ করেন এবং সেলুকাসের কন্যাকে বিবাহ করেন।

এই সমস্ত পর্য্যালোচনা করিয়া প্রাচ্য ও পাশ্চাত্য কতিপয় মনস্বী লোক যুধিষ্ঠিরের সময়-নিরূপণে নানাবিধ মতের আবিষ্কার করিয়া ঐতিহাসিক তথ্যকে অত্যন্ত সন্দেহসঙ্কুল করিয়া রাখিয়া গিয়াছেন। রমেশচন্দ্র ১২৫০ খৃষ্টপূর্ব্বাব্দে, বঙ্কিমচন্দ্র ১৪৩০ খৃষ্টপূর্ব্বাব্দে, প্রাট্‌ ১২০০ খৃষ্টপূর্ব্বাব্দে, বুকানন ১৩০০ খৃষ্টপূর্ব্বাব্দে এবং উইলসন, কোলব্রুক ও এল্‌ফিন্‌ষ্টোন ১৪০০ খৃষ্ট-পূর্ব্বাব্দে, এতদ্ভিন্ন কোন কোন পাশ্চাত্য পণ্ডিত ইহারও বহু পরে যুধিষ্ঠিরের সময়নিরূপণ করিয়া গিয়াছেন। ইহার প্রত্যেক মতের অনুকূল যুক্তি-প্রমাণ উদ্ধৃত করিতে হইলে, প্রবন্ধ অত্যন্ত বিস্তৃত হইয়া পড়ে; সুতরাং সে বিষয়ে বিরত থাকা গেল।

উক্ত মতগুলি পর্য্যালোচনা করিয়া ইহা জানা যায় যে, পরীক্ষিতের জন্ম অর্থাৎ যুধিষ্ঠিরের রাজ্যলাভ হইতে নন্দের অভিষেককালের মধ্যে এইরূপ ব্যবধান হয়; রমেশচন্দ্রের মতে ৯২৩ বৎসর, বঙ্কিমচন্দ্রের মতে ১১০৩, প্রাটের মতে ৮৭৩, বুকাননের মতে ৯৭৩ এবং উইলসন-প্রভৃতির মতে ১০৭৩ বৎসর মাত্র।

ইহাদের প্রতিবাদে আমাদের প্রথম বক্তব্য এই যে, ইহারা যে মহাভারতের নায়ক

(১) এমনই আশ্চর্য্য যে, এই আলেকজাণ্ডারের ভারত আক্রমণ লিয়াও তিনটি মতভেদ আছে। কেহ ৩২৪, কেহ ৩২৫ এবং কেহ ৩২৭ খৃষ্টপূর্ব্বাব্দে আলেকজাণ্ডারের ভারত আক্রমণ বলেন।

যুধিষ্ঠিরের সময়নিরূপণ করিতে প্রবৃত্ত হইয়াছিলেন, সেই মহাভারতেরই দুইটী বচন পর্য্যালোচনা করিলে, নিশ্চয়ই যুধিষ্ঠিরকে এত অর্ব্বাচীন করিতে পারিতেন না। সে বচন দুইটী এই—

"ততস্ত্বং পুরুষশ্রেষ্ঠ! ধর্ম্মেণ প্রতিপেদিবান্।
ইদং বর্ষসহস্রাণি সর্ব্বভূতানুপালকঃ ॥১৮॥"
"পরিশ্রান্তো বয়স্থশ্চ ষষ্টিবর্ষো জরান্বিতঃ।
ক্ষুধিতঃ স মহারণ্যে দদর্শ মুনিসত্তমম্ ॥২৬॥"

(মহাভারত, আদিপর্ব্ব, ৪৪ অধ্যায়। পুস্তকবিশেষে আদিপর্ব্ব, ৪১ অধ্যায়।) প্রাচীন টীকায় প্রথম বচনটীর কোন অর্থ দেখা যায় না।

(জনমেজয়ের নিকট বৃদ্ধমন্ত্রিগণ বলিতেছেন)—"তৎপরে আপনি কুলক্রমাগত এই রাজ্যতন্ত্র ধর্ম্মতঃ লাভ করিয়াছেন এবং অতিশৈশবাবস্থাতেই রাজ্যে অভিষিক্ত হইয়া সহস্র বৎসর প্রজাবর্গ শাসন করিতেছেন ॥১৮॥" ৬কালীপ্রসন্নসিংহকৃত অনুবাদ।

তত্ত্বমিতি দর্শিতম্ ॥১৫৮॥ অশ্বৈবম্ভূতস্য চিদাত্মনঃ সমষ্টিব্যষ্টিপিণ্ডান্তঃপ্রবিষ্টত্বং দর্শয়তি—য ইতি। য আত্মা পূর্ব্বোক্তো বৈশ্বানরং বিরাজং বিশ্বং বা বাহনং স্বারোহণস্থানমভ্যুপৈতি অভিত উপৈত্যুপগচ্ছতি, "তৎ সৃষ্ট্বা তদেবানুপ্রাবিশৎ" ইতি শ্রুতেঃ, উপাধ্যাত্মতাং ধত্তে ইত্যর্থঃ। আকস্মিকত্বমভ্যুপগন্তব্যাভ্যুপগময়োর্বারয়তি—পুরাণমিতি। কার্য্যরূপেণ ক্ষয়িষ্ণুমপি কারণরূপেণ সততং সঙ্গতমিত্যর্থঃ। অপাং গর্ভমিব প্রতিবিম্বভূতম্, ন তু ব্রহ্মৈকদেশভূতম্ তস্যাসঙ্গত্বাদনংশত্বাচ্চ। বাজিনম্ "ইন্দ্রিয়ং বৈ বীর্য্যং বাজিনম্" ইতি শ্রুতেশ্চিদাত্মনো জড়শক্তিরূপম্। য এবম্ভূতোঽপি জীবত্বং মিথ্যৈব প্রতিবিম্বরূপেণাপদ্যতে, তস্মৈ নমোঽস্তু। জগদীশ্বরায় চতুর্দ্দশভুবননিয়ন্ত্রে। লোকত্রয়ং জাগ্রৎস্বপ্নসুষুপ্তানি তেষামীশায়। এবং তত্ত্বংপদবাচ্যার্থরূপিত্বমুক্তম্, তল্লক্ষ্যার্থরূপিত্বমাহ—পুরন্দরায়েতি। পুরাণি ব্যষ্টিসমষ্ট্যাত্মকানি ত্রীণি শরীরাণি, দারয়তি বিদ্যয়া অবিদ্যোচ্ছেদেন সমূলমুন্মূলয়তীতি তথা সর্ব্বোপাধিশূন্যচিন্মাত্রায়েত্যর্থঃ। পুরাণি দারয়তীতি স্থিতে বাচংযমপুরন্দরৌ চেতি খশ্মুমাগমশ্চ নিপাত্যেতে ॥১৫৯—১৬১॥ এতমশ্বমপানে ধমস্বেতি।

পূর্ব্বকালে জল হইতে উৎপন্ন অগ্নিস্বরূপ অশ্বকে বাহনরূপে স্বীকার করিয়াছেন ; ত্রিজগতের অধীশ্বর পরমেশ্বরস্বরূপ সেই দেবরাজ ইন্দ্রকে নমস্কার করি" ॥১৫৮—১৫৯॥

তাহার পর, সেই পুরুষ উতঙ্ককে বলিলেন—"তোমার এই স্তবে আমি সন্তুষ্ট হইয়াছি ; অতএব তোমার কি প্রিয় কার্য্য করিব, বল" ॥১৬০॥

উতঙ্ক সেই পুরুষকে বলিল—"সর্পগণ আমার বশবর্ত্তী হউক" ॥১৬১॥

ততোঽশ্বস্যাপানমধমৎ ॥১৬৩॥

ততোঽশ্বাদ্ধ্ম্যমানাৎ সর্বস্রোতোভ্যঃ পাবকার্চ্চিষঃ সধূমা নিষ্পেতুঃ ॥১৬৪॥

তাভির্নাগলোক উপধূপিতেঽথ সম্ভ্রান্তস্তক্ষকোঽগ্নিস্তেজোভয়াদ্বিষণ্ণঃ কুণ্ডলে গৃহীত্বা সহসা স্বভবনান্নিষ্ক্রম্যোতঙ্কমুবাচ—ইমে কুণ্ডলে গৃহ্লাতু ভবান্, ইতি ॥১৬৫॥

স তে প্রতিজগ্রাহোতঙ্কঃ, প্রতিগৃহ্য চ কুণ্ডলে অচিন্তয়ৎ ॥১৬৬॥

অদ্য তৎ পুণ্যকমুপাধ্যায়ান্যাঃ, দূরঞ্চাহমভ্যাগতঃ, স কথং সম্ভাবয়েয়ম্, ইতি ॥১৬৭॥

ভারতকৌমুদী

তত ইতি। অধমৎ মুখবায়ুনা পর্য্যপূরয়ৎ ॥১৬৩॥

তত ইতি। ধম্যমানাৎ মুখবায়ুনা পরিপূর্য্যমাণাৎ, সর্ব্বস্রোতোভ্যো মুখাদিসকলরন্ধ্রেভ্যঃ, সধূমাঃ, পাবকার্চ্চিষঃ অগ্নিশিখাঃ, নিষ্পেতুঃ নির্জগ্মুঃ ॥১৬৪॥

তাভিরিতি। তাভিঃ পাচকার্চ্চির্ভিঃ তদ্ধূমৈরিত্যর্থঃ। উপধূপিতে পরিব্যাপ্তে সতি ॥১৬৫॥

স ইতি। স উতঙ্কঃ, তে কুণ্ডলে। কুণ্ডলে কুণ্ডলদ্বয়ম্ ॥১৬৬॥

অদ্যেতি। পুণ্যকং পুণ্যকব্রতম্। স দূরমভ্যাগতোঽহম্। সম্ভাবয়েয়ম্ উপাধ্যায়ান্যা অভিলাষং সম্পাদয়িতুং শক্নুয়াম্ ॥১৬৭॥

ভারতভাবদীপঃ

বৈরাজমৈশ্বর্য্যং প্রদর্শয়েত্যর্থঃ ॥১৬২॥ স্রোতোভ্যঃ শরীররন্ধ্রেভ্যঃ ॥১৬৩—১৬৪॥ উপধূপিতে ধূমেন ব্যাপ্তে। তত এব সর্ব্বেশ্বরত্বাবির্ভাবাত্তক্ষকঃ শরণাগতো বভূবেতি তাৎপর্য্যম্

সেই পুরুষ উতঙ্ককে পুনরায় বলিলেন—"এই অশ্বের গুহ্যদেশে ফুৎকার কর" ॥১৬২॥

তাহার পর, উতঙ্ক সেই অশ্বের গুহ্যদেশে ফুৎকার করিতে লাগিল ॥১৬৩॥

উতঙ্ক ফুৎকার করিতে লাগিলে, অশ্বের সমস্ত শরীরদ্বার হইতে ধূমের সহিত অগ্নিশিখা নির্গত হইতে লাগিল ॥১৬৪॥

সেই অগ্নিশিখার ধূমে নাগলোক ব্যাপ্ত হইতে লাগিলে, তক্ষক অগ্নিতেজের ভয়ে বিষণ্ণ ও ব্যস্ত হইয়া, কুণ্ডল দুইটী লইয়া, তৎক্ষণাৎ নিজভবন হইতে নির্গত হইয়া আসিয়া, উতঙ্ককে বলিল—"এই কুণ্ডল দুইটী আপনি নিন" ॥১৬৫॥

উতঙ্ক কুণ্ডল দুইটী লইল এবং কুণ্ডল দুইটী লইয়া চিন্তা করিতে লাগিল ॥১৬৬॥

'অধ্যাপকমহাশয়ের স্ত্রীর আজ সেই পুণ্যকব্রত; আমিও অতিদূরে আসিয়া

(১৬৪)…নিষ্পেতুঃ।

তত এবং চিন্তয়ানমেব স পুরুষ উবাচ—উতঙ্ক! এনমশ্বমধিরোহ, এষ ত্বাং ক্ষণেনৈবোপাধ্যায়কুলং প্রাপয়িষ্যতি, ইতি ॥১৬৮॥

স তথেত্যুক্ত্বা তমশ্বমধিরুহ্য প্রত্যাজগামোপাধ্যায়কুলম্ ॥১৬৯॥

উপাধ্যায়ানী চ স্নাতা কেশানাবাপয়ন্তী উপবিষ্টা উতঙ্কো নাগচ্ছতীতি শাপায়াস্য মনো দধে ॥১৭০॥

অথৈতস্মিন্নন্তরে স উতঙ্কঃ প্রবিশ্যোপাধ্যায়কুলমুপাধ্যায়ানীমভ্যবাদয়ৎ তে চাস্যৈ কুণ্ডলে প্রায়চ্ছৎ ॥১৭১॥

সা চৈনং প্রত্যুবাচ—দেশে কালেঽভ্যাগতোঽসি, স্বাগতং তে? ইদানীং যদ্যনাগতোঽসি, কোপিতয়া ময়া শপ্তো ভবিষ্যসি। শ্রেয়স্তবোপস্থিতম্, সিদ্ধিমবাপ্নুহি, ইতি ॥১৭২॥

ভারতকৌমুদী

তত ইতি। চিন্তয়ানং চিন্তয়ন্তম্। উপাধ্যায়স্য কুলং গৃহম্ ॥১৬৮॥

স ইতি। স উতঙ্কঃ, তথা তদেবাস্তু ॥১৬৯॥

উপেতি। আবাপয়ন্তী কয়াচিৎ সখ্যা বেণীভাবেন বন্ধয়ন্তী। অস্য উতঙ্কস্য ॥১৭০॥

অথেতি। অন্তরে অবসরে। তে কুণ্ডলে, অস্যৈ উপাধ্যায়ান্যৈ ॥১৭১॥

ভারতভাবদীপঃ

॥১৬৫॥ তত এব সত্যসঙ্কল্পত্বাখ্যং বৈরাজং ভাবমারূঢ়ঃ ক্ষণেন গুরুকুলং প্রাপ ॥১৬৬—১৬৯॥ আবাপয়ন্তী দন্তপত্রিকয়া বেণীরূপেণ সংগ্রথনং কেশানাং কারয়ন্তী ॥১৭০॥ যদি ক্ষণং নাগতঃ স্যাত্তর্হ্যনাগসি অপরাধাভাবেঽপি ময়া শপ্তঃ স্যা ইত্যর্থঃ। শ্রেয়স্তত্ত্বজ্ঞানম্।

পড়িয়াছি; সুতরাং এ অবস্থায় আমি কি করিয়া তাঁহার সেই অভিলাষ পূর্ণ করিব' ॥১৬৭॥

উতঙ্ক এইরূপ চিন্তা করিতেছিল, এই অবস্থায় সেই পুরুষ তাহাকে বলিল—"উতঙ্ক! এই অশ্বে আরোহণ কর, এ তোমাকে ক্ষণকালের মধ্যেই অধ্যাপকের গৃহে লইয়া যাইবে" ॥১৬৮॥

'তাহাই হউক' এই কথা বলিয়া উতঙ্ক সেই অশ্বে আরোহণ করিয়া অধ্যাপকের গৃহে ফিরিয়া আসিল ॥১৬৯॥

এদিকে অধ্যাপকমহাশয়ের স্ত্রী স্নান করিয়া, বসিয়া চুল বাঁধাইতেছিলেন এবং উতঙ্ক আসিতেছে না বলিয়া উহাকে শাপ দিবার জন্য মনে ভাবিতেছিলেন ॥১৭০॥

এই সময়ে উতঙ্ক অধ্যাপকমহাশয়ের বাড়ীর ভিতরে প্রবেশ করিয়া, তাঁহার স্ত্রীকে নমস্কার করিল এবং সেই কুণ্ডল দুইটী তাঁহাকে দিল ॥১৭১॥

---

(১৬৮) তত এনম্…। (১৭২)…বৎস! ত্বমনাগসি ময়া ন শপ্তঃ, শ্রেয়ঃ।

অথোতঙ্ক উপাধ্যায়মভ্যবাদয়ৎ ॥১৭৩॥

তমুপাধ্যায়ঃ প্রত্যুবাচ—বৎস! উতঙ্ক! স্বাগতং তে? কিং চিরং কৃতম্? ইতি ॥১৭৪॥

তমুতঙ্ক উপাধ্যায়ং প্রত্যুবাচ—ভোঃ! তক্ষকেণ মে নাগরাজেন বিঘ্নঃ কৃতোঽস্মিন্ কর্ম্মণি, তেনাস্মি নাগলোকং গতঃ ॥১৭৫॥

তত্র চ ময়া দৃষ্টে স্ত্রিয়ৌ তন্ত্রেঽধিরোপ্য পটং বয়ন্ত্যৌ তস্মিংশ্চ তন্ত্রে কৃষ্ণাঃ সিতাশ্চ তন্তবঃ। কিং তৎ? ॥১৭৬॥

তত্র চ ময়া চক্রং দৃষ্টং দ্বাদশারম্, ষট্ চৈনং কুমারাঃ পরিবর্ত্তয়ন্তি। তদপি কিম্? ॥১৭৭॥

ভারতকৌমুদী

সেতি। সা উপাধ্যায়ানী, এনমুতঙ্কম্। দেশে যথাস্থানম্, কালে যথাকালঞ্চ। শ্রেয়ো মঙ্গলম্ ॥১৭২॥

অথেতি। উতঙ্কো গন্থেতি শেষঃ ॥১৭৩॥

তমিতি। চিরং কৃতং মহাবিলম্বঃ কৃতঃ ॥১৭৪॥

তমিতি। অস্মিন্ কুণ্ডলানয়নরূপে কর্ম্মণি। নাগলোকং পাতালম্ ॥১৭৫॥

তত্রেতি। তত্র চ নাগলোকে। তৎ সর্ব্বং কিমিত্যর্থঃ ॥১৭৬॥

তত্রেতি। দ্বাদশ অরা অভ্যন্তরগততির্য্যক্‌কাষ্ঠানি যস্য তৎ ॥১৭৭॥

ভারতভাবদীপঃ

সিদ্ধিমণিমাদ্যৈশ্বর্য্যম্ ॥১৭১—১৭২॥ ইদানীং স্বয়মপরোক্ষীকৃতমর্থং গুরুমুখেনাধিগন্তুমুতঙ্কঃ

অধ্যাপকমহাশয়ের স্ত্রী উতঙ্ককে বলিলেন "তুমি যথাস্থানে যথাসময়ে আসিয়াছ; তোমার নির্ব্বিঘ্নে আগমন হইয়াছে ত? তুমি এখনও যদি না আসিতে, তবে আমি ক্রুদ্ধ হইয়া তোমাকে শাপ দিতাম; তোমার মঙ্গল উপস্থিত হইয়াছে; তুমি সিদ্ধিলাভ কর" ॥১৭২॥

তাহার পর, উতঙ্ক অধ্যাপকমহাশয়ের নিকট যাইয়া তাঁহাকে অভিবাদন করিল ॥১৭৩॥

অধ্যাপকমহাশয় উতঙ্ককে বলিলেন—"বৎস! উতঙ্ক! তোমার নির্ব্বিঘ্নে আগমন হইয়াছে ত? এত বিলম্ব করিলে কেন?" ॥১৭৪॥

উতঙ্ক অধ্যাপকমহাশয়কে বলিল—"মহাশয়! এই কার্য্যে নাগরাজ তক্ষক আমার বিঘ্ন করিয়াছে; সেই জন্য আমি নাগলোকে গিয়াছিলাম ॥১৭৫॥

সেখানে আমি দেখিলাম—দুইটী স্ত্রীলোক তাঁতে করিয়া কাপড় বুনাইতেছে এবং সে তাঁতের উপরে কৃষ্ণবর্ণ ও শুক্লবর্ণ সূত্র রহিয়াছে। সে সকল কি? ॥১৭৬॥

আবার আমি একটী চক্র দেখিলাম, তাহাতে বারখানি তেরচা কাঠ আছে, ছয়টী বালক সে চক্রটাকে ঘুরাইতেছে। তাহাই বা কি? ॥১৭৭॥

পুরুষশ্চাপি ময়া দৃষ্টঃ, স চাপি কঃ ? ॥১৭৮॥

অশ্বশ্চাতিপ্রমাণো দৃষ্টঃ, স চাপি কঃ ? ॥১৭৯॥

পথি গচ্ছতা চ ময়া ঋষভো দৃষ্টঃ, তঞ্চ পুরুষোঽধিরূঢ়ঃ, তেনাস্মি সোপচারমুক্তঃ—উতঙ্ক ! অস্য ঋষভস্য পুরীষং ভক্ষয়, উপাধ্যায়েনাপি তে ভক্ষিতম্, ইতি ॥১৮০॥

ততস্তস্য বচনান্ময়া তদৃষভস্য পুরীষমুপযুক্তম্। স চাপি কঃ ? তদেতভবতোপদিষ্টমিচ্ছেয়ং শ্রোতুং কিং তদিতি ॥১৮১॥

স তেনৈবমুক্ত উপাধ্যায়ঃ প্রত্যুবাচ—যে তে স্ত্রিয়ৌ পটং বয়ন্ত্যৌ ধাতা বিধাতা চ। যে চ তে কৃষ্ণাঃ সিতাস্তন্তবঃ, তে রাত্র্যহনী। যদপি তচ্চক্রং দ্বাদশারং ষট্ চ কুমারাঃ পরিবর্ত্তয়ন্তি, তেঽপি ষট্ ঋতবঃ;

ভারতকৌমুদী

পুরুষ ইতি। পুরুষঃ কশ্চিদিতি শেষঃ ॥১৭৮॥

অশ্ব ইতি। অতিপ্রমাণো বৃহৎকায়ঃ ॥১৭৯॥

পথীতি। ঋষভঃ কশ্চিদ্বৃষঃ। উপচারেণ সদ্ব্যবহারেণ সহেতি সোপচারম্ ॥১৮০॥

তত ইতি। উপযুক্তং ভুক্তম্। তৎ সর্ব্বম্। ভবদুপদিষ্টস্যাভ্রান্তত্বজ্ঞানাদিতি ভাবঃ ॥১৮১॥

স ইতি। বয়ন্ত্যৌ দৃষ্টে ইতি শেষঃ। দধাতি মাঘাদৌ শীতাদীনিতি ধাতা উত্তরায়ণাধিষ্ঠাত্রী দেবতা, বিদধাতি শ্রাবণাদৌ বর্ষাদীনিতি বিধাতা দক্ষিণায়নাধিষ্ঠাত্রী দেবতা, কালপ্রকরণাৎ কালপরতয়া ব্যাখ্যানস্যৈবৌচিত্যাৎ ইত্থং স্ত্রীত্বোপপত্তেশ্চ। ধাতা বিধাতেতি

ভারতভাবদীপঃ

পৃচ্ছতি, তত্র চেত্যাদিনা ॥১৭৬॥ সোপচারং সান্ত্বনয়ম্ ॥১৭৭—১৮০॥ "আচার্য্যাদ্ধৈ বিদ্যা-বিদিতা সাধিষ্ঠং প্রাপৎ" ইতি শ্রুতেরমানুষৈরুক্তাপি বিদ্যা গুরুমুখেন দৃঢ়ীকৃতা বাঢ়ং ফলবতী ভবতীতি ভাবঃ ॥১৮১॥ স্ত্রিয়ৌ ধাতা বিধাতা চেতি। দধাতি সত্তাস্ফূর্ত্তী কার্য্যেষ্বিতি ধাতা চিতিঃ। বিবিধরূপেণ দধাতি ধারয়ত্যাত্মানমিত্যনেকবিকারবতী মায়া বিধাতা। রাত্রিবদ্ব্যামোহকত্বাদ্দুঃখং রাত্রিঃ। অহর্ব্বৎ প্রসাদকত্বাৎ সুখম্ অহঃ, ঋতুবদনিশং

আমি একটী পুরুষকে দেখিলাম, সে-ই বা কে ? ॥১৭৮॥

আবার অতিবৃহৎ একটী ঘোড়া দেখিলাম, সেটাই বা কি ? ॥১৭৯॥

যাইবার সময়ে পথে একটী বৃষ দেখিয়াছিলাম, তাহাতে একজন পুরুষ আরোহণ করিয়াছিল, সে আমাকে সাদরে বলিয়াছিল যে, "উতঙ্ক ! এই বৃষের গোময় ভক্ষণ কর, তোমার অধ্যাপকও ইহা ভক্ষণ করিয়াছেন" ॥১৮০॥

তাহার পরে, তাহার কথানুসারে আমি সেই বৃষের গোময় ভক্ষণ করিলাম। সে পুরুষই বা কে ? আপনি এই সকল বলুন, আমি তাহা শুনিতে ইচ্ছা করি। সেগুলি কি ?" ॥১৮১॥

(১৮১)···উপভুক্তম্।

দ্বাদশারা দ্বাদশ মাসাঃ, সংবৎসরশ্চক্রম্ ; যঃ পুরুষঃ স পর্জ্জন্যঃ ; যোঽশ্বঃ সোঽগ্নিঃ ॥১৮২॥

য ঋষভস্ত্বয়া পথি গচ্ছতা দৃষ্টঃ, স ঐরাবতো নাগরাট্ ; যশ্চৈনমধিরূঢ়ঃ পুরুষঃ, স চেন্দ্রঃ। যদপি তে ভক্ষিতং তস্য ঋষভস্য পুরীষম্, তদমৃতম্ ॥১৮৩॥

তেন খল্বসি তস্মিন্নাগলোকে ব্যাপন্নস্ত্বম্। স হি ভগবানিন্দ্রো মম সখা ত্বদনুক্রোশাদিমমনুগ্রহং কৃতবান্। তস্মাৎ কুণ্ডলে গৃহীত্বা পুনরাগতোঽসি ॥১৮৪॥

ভারতকৌমুদী

দেবাভিপ্রায়াৎ পুংস্ত্বম্। কৃষ্ণাস্তন্তবো রাত্রয়ঃ কৃষ্ণত্বসাম্যাৎ, সিতাস্তন্তবশ্চ অহানি সিতত্ব-সাম্যাৎ। প্রত্যেকং জাত্যপেক্ষয়া একত্বেন দ্বয়োর্দ্বিবচনম্। পর্জ্জন্যো মেঘস্তদধিষ্ঠাতা দেব ইন্দ্রঃ ॥১৮২॥

য ইতি। নাগরাট্ হস্তিশ্রেষ্ঠঃ, তে ত্বয়া। অমৃতং সুধা ॥১৮৩॥

ভারতভাবদীপঃ

ভ্রমমাণত্বাৎ ঋতুশব্দেনাপ্যবিদ্যাদিপঞ্চকং মায়া চেতি পূর্ব্বোক্তমেব ষট্‌কম্। সংবৎসরঃ প্রজাপতিঃ; সর্ব্বোপাধিত্বসাম্যাত্তদাহৃতশ্রুতেশ্চ; ন হি সংবৎসরাখ্যঃ কালো নাম কিঞ্চিৎ সূর্য্যাদিপরিস্পন্দান্তত্ববহুত্বাদিনানুমেয়ং বস্তুনি জীর্ণত্বনূতনত্বাদিব্যবহারহেতুতয়া সিদ্ধমিদানীং তদানীমিত্যাদিব্যবহারালম্বনং দ্রব্যমস্তি, ঘটাদিদ্রব্যস্যৈব পূর্ব্বাপরদেশসম্বন্ধেন নূতনত্বাতীতত্বাদ্যবস্থাভেদেন চ তদুপপত্তেঃ, কিমন্তর্গড়ুনা কালেনেতি প্রজাপতিরেব সংবৎসরশব্দার্থঃ। যঃ পুরুষঃ স পর্জ্জন্যঃ পর্জ্জন্যবৎ তাপনাশকত্বাদাচার্য্যরূপী ঈশ্বরঃ। যোঽশ্বঃ সোঽগ্নির্ভোক্তা জীব ইত্যর্থঃ। ইরা অন্নম্, তদ্বান্ ইরাবান্ ক্রতুঃ ততঃ উৎপন্নঃ ঐরাবতো ধর্ম্মঃ, নাগরাড়িবা-প্রকম্প্যঃ। শেষমুক্তার্থম্ ॥১৮২॥ ন ব্যাপন্নো ন মৃতঃ। স হীতি। মম জীবস্য সখা, পরমেশ্বরো হ্যন্তরাত্মত্বাৎ সর্ব্বেষাং সখা। "দ্বা সুপর্ণা সযুজা সখায়ে"তি মন্ত্রবর্ণাৎ। স হি সর্ব্বান্ স্বধর্ম্মস্থাননুগৃহ্লাতি, তৎ প্রতিকূলস্য তক্ষকস্যেব কুলক্ষয়ঞ্চ করোতীত্যাখ্যায়িকা-

উতঙ্ক এইরূপ বলিলে, অধ্যাপকমহাশয় বলিলেন—"সেই যে দুইটী স্ত্রীলোককে কাপড় বুনাইতে দেখিয়াছ, তাঁহারা উত্তরায়নের দেবতা এবং দক্ষিণায়নের দেবতা। আর, সেই যে কৃষ্ণবর্ণ-সূত্র ও শুক্লবর্ণ-সূত্র দেখিয়াছ, সেগুলি রাত্রি ও দিন। আর ছয়টি বালক যে সেই বার কাঠের চাকা ঘুরাইতেছে দেখিয়াছ, সে ছয়টী বালক ঋতু; বারখানি কাঠই বারটী মাস; আর চাকাটাই বৎসর। আর, যে পুরুষকে দেখিয়াছ, সে ইন্দ্র এবং যে ঘোড়াটী দেখিয়াছ, সে অগ্নি ॥১৮২॥

আর, যাইবার সময়ে পথে তুমি যে বৃষটী দেখিয়াছ, সে হস্তিশ্রেষ্ঠ ঐরাবত; তাহাতে যিনি আরোহণ করিয়াছিলেন, তিনি ইন্দ্র। আর, তুমি যে সেই বৃষের গোময় ভক্ষণ করিয়াছ, তাহা অমৃত ॥১৮৩॥

তৎ সৌম্য ! গম্যতাম্, অনুজানে ভবন্তম্, শ্রেয়োঽবাপ্স্যসি, ইতি ॥১৮৫॥

স উপাধ্যায়েনানুজ্ঞাতে ভগবানুতঙ্কঃ ক্রুদ্ধস্তক্ষকং প্রতিচিকীর্ষমাণো হাস্তিনপুরং প্রতস্থে ॥১৮৬॥

স হাস্তিনপুরং প্রাপ্য নচিরাদ্বিপ্রসত্তমঃ।
সমাগচ্ছত রাজানমুতঙ্কো জনমেজয়ম্ ॥১৮৭॥
পুরা তক্ষশিলাসংস্থং নিবৃত্তমপরাজিতম্।
সম্যগ্বিজয়িনং দৃষ্ট্বা সমন্তান্মন্ত্রিভির্বৃতম্ ॥১৮৮॥

ভারতকৌমুদী

তেনেতি। তেন অমৃতাত্মকতৎপুরীষভক্ষণেন। ত্বয়ি অনুক্রোশাদ্দয়াতঃ। তস্মাত্তদনুগ্রহাৎ, অন্যথা সর্পলোকে তব জীবননাশস্যৈব সম্ভাবনাসীদিতি ভাবঃ ॥১৮৪॥

তদিতি। অনুজানে গন্তুমিতি শেষঃ। শ্রেয়ো মঙ্গলম্ ॥১৮৫॥

স ইতি। ভগবান্ বিদ্যাদিমাহাত্ম্যবান্। প্রতিচিকীর্ষমাণঃ অপকারিণস্তস্য প্রত্যপকার-করণেন প্রতিকারং কর্ত্তুমিচ্ছন্। হাস্তিনপুরং হস্তিনানগরীম্ ॥১৮৬॥

স ইতি। স বিপ্রসত্তম উতঙ্কঃ, নচিরাৎ শীঘ্রমেব, হাস্তিনপুরং প্রাপ্য, জনমেজয়ং রাজানম্, সমাগচ্ছত প্রাপ্তবান্। আত্মনেপদমার্ষম্ ॥১৮৭॥

পুরেতি। স উতঙ্কঃ, পুরা তৎপূর্ব্বকালে, তক্ষশিলায়াং তদাখ্যায়াং পুর্য্যাং সন্তিষ্ঠতে জয়ার্থমবতিষ্ঠত ইতি তম্, তদানীন্তু কস্মিন্নপি ভাবে অপরাজিতম্; কিঞ্চ সম্যগ্বিজয়িনং সন্তম্, নিবৃত্তং তত আগতম্, মন্ত্রিভিঃ সমন্তাৎ সর্ব্বাসু দিক্ষু, বৃতং বেষ্টিতম্, দৃষ্ট্বা, পূর্ব্বং যথা-

ভারতভাবদীপঃ

তাৎপর্য্যম্। "খলো ন প্রার্থনাসাধ্যঃ স চ দৈবেন তাড়িতঃ। অভ্যেতি মৃত্যুতাং পশ্চাদুতঙ্কে তক্ষকো যথা॥" প্রতিচিকীর্ষমাণঃ, হেতৌ শানচ্, তক্ষকং বাধিতুমিত্যর্থঃ। হর্ষকালে রাজানমর্থয়তেতি ভাবঃ ॥১৭৩—১৮৬॥ শব্দ্যত ইতি শব্দোঽর্থস্তেন সম্পন্নয়া বিশিষ্টার্থবত্যা

সেই জন্যই তুমি সে নাগলোকে বিপন্ন হও নাই। কারণ, মহাত্মা সেই ইন্দ্র আমার সখা; তাই তিনি দয়াবশতঃ তোমার প্রতি এই অনুগ্রহ করিয়াছেন; সেই জন্যই তুমি কুণ্ডল দুইটী লইয়া পুনরায় আসিতে পারিয়াছ ॥১৮৪॥

অতএব সৌম্য! উতঙ্ক! আমি তোমাকে অনুমতি দিতেছি, তুমি যাইতে পার; তুমি মঙ্গল লাভ করিবে" ॥১৮৫॥

অধ্যাপকমহাশয় অনুমতি করিলে, তপোমাহাত্ম্যশালী উতঙ্ক ক্রুদ্ধ হইয়া তক্ষকের ব্যবহারের প্রতিশোধ লইবার ইচ্ছা করিয়া, হস্তিনাপুরের দিকে প্রস্থান করিল ॥১৮৬॥

ব্রাহ্মণশ্রেষ্ঠ উতঙ্ক শীঘ্রই হস্তিনাপুরে উপস্থিত হইয়া, রাজা জনমেজয়ের সঙ্গে মিলিত হইল ॥১৮৭॥

তস্মৈ জয়াশিষঃ পূর্ব্বং যথান্যায়ং প্রযুজ্য সঃ।
উবাচৈনং বচঃ কালে শব্দসম্পন্নয়া গিরা ॥১৮৯॥ (যুগ্মকম্)

উতঙ্ক উবাচ।

অন্যস্মিন্ করণীয়ে তু কার্য্যে পার্থিবসত্তম!।
বাল্যাদিবান্যদেব ত্বং কুরুষে নৃপসত্তম! ॥১৯০॥

সৌতিরুবাচ।

এবমুক্তস্তু বিপ্রেণ স রাজা জনমেজয়ঃ।
অর্চ্চয়িত্বা যথান্যায়ং প্রত্যুবাচ দ্বিজোত্তমম্ ॥১৯১॥

জনমেজয় উবাচ।

আসাং প্রজানাং পরিপালনেন স্বং ক্ষত্রধর্ম্মং পরিপালয়ামি।
প্রব্রূহি মে কিং করণীয়মদ্য যেনাসি কার্য্যেণ সমাগতস্ত্বম্ ॥১৯২॥

ভারতকৌমুদী

ন্যায়ং তস্মৈ জনমেজয়ায়, জয়াশিষঃ প্রযুজ্য, কালে উপযুক্তসময়ে, জনমেজয়স্যাপি তক্ষকঃ প্রত্যক্ষঃ-ক্রুদ্ধত্বাদিতি ভাবঃ, শব্দ্যতে অভিধীয়তে যঃ স শব্দঃ অর্থ ইত্যর্থঃ তেন সম্পন্নয়া, গিরা বাক্যেন, এনং জনমেজয়ম্, বচো বাক্যং তদ্ঘটকং পদমিতি তাৎপর্য্যম্, উবাচ ॥১৮৮ – ১৮৯॥

অন্যস্মিন্নিতি। হে পার্থিবসত্তম! হে নৃপসত্তম! পার্থিবনৃপশব্দয়োরর্থভেদাদপৌনরুক্ত্যম্। অন্যস্মিন্ কার্য্যে, করণীয়ে ত্বয়া কর্ত্তব্যে সতি তু; ত্বং বাল্যাদিব অন্যদেব কার্য্যং কুরুষে ॥১৯০॥

এবমিতি। বিপ্রেণ উতঙ্কেন এবমুক্তস্তু স রাজা জনমেজয়ঃ, যথান্যায়ম্ অর্চ্চয়িত্বা দ্বিজোত্তমং তমুতঙ্কং প্রত্যুবাচ ॥১৯১॥

ভারতভাবদীপঃ

॥১৮৭—১৮৯॥ "যোঽস্মান্ দ্বেষ্টি যঞ্চ বয়ং দ্বিষ্মস্তং হন্মি" ইতি মন্ত্রলিঙ্গানুমিতে শত্রুর্হন্তব্য এবে-

---

রাজা জনমেজয় পূর্ব্বে তক্ষশিলা জয় করিতে গিয়াছিলেন, সেখানে সর্ব্বপ্রকারে জয়লাভ করিয়া তখন ফিরিয়া আসিয়াছেন; মন্ত্রিগণ তাঁহাকে পরিবেষ্টন করিয়া রহিয়াছেন; এই অবস্থায় তাঁহাকে দেখিয়া উতঙ্ক প্রথমে যথানিয়মে জয়াশীর্ব্বাদ করিয়া, উপযুক্ত সময়ে উপযুক্ত অর্থযুক্ত ভাষা প্রয়োগ করিয়া, রাজাকে বলিল ॥১৮৮—১৮৯॥

উতঙ্ক বলিল—"মহারাজ! অন্য কার্য্য আপনার কর্ত্তব্য ছিল; কিন্তু বালকতানিবন্ধনই যেন আপনি অন্য কার্য্য করিতেছেন" ॥১৯০॥

সৌতি বলিলেন—উতঙ্ক এইরূপ বলিলে, রাজা জনমেজয় যথানিয়মে পূজা করিয়া ব্রাহ্মণশ্রেষ্ঠ উতঙ্ককে বলিলেন ॥১৯১॥

সৌতিরুবাচ।

স এবমুক্তস্তু নৃপোত্তমেন দ্বিজোত্তমঃ পুণ্যকৃতাং বরিষ্ঠঃ।
উবাচ রাজানমদীনসত্ত্বং স্বমেব কার্য্যং নৃপতে! কুরুষ্ব ॥১৯৩॥

উতঙ্ক উবাচ।

তক্ষকেণ মহীন্দ্রেন্দ্র! যেন তে হিংসিতঃ পিতা।
তস্মৈ প্রতিকুরুষ্ব ত্বং পন্নগায় দুরাত্মনে ॥১৯৪॥
কার্য্যকালং হি মন্যেঽহং বিধিদৃষ্টস্য কর্ম্মণঃ।
তদ্‌গচ্ছাপচিতিং রাজন্! পিতুস্তস্য মহাত্মনঃ ॥১৯৫॥

ভারতকৌমুদী

আসামিতি। আসাং প্রজানাং পরিপালনেনেতি ধান্যেন ধনবানিত্যাদিবদভেদে তৃতীয়া, তেন তৎপরিপালনাত্মকমিত্যর্থঃ স্বং স্বকীয়ম্, ক্ষত্রধর্ম্মম্, পরিপালয়ামি। অতঃ অন্যস্মিন্ করণীয়ে অন্যকরণাত্মকবালচাপল্যনিবন্ধননিন্দাভাজনঃ নাস্মীতি ভাবঃ। অতশ্চ অদ্য ত্বং যেন কার্য্যেণ সমাগতোঽসি, তন্মে মম করণীয়ং কিমিতি প্রব্রূহি ॥১৯২॥

স ইতি। নৃপোত্তমেন এবমুক্তস্তু পুণ্যকৃতাং বরিষ্ঠঃ স দ্বিজোত্তম উতঙ্কঃ, অদীনম্ অক্ষুদ্রং সত্ত্বং বলং যস্য তং রাজানম্, এতদুবাচ। হে নৃপতে! ত্বং স্বং কার্য্যমেব কুরুষ্ব ॥১৯৩॥

কিং নাম তৎ কার্য্যমিত্যাহ—তক্ষকেণেতি। হে মহীন্দ্রেন্দ্র! রাজশ্রেষ্ঠ! যেন তক্ষকেণ তে তব পিতা পরীক্ষিৎ, হিংসিতো বিনাশিতঃ; ত্বং তস্মৈ দুরাত্মনে পন্নগায় প্রতিকুরুষ্ব ॥১৯৪॥

কো নাম তৎপ্রতিকার ইত্যাহ - কার্য্যেতি। অহম্, বিধিদৃষ্টস্য শাস্ত্রে পর্য্যালোচিতস্য, কর্ম্মণঃ, তৎপ্রতিকাররূপস্য সর্পসত্রস্যেত্যাশয়ঃ, ইমং হি কার্য্যকালম্ অনুষ্ঠানসময়ং মন্যে। কার্য্যেতি ভাবে ঘ্যণ্‌প্রত্যয়ঃ। তত্তস্মাৎ, হে রাজন্! মহাত্মনস্তস্য পিতুঃ, অপচিতিং নিষ্কৃতিং তদ্বৈরপরিশোধমিত্যর্থঃ, গচ্ছ প্রাপ্নুহি। "অপচিতির্ব্যয়ে হানৌ পূজায়াং নিষ্কৃতাবপি" ইতি হেমচন্দ্রঃ ॥১৯৫॥

ভারতভাবদীপঃ

ত্যস্মিন্ বিধৌ সাধ্যে দৃষ্টং যৎ কর্ম্ম সর্পসত্রাখ্যং তস্য কার্য্যস্যাবশ্যানুষ্ঠেয়স্য কর্ত্তব্যতায়া বা কালং

জনমেজয় কহিলেন—"আমি এই সকল প্রজা পালন করিয়া নিজের ক্ষত্রিয়-ধর্ম্মই পরিপালন করিতেছি। অতএব আপনি এখন যে কার্য্যের জন্য আসিয়াছেন, আমার করণীয় সেই কার্য্যটা কি, তাহাই বলুন" ॥১৯২॥

সৌতি বলিলেন—রাজা এইরূপ বলিলে, ধার্ম্মিকশ্রেষ্ঠ উতঙ্ক মহাশক্তিশালী রাজাকে বলিল—"মহারাজ! আপনি আপনার কর্ত্তব্য কার্য্যই করুন" ॥১৯৩॥

উতঙ্ক বলিল—"মহারাজ! যে তক্ষক আপনার পিতাকে বিনাশ করিয়াছে, আপনি সেই সর্পের প্রতিবিধান করুন" ॥১৯৪॥

আমি মনে করি, শাস্ত্রোক্ত কার্য্য করিবার পক্ষে ইহাই উপযুক্ত সময়।

তেন হ্যনপরাধী স দষ্টো দুষ্টান্তরাত্মনা।
পঞ্চত্বমগমদ্রাজা বজ্রাহত ইব দ্রুমঃ ॥১৯৬॥
বলদর্পসমুৎসিক্তস্তক্ষকঃ পন্নগাধমঃ।
অকার্য্যং কৃতবান্ পাপো যোঽদশৎ পিতরং তব ॥১৯৭॥
রাজর্ষিবংশগোপ্তারমমরপ্রতিমং নৃপম্।
যিযাসুং কাশ্যপঞ্চৈব ন্যবর্ত্তয়ত পাপকৃৎ ॥১৯৮॥
হোতুমর্হসি তং পাপং জ্বলিতে হব্যবাহনে।
সর্পসত্রে মহারাজ! ত্বরিতং তদ্বিধীয়তাম্ ॥১৯৯॥

ভারতকৌমুদী

তেনেতি। হি যস্মাৎ, অনপরাধী স রাজা, দুষ্টান্তরাত্মনা তেন তক্ষকেণ, দষ্টঃ সন্, বজ্রাহতো দ্রুমো বৃক্ষ ইব পঞ্চত্বমগমৎ ॥১৯৬॥

বলেতি। বলদর্পেণ সমুৎসিক্তো দর্পিতঃ, অতএব পাপঃ পাপাত্মা, পন্নগাধমো যস্তক্ষকঃ, তব পিতরম্ অদশৎ দষ্টবান্, সঃ অকার্য্যং গর্হিতকার্য্যং কৃতবান্, অপরাধাভাবাদেবেতি ভাবঃ ॥১৯৭॥

নমু ব্রহ্মশাপাদেবাদশদিতি ন তত্র তস্য দোষ ইত্যাহ—রাজর্ষীতি। পাপকৃত্তক্ষকঃ, রাজর্ষিবংশস্য গোপ্তারম্ অপত্যোৎপাদনাদিনা রক্ষিতারম্, অমরপ্রতিমং প্রভাবেণ দেবতুল্যম্, নৃপং পরীক্ষিতম্, যিযাসুং বিষহরণায় যাতুমিচ্ছুম্, কাশ্যপং ন্যবর্ত্তয়ৎ নিবারিতবান্। এষ তু নিষ্প্রতিবাদ এব তক্ষকস্য দোষ ইতি ভাবঃ। যিযাসুমিতি উদন্তপ্রত্যয়স্য নিষ্ঠাদিত্বাৎ "ন নিষ্ঠাদিষু" ইতি কর্ম্মণি ষষ্ঠীনিষেধাৎ নৃপমিতি দ্বিতীয়ৈব ॥১৯৮॥

কস্তস্য প্রতিকার ইত্যাহ—হোতুমিতি। হে মহারাজ! সর্পসত্রে জ্বলিতে হব্যবাহনে অগ্নৌ, তং পাপং তক্ষকম্, হোতুমর্হসি শক্নোষি; অতএব ত্বরিতম্, তৎ সর্পসত্রং বিধীয়তাম্ ॥১৯৯॥

ভারতভাবদীপঃ

মন্তে। অপচিতিং প্রতিক্রিয়াম্ ॥১৮৯—১৯৪॥ মুখ্যমপরাধমাহ—যিযাসুমিতি। বিষহরণায় জিগমিষুমর্থদানেন ন্যবর্ত্তয়ৎ। "পিপাসুম্" ইতি পাঠে রিরক্ষিষুমিত্যর্থঃ ॥১৯৮॥ বাক্য-

---

অতএব হে রাজন্! আপনি সেই মহাত্মা পিতৃদেবের শত্রুর প্রতিশোধ লউন ॥১৯৫॥

দুরাত্মা তক্ষক বিনা অপরাধে রাজা পরীক্ষিৎকে দংশন করিয়াছিল, তাহাতে তিনি বজ্রাহতবৃক্ষের ন্যায় পঞ্চত্ব প্রাপ্ত হইয়াছেন ॥১৯৬॥

বলদর্পে দর্পিত পাপাত্মা সর্পাধম তক্ষক, আপনার পিতাকে যে দংশন করিয়াছিল; সেটা অত্যন্ত গর্হিত কার্য্যই করিয়াছিল ॥১৯৭॥

রাজর্ষিবংশের রক্ষক, দেবতার তুল্য প্রতাপশালী, রাজা পরীক্ষিৎকে চিকিৎসা করিবার জন্য কাশ্যপ আসিতেছিলেন; কিন্তু পাপাত্মা তক্ষক তাঁহাকেও ফিরাইয়া দিয়াছিল ॥১৯৮॥

এবং পিতুশ্চাপচিতিং কৃতবাংস্ত্বং ভবিষ্যসি।
মম প্রিয়ঞ্চ সুমহৎ কৃতং তব ভবিষ্যতি ॥২০০॥
কর্ম্মণঃ পৃথিবীপাল! মম যেন দুরাত্মনা।
বিঘ্নঃ কৃতো মহারাজ! গুর্ব্বর্থং চরতোঽনঘ! ॥২০১॥

সৌতিরুবাচ।

এবং শ্রুত্বা তু নৃপতিস্তক্ষকায় চুকোপ হ।
উতঙ্কবাক্যহবিষা দীপ্তোঽগ্নির্হবিষা যথা ॥২০২॥
অপৃচ্ছৎ স তদা রাজা মন্ত্রিণস্তান্ সুদুঃখিতঃ।
উতঙ্কস্যৈব সান্নিধ্যে পিতুঃ স্বর্গগতিং প্রতি ॥২০৩॥

ভারতকৌমুদী

এবমিতি। এবম্ ইত্থং করণেন, ত্বং পিতুশ্চ অপচিতিং নিষ্কৃতিং পিতৃবৈরপরিশোধমিত্যর্থঃ, কৃতবান্ ভবিষ্যসি ; মম চ সুমহৎ প্রিয়ং তব ত্বয়া কৃতং ভবিষ্যতি ॥২০০॥

নমু তক্ষকেণ তব কিমপরাদ্ধং যেনৈতদব্রবীষীত্যাহ—কর্ম্মণ ইতি। হে পৃথিবীপাল! মহারাজ! অনঘ! যেন দুরাত্মনা তক্ষকেণ, গুর্ব্বর্থং গুরুদক্ষিণার্থম্, চরতঃ কুণ্ডলাহরণরূপং কর্ম্ম কুর্ব্বতো মম তস্য কর্ম্মণো বিঘ্নঃ কৃতঃ ॥২০১॥

এবমিতি। নৃপতির্জনমেজয়ঃ, এবং শ্রুত্বা তু, হবিষা ঘৃতেন যথা অগ্নিঃ, তথা উতঙ্কস্য বাক্যমেব হবিরুত্তেজকপদার্থস্তেন দীপ্ত উত্তেজিতঃ সন্, তক্ষকায় চুকোপ। হেতি পাদপূরণে ॥২০২॥

অপৃচ্ছদিতি। তদা স রাজা সুদুঃখিতঃ সন্, উতঙ্কস্য সান্নিধ্যে সন্নিধাবেব, পিতুঃ স্বর্গগতিং প্রতি মৃত্যুবিষয়ে তদ্বিবরণমিত্যর্থঃ, তান্ তদ্বৃত্তান্তাভিজ্ঞান্ বৃদ্ধান্ মন্ত্রিণঃ অপৃচ্ছৎ ॥২০৩॥

অতএব আপনি সর্পসত্রে প্রজ্বলিত অগ্নিতে সেই পাপাত্মা তক্ষককে দগ্ধ করিতে পারিবেন ; অতএব সত্বর সেই সর্পসত্রের অনুষ্ঠান করুন ॥১৯৯॥

এইরূপ করিলে আপনার পিতৃবৈরীরও প্রতিশোধ দেওয়া হইবে এবং আমারও বিশেষ প্রিয়কার্য্য করা হইবে ॥২০০॥

মহারাজ! গুরুদক্ষিণার জন্য আমি কুণ্ডল আনিতেছিলাম, কিন্তু দুরাত্মা তক্ষক আমার সেই কার্য্যের বিঘ্ন করিয়াছিল" ॥২০১॥

সৌতি বলিলেন—মহারাজ জনমেজয় এইরূপ শুনিয়াই, অগ্নি যেমন ঘৃতদ্বারা প্রজ্বলিত হয়, তেমন উতঙ্কের বাক্যদ্বারা উত্তেজিত হইয়া, তক্ষকের প্রতি ক্রুদ্ধ হইলেন ॥২০২॥

তখন রাজা জনমেজয় উতঙ্কের সমীপেই পিতার মৃত্যু-বৃত্তান্ত বৃদ্ধ মন্ত্রিগণের নিকট জিজ্ঞাসা করিলেন ॥২০৩॥

তদৈব হি স রাজেন্দ্রো দুঃখশোকাপ্লুতোঽভবৎ।
যদৈব বৃত্তং পিতরমুতঙ্কাদশৃণোত্তদা ॥২০৪॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাদিপর্ব্বণি পৌষ্যাখ্যানং নাম তৃতীয়োঽধ্যায়ঃ ॥৩॥

—:*:—

(৪। পৌলোমপর্ব্ব)

চতুর্থোঽধ্যায়ঃ।

—:*:—

লোমহর্ষণপুত্র উগ্রশ্রবাঃ সৌতিঃ পৌরাণিকো নৈমিষারণ্যে শৌনকস্য কুলপতের্দ্বাদশবার্ষিকে সত্রে ঋষীনভ্যাগতানুপতস্থে ॥১॥

ভারতকৌমুদী

তদেতি। তদা তস্মিন্ কালে, স রাজেন্দ্রো জনমেজয়ঃ, তদৈব দুঃখশোকাভ্যাম্ আপ্লুতো ব্যাপ্তঃ অভবৎ; যদৈব উতঙ্কাৎ পিতরং বৃত্তং মৃতম্ অশৃণোৎ। "বৃত্তং বৃত্তৌ দৃঢ়ে মৃতে" ইত্যাদি হেমচন্দ্রঃ ॥২০৪॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামাদিপর্ব্বণি তৃতীয়োঽধ্যায়ঃ ॥৩॥

—:*:—

লোমেতি। লোমহর্ষণ পুত্র ইত্যাদিবিশেষণানাং পুনরুপাদানং সৌতেঃ প্রাধান্যসূচনার্থম্; তৎ প্রাধান্যসূচনেন চ তদুপাস্তানামৃষীণামতিপ্রাধান্যং সূচিতম্; তেন চ তেষামেবাগ্রহাতি-

ভারতভাবদীপঃ

হবিষা বাক্যরূপেণোদ্দীপকেন। হবিষা ঘৃতাদিনা ॥১৯৯—২০৩॥ বৃত্তং মৃতম্, "বৃত্তোঽতীতে দৃঢ়ে খ্যাতে বর্ত্তুলেঽপি মৃতে বৃতে" ইতি বিশ্বঃ, তক্ষকবিষেণেতি শেষঃ। "ধর্ম্মোত্তমেঽস্মৎকুলাঃ স্যুর্দেবাস্তৎপ্রতিবন্ধতঃ। তক্ষকস্যৈব দুঃখাপ্তিরিতি পৌষ্যে ব্যবস্থিতম্॥" ইতি ধ্রুবগর্ভঃ ॥২০৪॥

ইতি শ্রীমহাভারতে আদিপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে তৃতীয়োঽধ্যায়ঃ ॥৩॥

—:*:—

এবঞ্চ কৃতোপোদ্ঘাতং ভারতমারভতে। লোমহর্ষণেত্যাদিপূর্ব্ববদ্ব্যাখ্যেয়ম্। অত্র "সৌতি-

---

রাজা জনমেজয় যখনই উতঙ্কের মুখে পিতার মৃত্যুবৃত্তান্ত শুনিলেন, তখনই দুঃখে ও শোকে আকুল হইয়া পড়িলেন ॥২০৪॥

—:*:—

লোমহর্ষণের পুত্র শ্রুতিধর ও পুরাণশাস্ত্রজ্ঞ সৌতি, নৈমিষারণ্যে কুলপতি শৌনকের দ্বাদশবর্ষব্যাপী যজ্ঞে পুরাণের উপাখ্যান বলিয়া, সমাগত মুনিগণকে সন্তুষ্ট করিতেছিলেন ॥১॥

স কৃতাঞ্জলিস্তানুবাচ—ময়োতঙ্কস্য চরিতমশেষমুক্তং জনমেজয়স্য সর্পসত্রে নিমিত্তান্তরমিদমপি। কিং ভবন্তঃ শ্রোতুমিচ্ছন্তি, কিমহং ব্রুবাণি, ইতি ॥২॥

তমৃষয় উচুঃ—পরং লোমহর্ষণে! বক্ষ্যামস্ত্বাং, নঃ প্রতি বক্ষ্যসি বচঃ, শুশ্রূষতাং কথাযোগং নঃ কথাযোগে ॥৩॥

ভারতকৌমুদী

শস্মাদেতৎকথায়াঃ পরমোপাদেয়তা সূচিতা। অভ্যাগতান্ উপস্থিতান্। উপতস্থে আরাধ পুরাণোপাখ্যানকথনৈঃ সন্তোষয়ামাসেত্যর্থঃ ॥১॥

স ইতি। স সৌতিঃ, তান্ ঋষীন্। ইদম্ উতঙ্কচরিতমপি, নিমিত্তান্তরম একং কারণম্ ॥২॥

ভারতভাবদীপঃ

রুবাচ" ইতি পাঠে লোমহর্ষণপুত্রাদীনাং সৃষ্টিপ্রবাহানাদিতয়া প্রতিকল্পং সমাননামরূপাধিকারপুরুষবিশেষবচনানাং "সূর্য্যাচন্দ্রমসৌ ধাতা যথাপূর্ব্বমকল্পয়ৎ" ইত্যাদিশ্রুতিভ্যঃ স্থানপতিসেনাপত্যাদিশব্দবদধিকারবিশেষবাচিত্বাদেতৎকল্পীয়সৌতিবচনং পূর্ব্বকল্পীয়লোমহর্ষণপুত্রাদিপরমিতি। এবং সর্পসত্রাদিকথাপি কৃতত্রেতাদিযুগস্থান্ রুরুপ্রভৃতীন্ প্রত্যুচ্যমানা পূর্ব্বকল্পীয়সর্পসত্রাদিপরেতি ধ্যেয়ম্ ॥১॥ পৌরাণিকঃ পুরাণং পণ্যং জীবিকা অস্যেতি ব্যুৎপত্তিং নিরাকরোতি, পুরাণে কৃতশ্রম ইতি। অত্র "ব্রাহ্মণ্যাং ক্ষত্রিয়াৎ সূতঃ" ইতি স্মৃত্যুক্তো বিলোমজো জাতিসূতঃ সঞ্জয়াধিরথাদিরন্যঃ। যস্য জীবিকা সারথ্যং বা পুরাণরাজ্ঞাং শৌর্য্যৌদার্য্যাদিবর্ণনেন স্বামিপ্রোৎসাহনং বা। অতএবাস্য পৌরাণিক ইতি সংজ্ঞা। উগ্রশ্রবাস্তু সৌতিরেব, ন জাতিসূতঃ; তথাত্বে তত্রাপি সূতশব্দপ্রয়োগোপপত্তেঃ সৌতিরিত্যপত্যার্থস্য তদ্ধিতস্যানর্থক্যং স্যাৎ। কিং তর্হি, "অগ্নিকুণ্ডসমুদ্ভূতঃ সূতঃ নির্ম্মলমানস" ইতি রোমহর্ষণং প্রতি শৌনকবচনস্য পুরাণান্তরে দর্শনাগ্নিজো রোমহর্ষণঃ সূতঃ। তস্য চ ব্রাহ্মণসকল্পাদ্ব্রহ্মাসনার্হত্বম্, ধৃষ্টদ্যুম্নস্য ক্ষত্রিয়বৎ। ব্রহ্মাসনঞ্চ বৈশম্পায়ন-শান্তব্রত-মার্কণ্ডেয়াদিতুল্যন্তৎসজাতীয় এবার্হতি, ন হীনঃ। ন হি মহান্তঃ শৌনকাদয়ো হীনাৎ পরং রহস্যং জগৃহুরিতি বক্তুং যুক্তম্; "ন হীনতঃ পরমভ্যাদদীত" ইত্যত্রৈব তন্নিষেধাৎ "নীচাদপ্যুত্তমা বিদ্যা গ্রাহ্যা" ইতি ত্বাপদ্বিষয়মেতৎ। অতএব তদ্বধাৎ বলরামেণ ব্রহ্মহত্যাব্রতং চীর্ণমিতি স্মর্য্যতে। অত্র সূতশব্দস্তু কথাপ্রবক্তৃত্বসামান্যাৎ। তস্মাদ্ব্রাহ্মণ এব পুরাণপ্রবক্তৃত্বেন বরণীয়ঃ শ্রোতুকামৈর্ন হীনঃ। পৌরাণিক-

---

তিনি কৃতাঞ্জলি হইয়া মুনিগণকে বলিলেন—"আমি উতঙ্কের সমস্ত চরিত্রই বলিলাম; এই উতঙ্কচরিত্রও জনমেজয়ের সর্পসত্রের একটি কারণ বলিয়া জানিবেন। এখন আপনারা কি শুনিতে ইচ্ছা করেন? আমি কি বলিব? ॥২॥

---

(২) পৌরাণিকঃ পুরাণে কৃতশ্রমঃ স কৃতাঞ্জলিঃ…ইত্যনেকপুস্তকে পাঠঃ। কিন্তু পূর্ব্বং হস্তলিখিতপুস্তকে পৌরাণিক ইত্যস্য ব্যাখ্যাভাবেন 'পৌরাণিকঃ পুরাণে কৃতশ্রমঃ' ইত্যুপরি কেনচিল্লিখিতমাসীৎ, তদেব পরং কেনচিন্মূলে প্রবেশিতমিতি প্রতীয়তে।

(৩)…পরমং লোমহর্ষণে!।

তত্র ভগবান্ কুলপতিস্তু শৌনকোঽগ্নিশরণমধ্যাস্তে ॥৪॥
দীর্ঘসত্রত্বাৎ সর্ব্বাঃ কথাঃ শ্রোতুং কালোঽস্তি ॥৫॥
যোঽসৌ দিব্যাঃ কথা বেদ দেবতাসুরসংশ্রিতাঃ।
মনুষ্যোরগ-গন্ধর্ব্ব-কথা বেদ চ সর্বশঃ ॥৬॥
স চাপ্যস্মিন্ মখে সৌতে! বিদ্বান্ কুলপতির্দ্বিজঃ।
দক্ষো ধৃতব্রতো ধীমান্ শাস্ত্রে চারণ্যকে গুরুঃ ॥৭॥

ভারতকৌমুদী

তমিতি। হে লৌমহর্ষণে! পরং শৌনকাগমনাদনন্তরম্, ত্বাং বক্ষ্যামঃ—কিং বয়ং শ্রোতুমিচ্ছাম ইতি কথয়িষ্যামঃ। ত্বমপি কথাযোগম্ উপাখ্যানসমূহম্, শুশ্রূষতাং শ্রোতুমিচ্ছতাম্, নঃ অস্মাকম্, কথাযোগে প্রশ্নবাক্যপ্রসঙ্গে সতি, নঃ অস্মান্, বচঃ পৃষ্টবিষয়কবাক্যম্, প্রতি বক্ষ্যসি ॥৩॥

অথ শৌনকঃ কাস্ত ইত্যাহ—তত্রেতি। তত্র যজ্ঞবাট্যাম্। অগ্নিশরণং হোমগৃহম্; অধ্যাস্তে অধিতিষ্ঠতি ॥৪॥

নমু বিলম্বে যজ্ঞসমাপ্তির্ভবিষ্যতি, ভবন্তশ্চ যথাস্থানং যাস্যন্তি; তথাত্বে কথাসমাপ্তিস্তু ন ভবিষ্যত্যেবেত্যাহ—দীর্ঘেতি। দীর্ঘসত্রত্বাৎ অস্য সত্রস্য দীর্ঘকালব্যাপকত্বাৎ ॥৫॥

য ইতি। যোঽসৌ শৌনকঃ, দেবতাসুরান্ সংশ্রিতাস্তৎসম্বন্ধিনীঃ, অতএব দিব্যা অলৌকিকীঃ, কথা উপখ্যানানি, বেদ জানাতি, তথা সর্ব্বশঃ সর্ব্বাঃ, মনুষ্যোরগগন্ধর্ব্বকথাশ্চ বেদ ॥৬॥

স ইতি। হে সৌতে! বিদ্বান্, কুলপতিঃ, দক্ষঃ কর্ম্মনিপুণঃ, ধীমান্ বুদ্ধিমান্, আরণ্যকে

ভারতভাবদীপঃ

পদং ন জাতিসূতপরম্, অপি তু পুরাণাধ্যেতৃব্রাহ্মণপরমিতি ॥২॥ পরমিতি। হে লৌমহর্ষণে। ত্বাং পরমং বচো বক্ষ্যামঃ পরমং ব্রহ্ম বক্ষ্যামস্তৎপ্রযোজকত্বেন বাচয়িষ্যামঃ; শৌনকে সমাগতে ইতি শেষঃ। কথাযোগং কথাসমুদায়ং শুশ্রূষতাং নঃ ত্বং প্রতিবক্ষ্যসীতি জানেতি শেষঃ। নোঽস্মাকং কথাযোগে কথাপ্রসঙ্গে ইতি ব্যবহিতান্বয়েন যোজ্যম্ ॥১॥ অগ্নিশরণমগ্নিগৃহম্ ॥৪॥

মুনিগণ সৌতিকে বলিলেন—"সৌতি! মহর্ষি শৌনক আসিলে পর, আমরা আপনাকে বলিব যে, আমরা কি শুনিতে ইচ্ছা করি। বস্তুতঃ আমরা অনেক উপাখ্যানই শুনিতে ইচ্ছা করি; সুতরাং আমাদের প্রশ্ন অনুসারে আপনি আমাদিগকে সেই উপাখ্যান সকল বলিবেন" ॥৩॥

মাননীয় কুলপতি শৌনক এখন যজ্ঞবাটীর হোমগৃহে আছেন ॥৪॥

এই যজ্ঞটী দীর্ঘকাল চলিবে বলিয়া, সমস্ত উপাখ্যানই শুনিবার সময় হইবে ॥৫॥

যিনি দেবগণ ও অসুরগণের অলৌকিক উপাখ্যান জানেন এবং মনুষ্য, সর্প ও গন্ধর্ব্বগণের সমস্ত উপাখ্যান অবগত আছেন ॥৬॥

সত্যবাদী শমপরস্তপস্বী নিয়তব্রতঃ।
সর্ব্বেষামেব নো মান্যঃ স তাবৎ প্রতিপাল্যতাম্ ॥৮॥
তস্মিন্নধ্যাসতি গুরাবাসনং পরমার্চ্চিতম্।
ততো বক্ষ্যসি যত্ত্বাং স প্রক্ষ্যতি দ্বিজসত্তমঃ ॥৯॥

সৌতিরুবাচ।

এবমস্তু গুরৌ তস্মিন্নুপবিষ্টে মহাত্মনি।
তেন পৃষ্টঃ কথাঃ পুণ্যা বক্ষ্যামি বিবিধাশ্রয়াঃ ॥১০॥
সোঽথ বিপ্রর্ষভঃ সর্ব্বং কৃত্বা কার্য্যং যথাবিধি।
দেবান্ বাগ্‌ভিঃ পিতৄনদ্ভিস্তর্পয়িত্বাজগাম হ ॥১১॥

ভারতকৌমুদী

বৃহদারণ্যকাদিজ্ঞানপ্রধানে শাস্ত্রে গুরুঃ উপদেষ্টা চ, স দ্বিজঃ শৌনকোঽপি চ, অস্মিন্ মখে যজ্ঞে ধৃতব্রতো গৃহীতাচার্য্যনিয়মো বর্ত্ততে ॥৭॥

কিঞ্চ সত্যেতি। সত্যবাদী, শমপরঃ শমগুণান্বিতঃ, তপস্বী, নিয়তব্রতঃ অখণ্ডিতব্রহ্মচর্য্যনিয়মঃ; অতএব সর্ব্বেষামেব, নঃ অস্মাকম্, মান্যঃ; তেন চ স শৌনকঃ, তাবৎ প্রতিপাল্যতাং প্রতীক্ষ্যতাম্ ॥৮॥

তস্মিন্নিতি। তস্মিন্ গুরৌ শৌনকে পরমার্চ্চিতম্ আসনম্, অধ্যাসতি গৃহ্ণতি সতি, ততঃ পরঞ্চ, স দ্বিজসত্তমঃ, ত্বাং যৎ প্রক্ষ্যতি, ত্বং তদ্বক্ষ্যসি ॥৯॥

এবমিতি। এবং ভবদুক্তমেব অস্তু। তস্মিন্ মহাত্মনি গুরৌ শৌনকে, উপবিষ্টে সতি, তেনা চাহং পৃষ্টঃ সন্, বিবিধাশ্রয়াঃ, নানাবিষয়া পুণ্যাঃ কথাঃ, বক্ষ্যামি ॥১০॥

স ইতি। অথ সৌতেস্তাদৃশাঙ্গীকারানন্তরম্, স বিপ্রর্ষভো ব্রাহ্মণশ্রেষ্ঠঃ শৌনকঃ, যথা-

ভারতভাবদীপঃ

বেদ তাৎপর্য্যং বোদ্ধুমিতি শেষঃ ॥৫—৬॥ শাস্ত্রে বিধিনিষেধপ্রধানে কর্ম্মকাণ্ডে। আরণ্যকে উপনিষদাদিজ্ঞানকাণ্ডে ॥৭॥ প্রতিপাল্যতাং প্রতীক্ষ্যতাম্ ॥৮॥ ততঃ তৎ, প্রথমার্থে তসিঃ ॥৯—১০॥

সৌতি! তিনিও এই যজ্ঞে ব্রতী আছেন; বিশেষতঃ তিনি বিদ্বান, বহু ছাত্রের অধ্যাপক, কর্ম্মনিপুণ, বুদ্ধিমান্ এবং বেদান্তশাস্ত্রের উপদেষ্টা ॥৭॥

আর, তিনি সত্যবাদী, শান্তিপরায়ণ, তপস্বী এবং দৃঢ় ব্রহ্মচারী; অতএব সেই মহর্ষি শৌনক আমাদের সকলেরই মাননীয়; সুতরাং আপনি তাঁহার জন্য প্রতীক্ষা করুন ॥৮॥

সেই গুরুদেব উচ্চ আসনে উপবিষ্ট হইয়া, আপনাকে যাহা জিজ্ঞাসা করিবেন, আপনি তাহাই বলিবেন" ॥৯॥

সৌতি বলিলেন—"এইরূপই হউক; সেই মহাত্মা উপবেশন করিয়া প্রশ্ন করিলে, আমি নানা বিষয়ের পবিত্র উপাখ্যান বলিব ॥১০॥

যত্র ব্রহ্মর্ষয়ঃ সিদ্ধাঃ সুখাসীনা ধৃতব্রতাঃ।
যজ্ঞায়তনমাশ্রিত্য সূতপুত্রপুরঃসরাঃ ॥১২॥
ঋত্বিক্ষ্বথ সদস্যেষু স বৈ গৃহপতিস্তদা।
উপবিষ্টেষূপবিষ্টঃ শৌনকোঽথাব্রবীদিদম্ ॥১৩॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাদিপর্ব্বণি
পৌলোমে কথাপ্রবেশো নাম চতুর্থোঽধ্যায়ঃ ॥০॥

—ঃ*ঃ—

ভারতকৌমুদী

বিধি সন্ধ্যাবন্দনাদিকং সর্ব্বং কার্য্যং কৃত্বা, স্তবরূপাভির্বাগ্ভির্দেবান্, অদ্ভির্জলৈশ্চ পিতৄন্, তর্পয়িত্বা, আজগাম। হশব্দঃ পাদপূরণে ॥১১॥

কুত্রাজগামেত্যাহ যত্রেতি। যত্র স্থানে অণিমাদৌ সিদ্ধাঃ ধৃতব্রতা গৃহীতব্রহ্মচর্য্যাদি-নিয়মাশ্চ ব্রহ্মর্ষয়ঃ, যজ্ঞস্য আয়তনং প্রদেশমাশ্রিত্য, সূতপুত্রঃ সৌতিঃ পুরঃসরো যেষাং তে তাদৃশাঃ সন্তঃ, সুখাসীনা আসন্ ॥১২॥

ঋত্বিক্ষ্বিতি। অথ শৌনকাগমনানন্তরম্, ঋত্বিক্ষু সদস্যেষু চ উত্থায় শৌনকাদেশাদেব পুনরুপবিষ্টেষু সৎসু, অথানন্তরম্, গৃহপতিঃ আশ্রমস্বামী স শৌনকঃ, তদা ইদং বক্ষ্যমাণং বাক্যমব্রবীৎ ॥১৩॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামাদিপর্ব্বণি পৌলোমে চতুর্থোঽধ্যায়ঃ ॥০॥

—ঃ*ঃ—

ভারতভাবদীপঃ

বাগ্ভির্ব্রহ্মযজ্ঞীয়াভিঃ, "বেদেন যদৃচোঽধীতে পয় আহুতিভিরেব তদ্দেবতাস্তর্পয়তি" ইত্যাদিবচনাৎ। আজগামেতি শেষঃ ॥১১—১৩॥

ইতি শ্রীমহাভারতে নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে আদিপর্ব্বণি চতুর্থোঽধ্যায়ঃ ॥৪॥

তাহার পর, ব্রাহ্মণশ্রেষ্ঠ শৌনক যথাবিধানে সন্ধ্যাবন্দনাদি সমস্ত কার্য্য শেষ করিয়া, পরে স্তবদ্বারা দেবগণের এবং জলদ্বারা পিতৃলোকের তৃপ্তি সাধন করিয়া তথায় আগমন করিলেন ॥১১॥

যে স্থানে অণিমাদিসিদ্ধ ব্রহ্মচারী ব্রহ্মর্ষিগণ সৌতিকে সম্মুখে রাখিয়া, যজ্ঞশালায় সুখে উপবেশন করিয়া রহিয়াছিলেন ॥১২॥

তাহার পর, পুরোহিতগণ এবং সদস্যগণ মহর্ষি শৌনককে দেখিয়া গাত্রোত্থান করিয়া আবার তাঁহারই আদেশে উপবেশন করিলে, আশ্রমস্বামী শৌনক উপবেশন করিয়া তখন এই কথা বলিলেন ॥১৩॥

পঞ্চমোঽধ্যায়ঃ।

—ঃ*ঃ—

শৌনক উবাচ।

পুরাণমখিলং তাত! পিতা তেঽধীতবান্ পুরা।
ভারতাধ্যয়নং সর্ব্বং কৃষ্ণদ্বৈপায়নাত্তদা।
কচ্চিত্ত্বমপি তৎ সর্ব্বমধীষে লোমহর্ষণে! ॥১॥
পুরাণে হি কথা দিব্যা আদিবংশাশ্চ ধীমতাম্।
কথ্যন্তে যে পুরাস্মাভিঃ শ্রুতপূর্ব্বাঃ পিতুস্তব ॥২॥
তত্র বংশমহং পূর্বং শ্রোতুমিচ্ছামি ভার্গবম্।
কথয়স্ব কথামেতাং কল্যাঃ স্মঃ শ্রবণে তব ॥৩॥

ভারতকৌমুদী

পুরাণমিতি। হে তাত! দয়াপাত্র! পুরা তে তব পিতা লোমহর্ষণঃ, অখিলং পুরাণম্ অধীতবান্, তদা কৃষ্ণদ্বৈপায়নাৎ সর্বং ভারতাধ্যয়নঞ্চ কৃতবানিতি শেষঃ। কিন্তু হে লোমহর্ষণে! ত্বমপি তৎ সর্বম্ অধীষে কিমিতি কচ্চিৎ তদ্বেদিতুমিচ্ছামীত্যর্থঃ। অধীষ ইত্যতীতসামীপ্যে বর্ত্তমানা। "তাতোঽনুকম্প্যো জনকে" ইতি বিশ্বঃ। "কচ্চিৎ কাম-প্রবেদনে" ইত্যমরঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১॥

পুরাণ ইতি। পুরাণে দিব্যা অলৌকিক্যঃ কথাঃ, ধীমতাং মন্বাদীনাম্, আদিবংশাশ্চ কথ্যন্তে; যে পুরা অস্মাভিঃ তব পিতুঃ সকাশাৎ শ্রুতপূর্বাঃ ॥২॥

তত্রেতি। তত্র তেষু আদিবংশেষু মধ্যে, অহং পূর্বং প্রথমম্, ভৃগোরয়ং ভার্গবস্তং বংশম্, শ্রোতুমিচ্ছামি। এতাং কথাং কথয়স্ব, তব মুখাৎ শ্রবণে বয়ং কল্যাঃ সজ্জাঃ স্মঃ। "কল্যং প্রভাতে মধুনি সজ্জে দক্ষে নিরাময়ে। কল্যা কল্যাণবাচি স্যাৎ" ইতি হেমচন্দ্রঃ ॥৩॥

ভারতভাবদীপঃ

পুরাণমিতি। পুরাণং পুরাবৃত্তম্ ॥১—২॥ কল্যাঃ সমর্থাঃ। তব বক্তুঃ শ্রোতুমিতি

শৌনক বলিলেন—"বৎস! তোমার পিতা পূর্ব্বে সমস্ত পুরাণ অধ্যয়ন করিয়াছিলেন এবং মহর্ষি বেদব্যাসের নিকট তখন সমগ্র মহাভারতও অধ্যয়ন করিয়াছিলেন। কিন্তু সৌতি! তুমিও কি সে সমস্ত অধ্যয়ন করিয়াছ? ইহা জানিতে ইচ্ছা করি ॥১॥

পুরাণে অলৌকিক উপাখ্যান এবং মনস্বীদিগের আদিবংশ কথিত আছে; যাহা আমরা পূর্ব্বে তোমার পিতার নিকট শুনিয়াছি ॥২॥

সেই আদিবংশের মধ্যে আমি প্রথমে ভৃগুর বংশ শুনিতে ইচ্ছা করি।

সৌতিরুবাচ ।

যদধীতং পুরা সম্যগ্ দ্বিজশ্রেষ্ঠৈর্মহাত্মভিঃ ।
বৈশম্পায়নবিপ্রাগ্র্যৈস্তৈশ্চাপি কথিতং যথা ॥৪॥
যদধীতঞ্চ পিত্রা মে সম্যক্ চৈব ততো ময়া ।
তাবচ্ছৃণুষ্ব যো দেবৈঃ সেন্দ্রৈঃ সর্ষিমরুদ্গণৈঃ ।
পূজিতঃ প্রবরো বংশো ভার্গবো ভৃগুনন্দন ! ॥৫॥
ইমং বংশমহং পূর্বং ভার্গবং তে মহামুনে ! ।
নিগদামি যথাযুক্তং পুরাণাশ্রয়সংযুতম্ ॥৬॥ (বিশেষকম্)
ভৃগুর্মহর্ষির্ভগবান্ ব্রহ্মণা বৈ স্বয়ম্ভুবা ।
বরুণস্য ক্রতৌ জাতঃ পাবকাদিতি নঃ শ্রুতম্ ॥৭॥

ভারতকৌমুদী

যদিতি। হে ভৃগুনন্দন! হে মহামুনে! শৌনক! পুরা বৈশম্পায়নবিপ্র এব অগ্র্যাঃ প্রধানো যেষাং তৈঃ, মহাত্মভির্দ্বিজশ্রেষ্ঠৈঃ, সম্যক্, যং অধীতম্; তৈশ্চ যথা কথিতমপি; মে মম পিত্রা লোমহর্ষণেন চ যৎ অধীতম্; ততঃ পিতুঃ সকাশাৎ ময়া চ সম্যক্ যৎ অধীতম্, তাবৎ তৎ সর্বং ত্বং শৃণুষ্ব। প্রবরো যো ভার্গবো বংশঃ, ঋষীণাং মরুতাং বায়ূনাঞ্চ গণেন সহেতি তৈঃ সর্ষিমরুদ্গণৈঃ, সেন্দ্রৈশ্চ দেবৈঃ পূজিতঃ; পুরাণাশ্রয়সংযুক্তং পুরাণসম্বন্ধেন সম্বদ্ধং পুরাণবিবৃতমিত্যর্থঃ, ইমং তং ভার্গবং বংশম্, অহং পূর্বম্; যথাযুক্তং যথান্যায়ং তে তব সমীপে, নিগদামি ব্রবীমি। পঞ্চমপদ্যং ষট্চরণম্ ॥৪—৬॥

ভৃগুরিতি। স্বয়ম্ভুবা ব্রহ্মণা সম্পাদ্যমানে ইতি শেষঃ, বরুণস্য ক্রতৌ যজ্ঞে ভগবান্ মাহাত্ম্যবান্ মহর্ষির্ভৃগুঃ, পাবকাৎ যজ্ঞাগ্নিতো জাত ইতি নঃ অস্মাকম্, শ্রুতমাসীৎ ॥৭॥

ভারতভাবদীপঃ

সম্বন্ধঃ ॥৩॥ কথিতং মহ্যমিতি শেষঃ ॥৪॥ ততো ময়েতি। পিতুঃ সকাশান্ময়া অধীতমিত্যা-

এই উপাখ্যানটী তুমি বল, তোমার মুখে শুনিবার জন্য আমরা প্রস্তুত হইয়াছি' ॥৩॥

সৌতি বলিলেন—"হে মহর্ষি ভৃগুনন্দন! বৈশম্পায়নপ্রভৃতি মহাত্মা ব্রাহ্মণগণ পূর্বে যাহা অধ্যয়ন করিয়াছিলেন এবং লোকসমাজে যাহা বলিয়াছিলেন, আমার পিতৃদেব যাহা পড়িয়াছিলেন এবং আমিও যাহা তাঁহার নিকট যথানিয়মে পড়িয়াছি; আপনি সে সমস্তই শ্রবণ করুন। ঋষিগণ, মরুদ্গণ এবং ইন্দ্রাদি দেবগণ যে বিশাল ভৃগুবংশের সম্মান করিয়া থাকেন; পুরাণোক্ত সেই ভৃগুবংশ আমি প্রথমেই আপনার নিকট বলিতেছি ॥৪—৬॥

আমাদের ইহা শুনা আছে যে, ব্রহ্মা বরুণের যজ্ঞ করিতেছিলেন; সেই যজ্ঞের অগ্নি হইতে মহর্ষি ভৃগু জন্মগ্রহণ করেন ॥৭॥

(৫)...তং তাবচ্ছৃণু যো দেবৈঃ...।

ভৃগোঃ সুদয়িতঃ পুত্রশ্চ্যবনো নাম ভার্গবঃ।
চ্যবনস্য চ দায়াদঃ প্রমতির্নাম ধার্ম্মিকঃ ॥৮॥
প্রমতেরপ্যভূৎ পুত্রো ঘৃতাচ্যাং রুরুরিত্যুত।
রুরোরপি সুতো জজ্ঞে শুনকো বেদপারগঃ।
প্রমদ্বরায়াং ধর্ম্মাত্মা তব পূর্ব্বপিতামহঃ ॥৯॥
তপস্বী চ যশস্বী চ শ্রুতবান্ ব্রহ্মবিত্তমঃ।
ধার্ম্মিকঃ সত্যবাদী চ নিয়তো নিয়তাশনঃ ॥১০॥

শৌনক উবাচ।

সূতপুত্র! যথা তস্য ভার্গবস্য মহাত্মনঃ।
চ্যবনত্বং পরিখ্যাতং তন্মমাচক্ষ্ব পৃচ্ছতঃ ॥১১॥

ভারতকৌমুদী

ভৃগোরিতি। চ্যবনো নাম, ভৃগোঃ, সুদয়িতঃ অতীবপ্রিয়ঃ, প্রথমো ভার্গবঃ পুত্রোঽভূৎ। প্রমতির্নাম চ্যবনস্য চ ধার্ম্মিকো দায়াদ উত্তরাধিকারী পুত্র ইত্যর্থঃ অভূৎ ॥৮॥

প্রমতেরিতি। উতেতি সমুচ্চয়ে। রুরুরিতি নাম প্রমতেরপি ঘৃতাচ্যাং তদাখ্যায়াং ভার্য্যায়াং পুত্রোঽভূৎ। শুনকো নাম রুরোরপি প্রমদ্বরায়াং তদাখ্যায়াং ভার্য্যায়াম্, ধর্ম্মাত্মা বেদপারগশ্চ সুতো জজ্ঞে জাতঃ; স চ তব পিতামহাৎ পূর্ব্বঃ পুরুষ ইতি পূর্ব্বপিতামহঃ প্রপিতামহ ইত্যর্থঃ। ইদমপি ষট্পদং পদ্যম্ ॥৯॥

তপস্বীতি। শ্রুতবান্ শাস্ত্রজ্ঞানবান্, ব্রহ্মবিত্তমো ব্রহ্মজ্ঞানিশ্রেষ্ঠঃ। নিয়তঃ সদাচার-নিষ্ঠঃ, নিয়তাশনো হিতমিতাহারী চ আসীৎ ॥১০॥

সূতেতি। হে সূতপুত্র! সৌতে! তস্য মহাত্মনো ভার্গবস্য ভৃগুপুত্রস্য, চ্যবনত্বং চ্যবনেতি নাম্নো যৌগিকত্বং যথা পরিখ্যাতং বিখ্যাতমভূৎ পৃচ্ছতো মম সমীপে ত্বং তৎ আচক্ষ্ব ব্রূহি ॥১১॥

ভারতভাবদীপঃ

বর্ত্তনীয়ম্ ॥৫॥ পুরাণস্য আশ্রয় উপোদ্ঘাতস্তৎসংযুতম্ ॥৬—৮॥ পূর্ব্বপিতামহঃ কুলপ্রধান-পুরুষঃ ॥৯॥ নিয়তঃ শমাদিমান্। নিয়তাশনঃ হিতং মিতং মেধ্যং বা অশ্নাতি ন

চ্যবননামে ভৃগুর একটী পুত্র জন্মে, সে পুত্রটী ভৃগুর অতিশয় প্রিয় ছিল; চ্যবনের আবার প্রমতিনামে একটি ধার্ম্মিক পুত্র জন্মগ্রহণ করে ॥৮॥

ঘৃতাচীর গর্ভে রুরুনামে প্রমতির একটী পুত্র জন্মগ্রহণ করে; আবার প্রমদ্বরার গর্ভে শুনকনামে রুরুর পুত্র জন্মে, তিনি পরে বেদশাস্ত্রে পারদর্শী ও ধার্ম্মিক হইয়াছিলেন এবং তিনিই আপনার প্রপিতামহ ছিলেন ॥৯॥

সেই শুনক তপস্বী, যশস্বী, শাস্ত্রজ্ঞ, প্রধান ব্রহ্মজ্ঞানী, ধার্ম্মিক, সত্যবাদী, আচারনিষ্ঠ এবং হিতভোজী ও মিতভোজী ছিলেন" ॥১০॥

শৌনক কহিলেন—"সৌতি। যে কারণে সেই মহাত্মা ভৃগুপুত্রের চ্যবন

সৌতিরুবাচ।

ভৃগোঃ সুদয়িতা ভার্য্যা পুলোমেত্যভিবিশ্রুতা।
তস্যাং সমভবদ্‌গর্ভো ভৃগুবীর্য্যসমুদ্ভবঃ ॥১২॥

তস্মিন্ গর্ভেঽথ সম্ভূতে পুলোমায়াং ভৃগূদ্বহ !।
সময়ে সমশীলিন্যাং ধর্ম্মপত্ন্যাং যশস্বিনঃ ॥১৩॥

অভিষেকায় নিষ্ক্রান্তে ভৃগৌ ধর্ম্মভৃতাং বরে।
আশ্রমং তস্য রক্ষোঽথ পুলোমাভ্যাজগাম হ ॥১৪॥ (যুগ্মকম্)

তং প্রবিশ্যাশ্রমং দৃষ্ট্বা ভৃগোর্ভার্য্যামনিন্দিতাম্।
হৃচ্ছয়েন সমাবিষ্টো বিচেতাঃ সমপদ্যত ॥১৫॥

অভ্যাগতং তু তদ্রক্ষঃ পুলোমা চারুদর্শনা।
ন্যমন্ত্রয়ত বন্যেন ফলমূলাদিনা তদা ॥১৬॥

ভারতকৌমুদী

ভৃগোরিতি। সুদয়িতা অতীবপ্রিয়া। অভিবিশ্রুতা সর্ব্বত্র বিখ্যাতা ॥১২॥

তস্মিন্নিতি। হে ভৃগূদ্বহ! ভৃগুবংশরক্ষক! শৌনক! সময়ে যথাকালে যশস্বিনো ভৃগোঃ, সমং তুল্যং শীলং স্বভাবঃ অস্যা অস্তীতি তস্যাম্, ধর্ম্মপত্ন্যাং পুলোমায়াম্, তস্মিন্ গর্ভে সম্ভূতে সতি, ধর্ম্মভৃতাং বরে ভৃগৌ চ অভিষেকায় স্নানায়, নিষ্ক্রান্তে আশ্রমান্নির্গতে সতি, অথ পুলোমা নাম রক্ষঃ কশ্চিৎ রাক্ষসঃ, তস্য ভৃগোরাশ্রমম্, অভ্যাজগাম ॥১৩—১৪॥

তমিতি। স চ পুলোমা রাক্ষসঃ তম্ আশ্রমং প্রবিশ্য অনিন্দিতাং ভৃগোর্ভার্য্যাং দৃষ্ট্বা, হৃচ্ছয়েন কামেন সমাবিষ্টঃ অধিকৃতঃ সন্, বিচেতা মুগ্ধহৃদয়ঃ, সমপদ্যত অভবৎ ॥১৫॥

অভ্যাগতমিতি। চারুদর্শনা পুলোমা তু, তদা বন্যেন ফলমূলাদিনা অভ্যাগতম্ অতিথি-ভূতম্, তৎ রক্ষঃ পুলোমানং রাক্ষসম্, ন্যমন্ত্রয়ত তদেব ভোক্তুং নিমন্ত্রিতবতী ॥১৬॥

ভারতভাবদীপঃ

অনশন এবেতি ভাবঃ। 'নিয়তেন্দ্রিয়ঃ' ইতি পাঠে যমনিয়মযুক্তঃ ॥১০—১৪॥ হৃচ্ছয়েন

নাম বিখ্যাত হইয়াছিল, সেই কারণই আমি জিজ্ঞাসা করিতেছি, তাহা তুমি আমার নিকট বল" ॥১১॥

সৌতি বলিলেন—"ভৃগুর ভার্য্যার নাম ছিল পুলোমা, তিনি ভৃগুর পরম প্রিয়তমা ছিলেন ; ভৃগুর সংসর্গে তাঁহার গর্ভ হইয়াছিল ॥১২॥

ভৃগুর ধর্ম্মপত্নী পুলোমারও ভৃগুর মতই স্বভাব ছিল ; যথাসময়ে তাঁহার গর্ভ হইলে পর, একদিন ধার্ম্মিকশ্রেষ্ঠ ভৃগু স্নান করিবার জন্য আশ্রম হইতে চলিয়া গেলে, পুলোমা নামে কোন রাক্ষস সেই আশ্রমে আগমন করিল ॥১৩—১৪॥

পুলোমা রাক্ষস সেই আশ্রমে প্রবেশ করিয়া, ভৃগুর সুন্দরী ভার্য্যাকে দেখিয়া, কামাবেশে অত্যন্ত মুগ্ধ হইয়া পড়িল ॥১৫॥

তাং তু রক্ষস্তদা ব্রহ্মন্! হৃচ্ছয়েনাভিপীড়িতম্।
দৃষ্ট্বা হৃষ্টমভূদ্রাজন্! জিহীর্ষু তামনিন্দিতাম্ ॥১৭॥
জাতমিত্যব্রবীৎ কার্য্যং জিহীর্ষুর্মুদিতঃ শুভাম্।
সা হি পূর্ব্বং বৃতা তেন পুলোম্না তু শুচিস্মিতা ॥১৮॥
তাং তু প্রাদাৎ পিতা পশ্চাদ্‌ভৃগবে শাস্ত্রবত্তদা।
তস্য তৎ কিল্বিষং নিত্যং হৃদি বর্ত্ততি ভার্গব! ॥১৯॥

ভারতকৌমুদী

তামিতি। হে ব্রহ্মন্! ব্রাহ্মণ! রাজন্! রাজতুল্যাশ্রমস্বামিন্! শৌনক! হৃচ্ছয়েন কামেন অভিপীড়িতং রক্ষঃ পুলোমা রাক্ষসঃ তদা তাং দৃষ্ট্বা, হৃষ্টং সৎ, অনিন্দিতাং তাং পুলোমাম্, জিহীর্ষু হর্ত্তুমিচ্ছু অভূৎ ॥১৭॥

জাতমিতি। শুভাং শুভলক্ষণাং পুলোমাং জিহীর্ষুঃ, অতএব মুদিতঃ পুলোমরাক্ষসঃ, কার্য্যং জাতম্ ইত্যব্রবীৎ। হি যস্মাৎ, শুচি শুভ্রং স্মিতং মন্দহাস্যং যস্যাঃ সা, সা পুলোমা, তেন পুলোম্না তু পূর্ব্বং বৃতা পরিণেতুং মনোনীতা আসীৎ ॥১৮॥

তামিতি। তু কিন্তু, হে ভার্গব! শৌনক! পুলোময়া এব পিতা, পশ্চাৎ বিবাহ-বয়সি, তাং পুলোমাম্, শাস্ত্রবৎ শাস্ত্রানুসারেণ ভৃগবে প্রাদাৎ। তদা তদবধি, তৎ কিল্বিষং কিল্বিষজনিতং দুঃখম্, তস্য পুলোম্নো হৃদি নিত্যং বর্ত্ততি বর্ত্ততে। অতীতে বর্ত্তমানকালঃ পরস্মৈপদপ্রয়োগশ্চার্ষঃ ॥১৯॥

ভারতভাবদীপঃ

কামেন ॥১৫—১৭॥ কথং পরদারেষু কাম ইত্যত আহ, সা হীতি। বাল্যে কিল রুদতীং কন্যাং রোদননিবৃত্ত্যর্থং ভীষয়িতুং পিত্রা উক্তং "রে রে রক্ষ! এনাং গৃহাণে"তি তাবতৈব গৃহে

এদিকে পরমাসুন্দরী পুলোমাদেবী তখন সেই অতিথি রাক্ষসকে বন্য ফল-মূলাদি ভোজন করিবার জন্য নিমন্ত্রণ করিলেন ॥১৬॥

হে আশ্রমস্বামী শৌনক! কামপীড়িত সেই রাক্ষস পুলোমাদেবীকে দেখিয়া আনন্দিত হইল এবং তাঁহাকে অপহরণ করিবার ইচ্ছা করিল ॥১৭॥

পুলোমা রাক্ষস শুভলক্ষণা পুলোমাদেবীকে হরণ করিবার ইচ্ছা করিয়া আনন্দিত হইয়া, মনে মনে বলিল—'আমার কার্য্য সম্পন্ন হইয়াছে।' কারণ, পুলোমা রাক্ষস পূর্বে সেই পুলোমাদেবীকে বিবাহ করিবার জন্য মনোনীত করিয়াছিল ॥১৮॥

কিন্তু পুলোমার পিতা শেষে সেই পুলোমাকে শাস্ত্রানুসারে ভৃগুর হস্তে সমর্পণ করিয়াছিলেন। তদবধি সেই দুঃখ পুলোমা রাক্ষসের মনে সর্বদাই জাগিত ॥১৯॥

---

(১৭)···জিহীর্ষুস্তামনিন্দিতাম্।

ইদমন্তরমিত্যেবং হর্ত্তুং চক্রে মনস্তদা।
অথাগ্নিশরণেঽপশ্যজ্জ্বলন্তং জাতবেদসম্ ॥২০॥
তমপৃচ্ছত্ততো রক্ষঃ পাবকং জ্বলিতং তদা।
শংস মে কস্য ভার্য্যেয়মগ্নে! পৃচ্ছ ঋতেন বৈ ॥২১॥
মুখং ত্বমসি দেবানাং বদ পাবক! পৃচ্ছতে।
ময়া হীয়ং বৃতা পূর্ব্বং ভার্য্যার্থে বরবর্ণিনী ॥২২॥
পশ্চাদিমাং পিতা প্রাদাদ্ভৃগবেঽনৃতকারকঃ।
সেয়ং যদি বরারোহা ভৃগোর্ভার্য্যা রহোগতা ॥২৩॥

ভারতকৌমুদী

ইদমিতি। ইদমেব অন্তরং হরণাবসরঃ, ইত্যেবং বিভাব্য, পুলোমা রাক্ষসঃ, তদা, পুলোমাং হর্ত্তুং মনশ্চক্রে। অথানন্তরম্, অগ্নিশরণে হোমগৃহে, জ্বলন্তং জাতবেদসম্ অগ্নিম্, অপশ্যৎ ॥২০॥

তমিতি। ততঃ পরম্, রক্ষঃ পুলোমা রাক্ষসঃ, তদা তং জ্বলিতং পাবকম্ অগ্নিম্, অপৃচ্ছৎ। হে অগ্নে! ত্বাং পৃচ্ছে পৃচ্ছামি। আত্মনেপদমার্ষম্। ইয়ং কস্য ভার্য্যা ইতি ঋতেন সত্যেন, মে মম নিকটে শংস ব্রূহি ॥২১॥

মুখমিতি। হে পাবক! ত্বং দেবানাং মুখমসি; অতএব সত্যবাদী ত্বমিতি ভাবঃ। তেন পৃচ্ছতে মহ্যং বদ। ইয়ং বরবর্ণিনী উত্তমা স্ত্রী, ময়া হি ময়ৈব, পূর্ব্বং ভার্য্যার্থে বৃতা। তচ্চৈতস্যাঃ পিত্রা স্বীকৃতমিতি ভাবঃ ॥২২॥

পশ্চাদিতি। অতএব অনৃতকারকঃ কার্য্যত এব মিথ্যাব্যবহারী, অস্যাঃ পিতা পশ্চাদিমাং ভৃগবে প্রাদাৎ। সা ইয়ং বরারোহা সুন্দরী, রহোগতা গুপ্তভাবাশ্রিতা সতী যদ্যপি ভৃগোর্ভার্য্যা জাতেতি শেষঃ ॥২৩॥

ভারতভাবদীপঃ

সন্নিহিতেন রক্ষসা বৃতা মমেয়ং ভার্য্যেতি ভাবঃ ॥১৮—২২॥ অতএব তস্যাঃ পিতা অনৃতকারকঃ। "অনৃতকারিণে" ইতি পাঠে তু ভৃগোরেব বিশেষণম্। পরিহাসেনাপি দদামী-

'অপহরণ করিবার পক্ষে ইহাই উপযুক্ত সময়' ইহা ভাবিয়া পুলোমা রাক্ষস তখন পুলোমাদেবীকে অপহরণ করিবার ইচ্ছা করিল; পরে হোমগৃহে প্রজ্বলিত অগ্নি দেখিতে পাইল ॥২০॥

তাহার পর, পুলোমা রাক্ষস তখন সেই প্রজ্বলিত অগ্নিকে জিজ্ঞাসা করিল, "অগ্নি! আমি তোমাকে জিজ্ঞাসা করিতেছি, ইনি কাহার ভার্য্যা, তাহা তুমি আমাকে সত্য করিয়া বল ॥২১॥

অগ্নি! তুমি দেবগণের মুখ; অতএব আমার প্রশ্নের উত্তর দাও। এই বরবর্ণিনীকে আমিই পূর্ব্বে ভার্য্যার্থে বরণ করিয়াছিলাম ॥২২॥

---

(২৩)···অনৃতকারিণে···।

তথা সত্যং সমাখ্যাহি জিহীর্ষাম্যাশ্রমাদিমাম্।
স মন্যুস্তত্র হৃদয়ং প্রদহন্নিব তিষ্ঠতি ॥২৪॥
মৎপূর্ব্বভার্য্যাং যদিমাং ভৃগুরাপ সুমধ্যমাম্।
অসম্মতমিদং মেঽদ্য হরিষ্যাম্যাশ্রমাদিমাম্ ॥২৫॥

সৌতিরুবাচ।

এবং রক্ষস্তমামন্ত্র্য জ্বলিতং জাতবেদসম্।
শঙ্কমানং ভৃগোর্ভার্য্যাং পুনঃ পুনরপৃচ্ছত ॥২৬॥
ত্বমগ্নে! সর্ব্বভূতানামন্তশ্চরসি নিত্যদা।
সাক্ষিবৎ পুণ্যপাপেষু সত্যং ব্রূহি কবে! বচঃ ॥২৭॥

ভারতকৌমুদী

তথেতি। তথা তথাপি, সত্যং সমাখ্যাহি কস্যেয়ং ভার্য্যেতি যথার্থং ব্রূহি; ত্বন্মতে যদি ন্যায়তো মম ভার্য্যা স্যাত্তদা ইমাম্ আশ্রমাৎ জিহীর্ষামি হর্ত্তুমিচ্ছামি। যেন হি তত্র বিষয়ে স মন্যুর্দৈন্যং মম হৃদয়ং প্রদহন্নিব তিষ্ঠতি ॥২৪॥

মদিতি। ভৃগুঃ, সুমধ্যমাং সুন্দরকটিদেশাম্, মমৈব পূর্ব্বং ভার্য্যা মৎপূর্ব্বভার্য্যা তাম্, ময়ূরব্যংসকাদিত্বাৎ সমাসঃ, ইমাং যৎ প্রাপ জগ্রাহ; ইদং মে অসম্মতম্। অতএব অদ্য ইমাম্ আশ্রমাৎ হরিষ্যামি ॥২৫॥

এবমিতি। রক্ষঃ পুলোমা রাক্ষসঃ, এবমনেন প্রকারেণ, জ্বলিতং তং জাতবেদসম্ অগ্নিম্ আমন্ত্র্য সম্বোধ্য, ভৃগোর্ভার্য্যাং শঙ্কমানং পূর্ব্ববরণান্মম ভার্য্যা, যথাবিধিগ্রহণাদ্ভৃগো-র্ভার্য্যা বা ইতি সন্দিহানং সৎ, পুনঃ পুনঃ অপৃচ্ছত ॥২৬॥

ভারতভাবদীপঃ

ত্যক্ত্বা ন দত্তং চেদ্দোষো ভবতীতি ভাবঃ। বরারোহা শ্রেষ্ঠনিতম্বা ॥২৩—২৫॥ শঙ্কমানং ছলবচনেন পূর্ব্বং মহ্যং দত্ত্বা, পশ্চাদ্বিধিপূর্ব্বকং ভৃগবে দত্ত্বা, অতো মম বা ইয়ং ভৃগোর্ব্বেতি

তাহার পর, ইঁহার পিতা মিথ্যার আশ্রয় লইয়া, ইঁহাকে ভৃগুর হস্তে সমর্পণ করিয়াছেন। তাহাতে ইনি যদি গোপনে ভৃগুর ভার্য্যা হইয়াও থাকেন ॥২৩॥

তথাপি তুমি সত্য বল (যে, ইনি ন্যায়তঃ আমারই ভার্য্যা হন কিনা, যদি তাহাই হন, তবে) আমি ইঁহাকে এই আশ্রম হইতে হরণ করিতে ইচ্ছা করি। কেন না, সে দুঃখ আমার হৃদয় দগ্ধ করতই যেন রহিয়াছে ॥২৪॥

এই সুন্দরী পূর্বে আমারই ভার্য্যা হইবেন বলিয়া স্থির ছিল, তাহাতে ভৃগু যে ইঁহাকে গ্রহণ করিয়াছেন, তাহা তিনি আমার অসম্মত কার্য্য করিয়াছেন; সুতরাং আজ আমি ইঁহাকে এই আশ্রম হইতে হরণ করিব ॥২৫॥

'পুলোমাদেবী ন্যায়তঃ ভৃগুর ভার্য্যাই হন কিনা' এই সন্দেহ করিয়া পুলোমা রাক্ষস এইভাবে সেই প্রজ্বলিত অগ্নিকে সম্বোধন করিয়া, বার বার জিজ্ঞাসা করিতে লাগিল ॥২৬॥

মৎপূর্ব্বভার্য্যাপহৃতা ভৃগুণাঽনৃতকারিণা।
সেয়ং যদি তথা মে ত্বং সত্যমাখ্যাতুমর্হসি ॥২৮॥
শ্রুত্বা ত্বত্তো ভৃগোর্ভার্য্যাং হরিষ্যাম্যাশ্রমাদিমাম্।
জাতবেদঃ! পশ্যতস্তে বদ সত্যাং গিরং মম ॥২৯॥
সৌতিরুবাচ। *
তস্যৈতদ্বচনং শ্রুত্বা সপ্তার্চ্চির্দুঃখিতো ভৃশম্।
ভীতোঽনৃতাচ্চ শাপাচ্চ ভৃগোরিত্যব্রবীচ্ছনৈঃ ॥৩০॥

ভারতকৌমুদী

ত্বমিতি। হে অগ্নে! ত্বং সর্ব্বভূতানাম্ অন্তরন্তরে নিত্যদা সর্ব্বদা চরসি; সর্ব্বভূতানাং পুণ্যাপাপেষু চ সাক্ষিবৎ সাক্ষাদ্রষ্টৃবৎ তিষ্ঠসীতি শেষঃ। অতএব হে কবে! সর্ব্বজ্ঞ! সত্যং বচো ব্রূহি ॥২৭॥

মদিতি। অনৃতকারিণা পরপূর্ব্বভার্য্যাগ্রহণাদেব মিথ্যাব্যবহারিণা ভৃগুণা, ইয়ং মৎপূর্ব্বভার্য্যা অপহৃতা। সেয়ং পুলোমা যদি তথা মৎপূর্বভার্য্যৈব স্যাৎ, তদা ত্বং মে তৎ সত্যমাখ্যাতুং বক্তুমর্হসি ॥২৮॥

শ্রুত্বেতি। ত্বত্তস্তব সকাশাৎ, তৎ সত্যং শ্রুত্বা, পশ্যতস্তে পশ্যন্তং ত্বামনাদৃত্য, ইমাং ভৃগোর্ভার্য্যাম্, আশ্রমাৎ হরিষ্যামি। অতএব হে জাতবেদঃ! অগ্নে! ত্বং মম সমীপে সত্যাং গিরং বাচং বদ ॥২৯॥

ভারতভাবদীপঃ

সন্দিহানম্ ॥২৬॥ কবে! সর্ব্বজ্ঞ! ॥২৭॥ যদি তথেতি; মৎপূর্ব্বা সা চেদ্ভৃগুশ্চানৃতকারী চেত্তর্হি সত্যং ব্রূহি ॥২৮—২৯॥ ভৃগোরিত্যুক্তে অনৃতম্, পূর্বং রক্ষঃ, পরিগ্রহস্ত্বাত্তস্যাঃ। রক্ষস

অগ্নি! তুমি সমস্ত প্রাণীর অন্তরে সর্ব্বদাই বিচরণ করিয়া থাক এবং তাহাদের পাপ-পুণ্যের সাক্ষীর মতই আছ; অতএব হে সর্ব্বজ্ঞ! তুমি আমাকে সত্য কথা বল ॥২৭॥

ভৃগু মিথ্যার আশ্রয় লইয়া আমার পূর্ব্ববৃত ভার্য্যাকে গ্রহণ করিয়াছে; ইনি যদি আমার পূর্ব্ববৃত ভার্য্যাই হন, তবে তুমি সে সত্য কথা আমাকে বলিতে পার ॥২৮॥

আমি তোমার নিকট সেই সত্য কথা শুনিয়া তোমার সাক্ষাতেই এই ভৃগুর ভার্য্যাকে আশ্রম হইতে হরণ করিব। অতএব অগ্নি! আমার নিকট সত্য কথা বল' ॥২৯॥

* শ্রীসূত উবাচ। (৩০)...দুঃখিতোঽভবৎ। "সত্যং বদামি যদি মে শাপঃ স্যাদ্ব্রহ্মবিত্তমাৎ। অসত্যং চেদহং ব্রূয়াং পতিষ্যে নরকান্ ধ্রুবম্॥" ইত্যধিকঃ শ্লোকঃ ক্বচিৎ।

অগ্নিরুবাচ ।

ত্বয়া বৃতা পুলোমেয়ং পূর্ব্বং দানবনন্দন ! ।
কিং ত্বিয়ং বিধিনা পূর্ব্বং মন্ত্রবন্ন বৃতা ত্বয়া ॥৩১॥
পিত্রা তু ভৃগবে দত্তা পুলোমেয়ং যশস্বিনী ।
দদাতি ন পিতা তুভ্যং বরলোভান্মহাযশাঃ ॥৩২॥
অথৈনাং বেদদৃষ্টেন বিধিনা ক্রমপূর্ব্বকম্ ।
ভার্য্যামৃষির্ভৃগুঃ প্রাপ মাং পুরস্কৃত্য দানব ! ॥৩৩॥
সেয়মিত্যবগচ্ছামি নানৃতং বক্তুমুৎসহে ।
নানৃতং হি সদা লোকে পূজ্যতে দানবোত্তম ! ॥৩৪॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাদিপর্ব্বণি পৌলোমে পুলোমাগ্নিসংবাদো নাম পঞ্চমোঽধ্যায়ঃ ॥০॥

ভারতকৌমুদী

তস্যেতি। সপ্তার্চ্চিঃ অগ্নিঃ তস্য পুলোম্নো রাক্ষসস্য, এতৎ বচনং শ্রুত্বা, ভৃশমত্যন্তম্, দুঃখিতঃ অভবদিতি শেষঃ। কুত ইত্যাহ—অনৃতাৎ ভৃগোরেব ভার্য্যা ইত্যুক্তৌ মিথ্যাবাদাৎ, তবৈব ভার্য্যা ইত্যুক্তৌ চ ভৃগোঃ শাপাৎ, ভীতঃ সন্, শনৈর্মন্দং মন্দম্, ইতি অব্রবীৎ ॥৩০॥

ত্বয়েতি। হে দানবনন্দন! ত্বয়া ইয়ং পুলোমা পূর্ব্বং বৃতা পিতুরঙ্গীকারসহকৃতা-দাত্মাঙ্গীকারাৎ পরিণেতুং মনোনীতা। অতস্তবৈবেয়ং ভার্য্যেতি ভাবঃ। কিন্তু ত্বয়া ইয়ং বিধিনা মন্ত্রবৎ পূর্ব্বং ন বৃতা ন গৃহীতা ॥৩১॥

পিত্রেতি। পিত্রা তু ইয়ং যশস্বিনী পুলোমা ভৃগবে দত্তা। কিন্তু মহাযশা অসৌ পিতা ভৃগুত এব বরলাভাৎ, তুভ্যং ন দদাতি স্ম ॥৩২॥

অথেতি। হে দানব! অথ তদ্দানানন্তরম্, ভৃগুঃ ঋষিঃ, বেদদৃষ্টেন বিধিনা বিধানেন, মাম্ অগ্নিং পুরস্কৃত্য, ক্রমপূর্ব্বকং শাস্ত্রোক্তক্রমপ্রযুক্তম্, এনাং পুলোমাং ভার্য্যাং প্রাপ ॥৩৩॥

সৌতি বলিলেন—অগ্নি পুলোমা রাক্ষসের এই কথা শুনিয়া অত্যন্ত দুঃখিত হইলেন এবং মিথ্যা কথার ভয়ে ও ভৃগুর শাপের ভয়ে ভীত হইয়া, আস্তে আস্তে এইরূপ বলিতে লাগিলেন ॥৩০॥

অগ্নি বলিলেন—'হে দানবনন্দন! তুমিই পূর্ব্বে এই পুলোমাকে বরণ করিয়াছিলে; কিন্তু তুমি যথাবিধানে মন্ত্রপাঠপূর্ব্বক বরণ কর নাই ॥৩১॥

কিন্তু পুলোমার পিতা এই পুলোমাকে ভৃগুর হস্তেই সমর্পণ করিয়াছেন, তিনি ভৃগুর নিকট বর লাভ করিবার আশায় তোমার হস্তে সমর্পণ করেন নাই ॥৩২॥

হে দানব! তাহার পর মহর্ষি ভৃগু বেদদৃষ্ট বিধান অনুসারে যথানিয়মে আমাকে (অগ্নিকে) সম্মুখে রাখিয়া, ইহাকে ভার্য্যারূপে গ্রহণ করিয়াছেন ॥৩৩॥

ষষ্ঠোঽধ্যায়ঃ।

—:*:—

সৌতিরুবাচ

অগ্নেরথ বচঃ শ্রুত্বা তদ্রক্ষঃ প্রজহার তাম্।
ব্রহ্মন্! বরাহরূপেণ মনোমারুতরংহসা ॥১॥
ততঃ স গর্ভো নিবসন্ কুক্ষৌ ভৃগুকুলোদ্বহ!।
রোষান্মাতুশ্চ্যুতঃ কুক্ষেশ্চ্যবনস্তেন সোঽভবৎ ॥২॥

ভারতকৌমুদী

সেতি। ইয়ং পুলোমা সা তাদৃশী ত্বয়া পূর্ব্বং বৃতা ভৃগুণা তু যথাবিধি গৃহীতেত্যর্থঃ, ইতি অবগচ্ছামি, অনৃতং মিথ্যা বক্তুং নোৎসহে ন শক্নোমি। হে দানবোত্তম! লোকে সদা অনৃতং মিথ্যা নহি পূজ্যতে ॥৩৪॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামাদিপর্ব্বণি পৌলোমে পঞ্চমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

অগ্নেরিতি। হে ব্রহ্মন্! ব্রাহ্মণ! শৌনক! তৎ রক্ষঃ স পুলোমা রাক্ষসঃ অগ্নেঃ পূর্ব্বোক্তরূপং বচঃ শ্রুত্বা, অথ অনন্তরম্, মনো হৃদয়ং মারুতো বায়ুশ্চ তয়োরিব রংহো বেগো যস্য তেন তাদৃশেন, বরাহরূপেণ, তাং পুলোমাম্, প্রজহার অপজহার ॥১॥

ভারতভাবদীপঃ

ইত্যুক্তে ভৃগুতঃ শাপভয়ম্ ॥৩০—৩৩॥ সেয়মিতি। যা ত্বয়া পূর্ব্বং বৃতা সেয়ম্, ত্বদারৈবেয়-মিত্যর্থঃ ॥৩৪॥

ইতি শ্রীমহাভারতে নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে আদিপর্ব্বণি পঞ্চমোঽধ্যায়ঃ ॥৫॥

—:*:—

ছলবচনাৎ বৈধ এব বিধিঃ শ্রেয়ান্। তয়োঃ সাম্যং পশ্যন্নগ্নিঃ শাপং প্রাপ; আতস্ত

'ইনি সেই পুলোমা' ইহাই আমি জানি; মিথ্যা কথা বলিতে পারিব না। কেন না, হে দানবশ্রেষ্ঠ! জগতে মিথ্যা কথার সম্মান কেহই করে না' ॥৩৪॥

—:*:—

সৌতি বলিলেন—হে মহর্ষি শৌনক! পুলোমা রাক্ষস অগ্নির বাক্য শুনিয়া, মন ও বায়ুর তুল্য বেগবান্ বরাহরূপে পুলোমাদেবীকে অপহরণ করিয়া নিয়া চলিল ॥১॥

তং দৃষ্ট্বা মাতুরুদরাচ্চ্যুতমাদিত্যবর্চ্চসম্।
তদ্রক্ষো ভস্মসাদ্ভূতং পপাত পরিমুচ্য তাম্ ॥৩॥
সা তমাদায় সুশ্রোণী সসার ভৃগুনন্দন !।
চ্যবনং ভার্গবং পুত্রং পুলোমা দুঃখমূর্চ্ছিতা ॥৪॥
তাং দদর্শ ততো ব্রহ্মা সর্ব্বলোকপিতামহঃ।
রুদতীং বাষ্পপূর্ণাক্ষীং ভৃগোর্ভার্য্যামনিন্দিতাম্ ॥৫॥
সান্ত্বয়ামাস ভগবান্ বধূং ব্রহ্মা পিতামহঃ।
অশ্রুবিন্দূদ্ভবা তস্যাঃ প্রাবর্ত্তত মহানদী ॥৬॥

ভারতকৌমুদী

তত ইতি। হে ভৃগুকুলোদ্বহ! শৌনক! ততঃ কুক্ষৌ মাতুরুদরে নিবসন্ স গর্ভঃ, রোষাৎ মাতুঃ কুক্ষেরুদরাৎ চ্যুতঃ পতিতঃ। তেন হেতুনা, স বালকঃ, চ্যবত ইতি যোগাৎ চ্যবনো নামাভবৎ ॥২॥

তমিতি। তৎ রক্ষঃ স পুলোমা রাক্ষসঃ; মাতুঃ উদরাৎ চ্যুতম্, আদিত্যস্য সূর্য্যস্যেব বর্চ্চস্তেজো যস্য তম্, তং বালকং দৃষ্ট্বা, ভস্মসাদ্ভূতং সৎ, তাং পুলোমাম্, পরিমুচ্য বিহায় ভূমৌ পপাত ॥৩॥

সেতি। হে ভৃগুনন্দন! শৌনক! সুশ্রোণী সুন্দরনিতম্বা, দুঃখেন মূর্চ্ছিতা বিহ্বলা, সা পুলোমা, ভৃগোরয়মিতি ভার্গবস্তং পুত্রং তং চ্যবনম্, আদায় সসার স্বাশ্রমং প্রতি চচাল ॥৪॥

তামিতি। ততঃ সর্বেষামেব লোকানাং পিতামহস্তৎসমান এব মাননীয়ো ব্রহ্মা, রুদতীম্ অতএব বাষ্পপূর্ণাক্ষীম্ অনিন্দিতাং সর্বাঙ্গসুন্দরীং তাং ভৃগোর্ভার্য্যাং দদর্শ ॥৫॥

সান্ত্বয়ামাসেতি। ভগবান্ পিতামহো ব্রহ্মা বধূং পুত্রবধূং তাং পুলোমাম্, সান্ত্বয়ামাস। তস্যাঃ পুলোমায়া অশ্রুবিন্দূদ্ভবা কাচিন্মহানদী প্রাবর্ত্তত সঞ্জাতা ॥৬॥

ভারতভাবদীপঃ

প্রাবল্যং মন্বানো রাক্ষসো নাশঙ্ক প্রাপেতি ষষ্ঠাধ্যায়তাৎপর্য্যম্। অগ্নেরথেতি ॥১॥ তেন

হে ভৃগুনন্দন! তাহার পর, মাতার উদরস্থিত সেই গর্ভটী ক্রোধে সেখান হইতে নির্গত হইল; এই জন্যই সেই বালক 'চ্যবন' নামে প্রসিদ্ধ হইল ॥২॥

মাতার উদর হইতে নির্গত, সূর্য্যতুল্য তেজীয়ান্ সেই বালকটীকে দেখিয়া পুলোমা রাক্ষস ভস্মীভূত হইল এবং পুলোমাদেবীকে পরিত্যাগ করিয়া ভূতলে পড়িয়া গেল ॥৩॥

হে ভৃগুনন্দন! শৌনক! তাহার পর, সুন্দরনিতম্বা, দুঃখবিহ্বলা পুলোমাদেবী ভৃগুর পুত্র সেই চ্যবনকে লইয়া আশ্রমের দিকে চলিলেন ॥৪॥

তাহার পর, সমস্ত জগতের পিতামহতুল্য মাননীয় ব্রহ্মা দেখিলেন—অনিন্দ্যসুন্দরী পুলোমাদেবী রোদন করিতেছেন, তাহাতে তাঁহার অশ্রুজলে নয়নযুগল প্লাবিত হইতেছে ॥৫॥

অনুবর্ত্মাশ্রিতা তস্যা ভৃগোঃ পত্ন্যাস্তপস্বিনঃ।
তস্যা মার্গং সৃতবতীং দৃষ্ট্বা তু সরিতং তদা ॥৭॥
নাম তস্যাস্তদা নদ্যাশ্চক্রে লোকপিতামহঃ।
বধূসরেতি ভগবাংশ্চ্যবনস্যাশ্রমং প্রতি ॥৮॥ (যুগ্মকম্)
স এবং চ্যবনো জজ্ঞে ভৃগোঃ পুত্রঃ প্রতাপবান্।
তং দদর্শ পিতা তত্র চ্যবনং তাং চ ভামিনীম্।
স পুলোমাং ততো ভার্য্যাং পপ্রচ্ছ কুপিতো ভৃগুঃ ॥৯॥

ভৃগুরুবাচ।

কেনাসি রক্ষসে তস্মৈ কথিতা ত্বং জিহীর্ষবে।
ন হি ত্বাং বেদ তদ্রক্ষো মদ্ভার্য্যাং চারুহাসিনীম্ ॥১০॥

ভারতকৌমুদী

কৃত্র প্রাবর্ত্ততেত্যাহ অন্বিতি। তপস্বিনো ভৃগোস্তস্যাঃ পত্ন্যা আশ্রমং প্রতি গচ্ছন্ত্যাঃ পুলোমায়াঃ, অনুবর্ত্ম পশ্চাদ্বর্ত্তিনং পন্থানম্ আশ্রিতা। তদা ভগবান্ লোকপিতামহো ব্রহ্মা, সরিতং তাং নদীম্, চ্যবনস্য তৎপিতুর্ভৃগোরাশ্রমং প্রতি গচ্ছন্ত্যাঃ তস্যাঃ পুলোমায়াঃ মার্গং পন্থানম্, সৃতবতীং গতবতীম্, দৃষ্ট্বা, তদা তস্যা নদ্যাঃ, 'বধূসরা' ইতি নাম চক্রে কৃতবান্; বধূং পুত্রবধূং পুলোমাং সরতি অনুগচ্ছতীতি যোগাদিতি ভাবঃ ॥৭—৮॥

